# সকল বোর্ডের শীর্ষস্থানীয় স্কুলসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

wel q ^KW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব 'ন' টেলিভিশনে হজের অনুষ্ঠান দেখছিল। আরাফাতের ময়দানের লক্ষ লক্ষ মানুষের মহাসমাবেশের চিত্র দেখে সে চিন্তা করতে থাকে, মৃত্যুর পরে আমাদেরকে অনুরূপ এক মহাসমাবেশে উপস্থিত হতে হবে। তার ভাই 'ত' স্কুলে পড়াকালীন সময়ে তার স্কুলে একটি বিশেষ বিষয় অধ্যয়নের মাধ্যমে মহান স্রষ্টা ও সৃষ্টিকুলের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালনের নিয়ম শিখেছে। আজ সে বড় ব্যবসায়ী হয়ে উপলব্ধি করছে; যদি সে উক্ত বিষয়টি পড়ার সুযোগ না পেত, তাহলে সে বিভিন্ন অন্যায় ও অনৈতিক কাজে জড়িয়ে পড়ত।

ক. তাওহিদ-এর পরিচয় দাও। ১
খ. ইমান ও ইসলামের সম্পর্ক বুঝিয়ে লেখ। ২
গ. জনাব 'ন'-এর ভাবনায় আখিরাতের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ত'-এর উপলব্ধির সাথে তুমি কি একমত? বিষয়টি চিহ্নিত করে তোমার মতামতের পক্ষে যৌক্তিক ব্যাখ্যা দাও। ৪

২ ▸ চিত্র-১ : দুজন সহপাঠীর মধ্যে কথা হচ্ছিল। একজন বলল, আমাদের একটু কাজ করলেই বিশ্রাম নিতে হয়। বিশ্রাম আমাদের জীবনের অপরিহার্য অঙ্গ। তাহলে যিনি আমাদেরকে সৃষ্টি করেছেন তাঁর কি কোনো ঘুম, নিদ্রা নেই? অপর বন্ধু বলল, না। কোনো তন্দ্রা বা নিদ্রা তাঁকে স্পর্শ করে না। তিনি চিরস্থায়ী ও চিরঞ্জীব।
চিত্র-২ : জনাব 'ক' একজন ব্যবসায়ী। গত ঈদে তিনি বাজারের সবচেয়ে দামি গরু ক্রয় করেন। তার পীর বাবার নামে নিজ হাতে কুরবানির পশুটি জবাই করেন। কারণ অন্য কারও হাতে জবাই করালে তারা হয়তো তার পীর বাবার নামে জবাই দেবে না। বিষয়টি জেনে স্থানীয় ইমাম সাহেব জনাব 'ক'-এর উদ্দেশে বলেন, "আপনি এমন এক অপরাধ করেছেন যা আল্লাহ তায়ালা ক্ষমা করবেন না।"

ক. আখিরাত কাকে বলে? ১
খ. প্রত্যেক সম্প্রদায়ের জন্য পথপ্রদর্শক রয়েছে– বুঝিয়ে লেখ। ২
গ. চিত্র-১-এর আলোচনায় তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'ক'-এর কর্মকাণ্ড চিহ্নিত করে ইমাম সাহেবের বক্তব্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ 'ন' মৃত্যুর পরের হিসাব-নিকাশ সম্পর্কে ভাবতে গিয়ে বেশ কয়েকটি প্রশ্নোত্তর ভালোভাবে শিখে রাখে এবং মনে করে মৃত্যুর পরে একটা নির্দিষ্ট সময়ে যখনই তাকে এ ধরনের প্রশ্ন করা হবে সে তাৎক্ষণিক প্রশ্নগুলোর উত্তর দিয়ে দিতে পারবে। তার পিতা বিষয়টি অবগত হয়ে বলেন, শুধু প্রশ্নগুলোর উত্তর মুখস্থ করলে হবে না। অনন্তকালের মুক্তি ও সফলতার জন্য তোমার জীবনের প্রত্যেকটি দিক ও বিভাগে গুনাহমুক্ত থেকে সৎ ও আদর্শিক জীবনযাপন করতে হবে। আল্লাহর ভয়কে হৃদয়ে সদা জাগরূক রেখে প্রত্যেকটা কাজ করতে হবে।

ক. কিয়াস কাকে বলে? ১
খ. হে মানবজাতি! তোমরা পৃথিবীর হালাল ও পবিত্র বস্তু আহার কর –বুঝিয়ে লেখ। ২
গ. 'ন'-এর কাজের মাধ্যমে পরকালের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পিতার বক্তব্যে কিসের প্রতি বিশ্বাসের বাস্তব চিত্র ফুটে উঠেছে? তা চিহ্নিতপূর্বক এর গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৪ ▸ তথ্য-১ : রাসুলুল্লাহ (স.) বলেন, "পবিত্রতা ইমানের অর্ধেক।" (মুসলিম)
তথ্য-২ : জনাব 'গ' একজন ধনী ব্যক্তি। ছোট ভাই মারা যাওয়ার পর তিনি তার এতিম ভাতিজার দেখাশোনা করেন। তাকে খাবার দাবার দিতে কার্পণ্য করেন না। তার প্রতিবেশী 'হ'-এর ঘরে রান্নার সকল সামগ্রী থাকলেও একটুখানি লবণের অভাবে তিনি রান্না করতে পারছিলেন না। তাই তিনি 'গ-এর কাছে সামান্য লবণ চাইলে জনাব 'গ' তিনি তা সানন্দচিত্তে দিয়ে দেন।

ক. মক্কি সূরা কাকে বলে? ১
খ. "সুন্নাহ হলো আল-কুরআনের ব্যাখ্যাস্বরূপ"– ব্যাখ্যা কর। ২
গ. তথ্য-১-এ বর্ণিত রাসুলুল্লাহ (স.)-এর হাদিসটি কোন প্রকার হাদিসের অন্তর্ভুক্ত – ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'গ'-এর কাজে কোনো একটি সূরার শিক্ষা প্রতিফলিত হয়েছে কি? সংশ্লিষ্ট সূরাটি উল্লেখপূর্বক পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫ ▸ 'ফ' দশম শ্রেণির ছাত্র। পড়ালেখায় সে খুবই মনোযোগী। পাঁচ ওয়াক্ত নামায মসজিদে জামাতের সাথে আদায় করে। তাদের মসজিদের পাশে নির্মিত সকলের বাড়ি সুন্দর ও আরামদায়ক হলেও মসজিদের অবস্থা জরাজীর্ণ। 'ফ'-এর স্বপ্ন সে বড় হয়ে প্রতিষ্ঠিত হলে এখানে সুন্দর মসজিদ নির্মাণ করবে, যাতে মুসল্লিরা শান্তিতে নামায আদায় করতে পারে। তার বড় ভাই জনাব 'র' বর্ষাকালে বাড়ির আশপাশে প্রচুর গাছপালা লাগান; এমনকি রাস্তার দুই পাশেও ফলের গাছ লাগান। পথচারী ও পশুপাখিরা এ ফল খায়। মসজিদের ইমাম সাহেব তাকে বলেন, "তোমার এ কাজ প্রকৃতির ভারসাম্য রক্ষায় বিশেষ ভূমিকা পালন করবে।"

ক. ফরজে আইন কাকে বলে? ১
খ. ইজমা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. 'ফ'-এর মনোবাসনায় কোন হাদিসের শিক্ষা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মসজিদের ইমাম সাহেবের বক্তব্যের সাথে তুমি কি একমত? 'র'-এর কর্মকাণ্ড চিহ্নিতপূর্বক সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬ ▸ জনাব 'চ' একজন শিল্পপতি। তিনি কারখানার কর্মচারীদের মাসিক বেতন প্রতি মাসে না দিয়ে তিন থেকে চার মাস পর পরিশোধ করেন। এ সময় তিনি বেতনের টাকা অন্যত্র বিনিয়োগ করেন। ফলে কর্মচারীদের মাঝে অসন্তোষ লেগেই থাকে এবং উৎপাদনও আশানুরুপ হয় না। অপরদিকে, তার বড় ভাই জনাব 'ল' এ বছর একটি বিশেষ ইবাদত পালন করেন। তিনি পৃথিবীর প্রথম ঘর প্রদক্ষিণ ও বিশেষ দুটি প্রান্তরে অবস্থানসহ নির্দিষ্ট কার্যাবলি সম্পাদন করেন। পৃথিবীর বিভিন্ন ভাষার লোকদের সাথে মিলিত হওয়ার কারণে তার মাঝে বিশ্বভ্রাতৃত্বের চেতনা জাগ্রত হয়।

ক. ইলম কাকে বলে? ১
খ. 'যাকাত হলো ইসলামের সেতুবন্ধ'– বুঝিয়ে লেখ। ২
গ. জনাব 'চ'-এর কর্মকাণ্ডে কার নির্দেশ লঙ্ঘিত হয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'ল' কর্তৃক পালনকৃত ইবাদতটি চিহ্নিতপূর্বক ভ্রাতৃত্ববোধের অনুশীলনে এর গুরুত্ব বর্ণনা কর। ৪

৭ ▸ জনাব 'ম' এমন একটি ইবাদত পালন করলেন, যা ইমান ও কুফরের মধ্যে পার্থক্য সৃষ্টিকারী। এ ইবাদতটি এককভাবে পালন করার চেয়ে জামাতের সাথে আদায় করলে সাতাশগুণ বেশি সওয়াব পাওয়া যায়। তার বড় বোন 'স'-এর নিকট থাকা স্বর্ণের অলংকারের বাজারমূল্য ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা থেকে ২৪,০০০/= (চব্বিশ হাজার) টাকা এলাকার অসহায় ও দরিদ্র মানুষদের মাঝে বিতরণ করেন।

ক. ইবাদত কাকে বলে? ১
খ. বান্দার হকের বর্ণনা দাও। ২
গ. জনাব 'ম' কোন ইবাদতটি পালন করেছেন? ব্যাখ্যা কর ৩
ঘ. 'স' যে ইবাদতটি আদায় করেছেন তা চিহ্নিত করে তিনি উক্ত ইবাদতটি সঠিকভাবে পালন করেছেন কিনা তা নির্ণয় কর। ৪

৮ ▸ জনাব আব্দুল্লাহ হজ করতে সৌদি আরবে গমন করেন। যাওয়ার সময় তিনি তার ভাই 'খ'-এর নিকট বেশকিছু নগদ টাকা ও মূল্যবান সামগ্রী রেখে যান। হজ থেকে ফিরে এসে তিনি এ সম্পদ ফেরত চাইলে তার ভাই তা দিতে অস্বীকার করে। অপরদিকে, জনাব 'দ' একজন প্রবীণ শিক্ষক ও দীনদার ব্যক্তি। একদিন এক বন্ধু এসে তাকে জিজ্ঞেস করেন, বন্ধু তুমি কি কখনো মিথ্যা বল না? তিনি আশ্চর্য হয়ে বলেন, আমার ওপর এমন কী মহাবিপর্যয় এসেছে যে, আমাকে মিথ্যা বলতে হবে। বন্ধু তখন মন্তব্য করেন, এ বিষয়টি তোমাকে কিয়ামতের দিন বিশেষ উপকার দেবে।

ক. গিবত কাকে বলে? ১
খ. নাহি আনিল মুনকার বলতে কী বোঝ? ২
গ. 'খ'-এর কাজটি আখলাকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'দ'-এর কর্মকাণ্ডে আখলাকের কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? বন্ধুর মন্তব্যের যথার্থতা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব 'এক্স' বাংলাদেশের নামকরা বিশ্ববিদ্যালয়ের সেরা ছাত্র। তিনি উচ্চতর ডিগ্রি লাভের জন্য সরকারি বৃত্তি পেয়ে আমেরিকায় গমন করেন। সেখানেও তিনি সর্বোচ্চ ফলাফল করে উক্ত দেশের রাষ্ট্রপতির কাছ থেকে স্বর্ণপদক লাভ করেন। আমেরিকার বিশ্ববিদ্যালয়ে তাকে নিয়োগ দিতে চাইলে তিনি তাতে রাজি না হয়ে বাংলাদেশে ফিরে আসেন ও শিক্ষকতায় নিয়োজিত হন। অপরদিকে, তার বন্ধু জনাব 'হ' একটি কোম্পানিতে চাকরি করেন। সময়মতো অফিসে উপস্থিত হন না। কর্তৃপক্ষ কোনো কাজ দিলে তা সঠিকভাবে পালন করেন না। বিভিন্ন অজুহাত দিয়ে কর্তব্য এড়িয়ে যেতে চান। কোম্পানির প্রধান নির্বাহী একদিন তাকে বলেন, "আমাদের প্রত্যেককেই দায়িত্বের ব্যাপারে জিজ্ঞাসা করা হবে।"

ক. আখলাকে হামিদাহ কাকে বলে? ১
খ. 'লজ্জাশীলতা ইমানের একটি শাখা'– হাদিসটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব 'এক্স'-এর কর্মকাণ্ডে আখলাকে হামিদার কোন বৈশিষ্ট্যটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'হ'-এর কর্মকাণ্ডে আখলাকে হামিদার যে বৈশিষ্ট্যটি অনুপস্থিত সেটি উল্লেখপূর্বক তার কর্মের কুফল বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব 'ব' এক উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি অত্যন্ত দায়িত্বশীলতার সাথে অফিসের কাজ সমাধা করেন। অননুমোদিত একটি কোম্পানির অফিসার তাদের কাজ করিয়ে দেওয়ার জন্য জনাব 'ব' কে একটি অ্যাপার্টমেন্ট গিফট করতে চাইলে একক সত্তার কাছে জবাবদিহিতার কথা ভেবে তিনি তা নিতে অস্বীকার করেন। অপরদিকে, জনাব 'জ' তার সহকর্মী জনাব 'হ'-এর পদোন্নতির খবর শুনে খুবই মর্মাহত হন। তিনি 'হ' সাহেবের ক্ষতির জন্য সকল প্রকার কৌশল অবলম্বন করেন। ব্যাপারটি ঊর্ধ্বতন কর্মকর্তা অবগত হয়ে জনাব 'জ' কে বলেন, এ কাজের মাধ্যমে আপনি কোম্পানির ঐক্য, সংহতি ও শান্তিশৃঙ্খলা বিনষ্ট করেছেন।

ক. ভ্রাতৃত্ববোধ কাকে বলে? ১
খ. 'গিবতের পাপ অত্যন্ত ভয়াবহ' –কথাটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব 'ব'-এর কর্মকাণ্ডে আখলাকে হামিদার কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঊর্ধ্বতন কর্মকর্তার বক্তব্যের সাথে তুমি কি একমত? জনাব 'জ'-এর কর্মকাণ্ড আখলাকের আলোকে চিহ্নিত করে এর কুফল বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব রাশেদ সমাজে বেশ আদর্শবান লোক হিসেবে পরিচিত। একটি মসজিদ প্রতিষ্ঠা নিয়ে এলাকার লোকদের মধ্যে বিরোধ দেখা দেয়। অনিবার্য সংঘাত থেকে মুক্তি দিতে রাশেদ সাহেব বিবদমান গ্রুপের মাঝে শান্তিপূর্ণভাবে মীমাংসা করে দেন। রাশেদ সাহেবের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব 'হ'। চেয়ারম্যান সাহেব এলাকার লোকদের কারও কোনো সমস্যা আছে কিনা তা জানার জন্য রাতের বেলা ঘুরে বেড়ান। কারও বাসায় কান্নার আওয়াজ শুনলে তিনি নিজেই তা সমাধান করার জন্য চেষ্টা করেন। সম্প্রতি ইউনিয়ন পরিষদের জন্য ফার্নিচার কেনা হলে তিনি বেশকিছু ফার্নিচার পরিষদে না দিয়ে নিজের বাসায় নিয়ে যান।

ক. মদিনা সনদ কাকে বলে? ১
খ. কাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. রাশেদ সাহেবের কর্মকাণ্ডে রাসুলুল্লাহ (স.)-এর যে গুণটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, জনাব 'হ'-এর কর্মকাণ্ডে কোনো একজন খলিফার আদর্শ পরিপূর্ণরূপে ফুটে উঠেছে? উক্ত খলিফাকে চিহ্নিতপূর্বক তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

welq ˆKvW: 1 1 1

## ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সাকিব তার বন্ধু রাকিবকে বলল, এমন কোনো মনোভাব পোষণ করবে না যাতে ইমানের মূল বিষয়ই নড়বড়ে হয়ে যায়। রাকিব বলল, আমি এমন একটি বিষয়ে বিশ্বাস করি যা আমাকে পুণ্য কাজ করতে উৎসাহ যোগায়। উভয়ের আলোচনা শুনে তাদের শিক্ষক জনাব হেদায়েতুল্লাহ বললেন, এমনভাবে জীবন গঠন কর যাতে তোমরা মুমিন ও মুত্তাকি হয়ে জীবনযাপন করতে পার।

ক. وَمَنْ هٰذَا الرَّجُلُ (মান হাযার রাজুলু) অর্থ কী? ১

খ. "আর আমি কিয়ামতের দিন ন্যায়বিচারের মানদণ্ড স্থাপন করব।"— বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. সাকিবের বক্তব্য অনুযায়ী কীরূপ মনোভাব পোষণ করলে ইমানের মূল বিষয় নড়বড়ে হয়ে যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাকিবের বক্তব্য অনুযায়ী কোন বিশ্বাস তাকে পুণ্য কাজ করতে উৎসাহ যোগায় তা উল্লেখ করে শিক্ষক জনাব হেদায়েতুল্লাহর বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ মিনহাজ কোনো কাজে সফল হলে মহান আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করে না। সমাজে সে অবাধ্য হিসেবে পরিচিত। মুনান ফেরেশতাগণকে জগৎ পরিচালনাকারী মনে করে। মসজিদের ইমাম সাহেব উভয়ের মনোভাব জানতে পেরে বললেন, আমরা প্রত্যেকেই মহান আল্লাহর ওপর সুদৃঢ় ইমান এনে তাঁর প্রিয়পাত্র হওয়ার চেষ্টা করব। তাহলেই আমাদের ইহকাল ও পরকাল মঙ্গলময় হবে।

ক. মুনাফিকরা কাদের ন্যায় ইবাদত পালন করে? ১

খ. "নিশ্চয়ই আল্লাহর নিকট ইসলামই একমাত্র মনোনীত ধর্ম বা জীবনব্যবস্থা।"— বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. মিনহাজের মনোভাব দ্বারা কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মুনানের মনোভাব চিহ্নিত করে ইমাম সাহেবের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩ ▶ বিশ্ব নবি হযরত মুহাম্মদ (স.) হলেন মানবতার মহান শিক্ষক। তিনি তাঁর সাথীদের হাতে-কলমে শিক্ষা দিতেন। একদিন তাঁর সাথীদের ভালো লোকদের পরিচয় সম্পর্কে অবহিত করলেন। তিনি প্রায়ই ধৈর্য ও সহিষ্ণুতার সুফল সম্পর্কে ব্যাখ্যা করতেন। বিশ্ব নবির (স.) প্রতিটি কথাই আমাদের জন্য শিক্ষণীয়। তাই পবিত্র আল-কুরআন অনুসরণের পাশাপাশি আমরা আমাদের নবির (স.)-এর প্রতিটি হাদিস গুরুত্বের সাথে অনুসরণ করব। এ সম্পর্কে মহান আল্লাহ বলেছেন— "রাসুল তোমাদের যা দেন তা তোমরা গ্রহণ কর। আর তোমাদের যা নিষেধ করেন তা থেকে বিরত থাক।"

ক. সুন্নাহ কাকে বলে? ১

খ. "অতএব, হে চক্ষুষ্মানগণ! তোমরা শিক্ষা গ্রহণ কর।"— বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. বিশ্ব নবি হযরত মুহাম্মদ (স.) ভালো লোকদের পরিচয় সম্পর্কে কী বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ধৈর্য ও সহিষ্ণুতা সম্পর্কিত হাদিসটির অর্থ লিখে উদ্দীপকে বর্ণিত বাণীর আলোকে হাদিসের গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪ ▶ মিকদাম সাহেব চৌধুরী বংশের ধর্মীয় নেতা। এ বংশ কয়েকটি গোত্রে বিভক্ত। প্রত্যেক গোত্র নিজস্ব রীতিতে কুরআন তিলাওয়াত করে, যা কুরআনের সঠিক পাঠ পদ্ধতির বিপরীত। মিকদাম সাহেব প্রত্যেক গোত্রকে নির্দেশ দেন— যে খলিফা কুরআন সংকলনের ক্ষেত্রে রাসুলুল্লাহ (স.)-এর নির্দেশনার কোনোরূপ পরিবর্তন করেননি, তাঁর সংকলনের যে পদ্ধতির বহিঃপ্রকাশ ঘটেছে, তোমরা সে অনুযায়ী কুরআন তিলাওয়াত কর। মহান আল্লাহ বলেছেন, "আপনি কুরআন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে"।

ক. তিলাওয়াত কাকে বলে? ১

খ. মাদানি সূরার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. কুরআন সংকলনের সঠিক পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. কোন খলিফা কুরআন সংকলনের ক্ষেত্রে রাসুলুল্লাহ (স.)-এর নির্দেশনার কোনোরূপ পরিবর্তন করেননি তাঁর নাম উল্লেখ করে উদ্দীপকে উল্লিখিত বাণী অনুযায়ী কুরআন তিলাওয়াতের ফযিলত বিশ্লেষণ কর। ৪

৫ ▶ শাবাব ও সানিদ দুই ভাই। শাবাব একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের মালিক। শ্রমিকদের সঠিক মজুরি দিতে প্রায়ই তিনি গড়িমসি করেন। শ্রমিকরা তাদের ন্যায্য পারিশ্রমিক পেতে একদিন প্রতিষ্ঠানে প্রতিবাদস্বরূপ শ্লোগান দেওয়া শুরু করেন। এতেও তার টনক নড়েনি। সানিদ একজন ডাক্তার। গরিবদের তিনি ফ্রি চিকিৎসা দেন। একদিন তার প্রাইমারি স্কুলের শিক্ষক চিকিৎসার জন্য তার কাছে আসলে তাকে দাঁড়িয়ে সম্মান জানিয়ে তার যথাযথ চিকিৎসা সেবা দেন। শিক্ষক সন্তুষ্ট হয়ে তার জন্য দোয়া করেন। এতেই সানিদ সন্তুষ্ট হন।

ক. শিক্ষা কাকে বলে? ১

খ. "শ্রমিককে তার সাধ্য ও সামর্থ্যের বাইরে কোনো কাজ দেওয়া যাবে না।"— বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. শাবাবের আচরণে কার আদর্শ লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সানিদ তার শিক্ষকের যোগ্য উত্তরসূরী। এ উক্তিটির আলোকে একজন আদর্শ শিক্ষার্থীর বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৪

৬ ▶ জনাব 'ক' একজন লোভী মানুষ। সন্ত্রাসবাদের মাধ্যমে সে প্রচুর সম্পদের মালিক হয়েছে। সবসময় বিশৃঙ্খলা ও তাণ্ডবলীলার মাধ্যমে নিজের শ্রেষ্ঠত্ব ও কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে ব্যস্ত থাকেন। এ বিষয়ে তার মনোভাব জানতে চাওয়া হলে সে বলে, সমাজে টিকে থাকতে হলে এভাবে জিহাদ চালিয়ে যাওয়া অবৈধ নয়। ইহতেশাম স্বীয় লেখনী ও বক্তৃতার মাধ্যমে ইসলামকে সমুন্নত করার জন্য চেষ্টা করেন। এ বিষয়ে তার মনোভাব জানতে চাওয়া হলে তিনি বলেন, আল্লাহর যমীনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠাই আমার উদ্দেশ্য।

ক. সন্ত্রাসবাদের আরবি প্রতিশব্দ কী? ১

খ. 'যাতে সম্পদ শুধু তোমাদের অর্থশালীদের মধ্যেই আবর্তিত না হয়।' বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব 'ক'-এর মনোভাব অনুযায়ী তার কাজটি জিহাদ। এ কথাটি কতটুকু সঠিক? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইহতেশামের কাজটিকে এক কথায় কী বলে তা উল্লেখ করে তার বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ▶ লাভলু অতিরিক্ত অর্থ নেওয়া ছাড়া কোনো ফাইলে স্বাক্ষর করে না। দীপু বাবার পরিশ্রমের অর্থে লেখাপড়া শেষ করে বাড়িতে বসে থাকে। বাবা তাকে কোনো ভালো কর্মে নিযুক্ত হতে বললে সে বলে আমার পক্ষে তোমার কথা মেনে চলা সম্ভব নয়। আমি পাঁচ ওয়াক্ত সালাত মসজিদে আদায় করব এবং অবশিষ্ট সময় বাসায় বসে ইবাদতের মধ্যে অতিবাহিত করতে চাই। বাবা তাকে শোনালেন— "হালাল উপায়ে জীবিকা উপার্জন করা ফরজের পর আরও একটি ফরজ কাজ।"

ক. কর্তব্য পরায়ণতা কাকে বলে? ১

খ. "নিশ্চয়ই আল্লাহ তায়ালা খিয়ানতকারীদের পছন্দ করেন না।" বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. লাভলুর কাজটি ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. দীপুর মনোভাব দ্বারা কী প্রকাশ পায় তা উল্লেখ করে উদ্দীপকে বর্ণিত শেষ বাণীটির আলোকে হালাল উপার্জনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮ ▶ মিকদাদ প্রকাশ্য ও গোপন পাপ থেকে বিরত থাকার চেষ্টা করে। মিকরান কথা-বার্তা, আচার-আচরণ ও চলাফেরায় গর্ব-অহংকার ও ঔদ্ধত্য ত্যাগ করে চলে। এলাকার লোকজন দুজনকেই ভালোবাসে। তাদেরকে উদ্বুদ্ধ করে এলাকার মসজিদের ইমাম সাহেব বললেন, তোমাদের আচরণ অনুসরণ করে অন্যরা মানবিক ও নৈতিক গুণাবলির চর্চা করতে পারে। সুন্দর, সুষ্ঠু ও সুরুচিপূর্ণ জীবনযাপনে উৎসাহিত হতে পারে।

ক. জীবনের শ্রেষ্ঠ সম্পদ কী? ১

খ. "সত্যবাদিতা মুক্তি দেয়, আর মিথ্যা ধ্বংস ডেকে আনে।" বাণীটি ব্যাখ্যা কর। ২

গ. মিকদাদের আচরণ দ্বারা কী প্রকাশ পায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিকরানের আচরণ দ্বারা কী প্রকাশ পায় তা উল্লেখ করে ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯ ▶ মুসতায়িন বিদ্যালয়ের বেঞ্চ নষ্ট করে। বেঞ্চে অপ্রয়োজনীয় কথা-বার্তা লিখে। অন্য সহপাঠীদের চোখে ফাঁকি দিয়ে খাবার উচ্ছিষ্ট বেঞ্চের ডেস্কে রেখে দেয়। তার বন্ধু মুসতাকিম জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল সহপাঠীকে ভালোবাসে। প্রয়োজনে তাদের সাহায্য-সহযোগিতা করে। প্রতিবেশীর কেউ অসুস্থ হলে সেবা করে। তার কৃতকর্ম সম্পর্কে তাকে জিজ্ঞাসা করা হলে সে বলে, আমি বিশ্ব নবির (স.) এ হাদিস থেকে উদ্বুদ্ধ হয়ে এমন আচরণ করি- لَا يَرْحَمُ اللهُ مَنْ لَا يَرْحَمُ النَّاسَ "যে ব্যক্তি মানুষের প্রতি দয়া করে না, আল্লাহ তার প্রতি দয়া করেন না।"

ক. চরম মিথ্যাবাদীকে কী বলে? ১

খ. 'স্বদেশপ্রেম ইমানের অঙ্গ।' ব্যাখ্যা কর। ২

গ. মুসতায়িনের মধ্যে আখলাকে হামিদাহর কোন গুণটি অনুপস্থিত ব্যাখ্যা কর। ৩

ঘ. মুসতাকিম কার হক আদায় করেছে তা উল্লেখ করে উদ্দীপকে বর্ণিত বাণীর আলোকে মানবসেবার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১০ ▶ কামাল সাহেব একজন জনপ্রতিনিধি। জুমার সালাতের পূর্বে এক সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বললেন, যতদিন আমি ইসলামের অনুসরণ করি, ততদিন তোমরা আমার কাজে সহযোগিতা করবে। ভুল করলে সংশোধন করে দিবে। তিনি এলাকার রাস্তাঘাট ও ধর্মীয় প্রতিষ্ঠান প্রতিষ্ঠায় স্বীয় ব্যবসায় থেকে একমাসের অর্জিত অর্থ পুরোটাই দান করে দেন। জামাল সাহেব এলাকার মানুষের পানির তীব্র সংকট দূর করার উদ্দেশ্যে দশটি টিউবওয়েল স্থাপন করেন। তার সহধর্মিনী মিসেস সানজিদা ব্যক্তিগত জীবনে সংসারের সকল কাজ নিজ হাতে সম্পাদন করেন।

ক. জীবনাদর্শ কী? ১

খ. হিলফুল ফুযুল গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. কামাল সাহেবের চরিত্রে কার আদর্শ প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস সানজিদার কাজের মাধ্যমে কোন মহীয়সী রমনীর আদর্শের সাথে মিল পাওয়া যায় তা উল্লেখ করে জামাল সাহেবের কর্ম হযরত উসমান (রা.)-এর জীবনাদর্শের আলোকে মূল্যায়ন কর। ৪

১১ ▶ শিক্ষা বিস্তারের লক্ষ্যে জনাব আবিদুর রহমান "দারুল কুরআন ওয়াল হাদিস" নামে একটি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলেন। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে অসংখ্য শিক্ষার্থী কুরআন ও হাদিসের জ্ঞান অর্জনের জন্য এ শিক্ষাপ্রতিষ্ঠানে এসে জ্ঞানের জন্য ভিড় জমান। তার দেখাদেখি দেশের ইসলাম প্রিয় অনেক মানুষ স্ব স্ব এলাকায় বড় বড় দ্বীনি প্রতিষ্ঠান গড়ে তোলেন। আব্দুল্লাহ ছয় বছর বয়সেই কুরআন হিফয করে ফেলেন। দশ বছর বয়স থেকেই হাদিস মুখস্থ করা আরম্ভ করেন। এক সময় তিনি অনেক বড় মুহাদ্দিস হন। তার কাছে হাজার হাজার ছাত্র ইলমে হাদিসের জ্ঞান লাভ করেন।

ক. ইমাম আবু হানিফা (র.)-এর উপাধি কী? ১

খ. ইমাম গাযালিকে 'হুজ্জাতুল ইসলাম' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আবিদুর রহমান কোন শিক্ষাপ্রতিষ্ঠানের আদলে উক্ত শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আব্দুল্লাহর চরিত্রে যে মহা মনীষীর আদর্শ ফুটে উঠেছে হাদিস শাস্ত্রে তাঁর অবদান বিশ্লেষণ কর। ৪

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

vwl q ^KwW: 1 1 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ উচ্চশিক্ষিত মারুফ তার বন্ধু আশিককে বলে, সকল কাজ-কর্ম ও সৃষ্টিতে এক আল্লাহকে বিশ্বাস করার মাধ্যমে মানুষের মুক্তি ও সফলতার দ্বার উন্মুক্ত হয়। আশিক বলে, এগুলো বিশ্বাস না করেও আমি একজন ভালো মানুষ হিসেবে সকলের কাছে পরিচিত। তাই এ বিশ্বাসগুলো আমার কাছে গুরুত্বপূর্ণ নয়।

ক. ইসলাম কাকে বলে? ১
খ. আসমানি কিতাবে বিশ্বাস অপরিহার্য কেন? ২
গ. মারুফের বক্তব্যে কোন বিষয়ের প্রতি বিশ্বাস প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আশিকের মন্তব্যে যে বিষয়টি ফুটে উঠেছে তা চিহ্নিত করে এর পরিণতি বিশ্লেষণ কর। ৪

২ ▶ আনিস সাহেবের একমাত্র ছেলে নাবিল ডেঙ্গু জ্বরে আক্রান্ত হলে তিনি তার সুস্থতার জন্য তার পীরের কাছে প্রার্থনা করেন এবং পীরের নামে ছাগল জবাই করেন। অন্যদিকে, আশফাক সাহেব তার ব্যবসায়ী বন্ধু সাইফ সাহেবকে একমাসের জন্য ৫ লাখ টাকা ধার দেন। সঠিক সময়ে তা ফেরত চাইলে সামর্থ্য থাকা সত্ত্বেও সাইফ সাহেব টাকা ফেরত দিতে অস্বীকার করেন।

ক. 'তাকদির' কাকে বলে? ১
খ. ইমান ও ইসলামের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. আনিস সাহেবের কর্মকাণ্ডে কী ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাইফ সাহেবের চরিত্রে যে বিষয়টি প্রকাশ পেয়েছে তা চিহ্নিত করে এর কুফল ও পরিণতি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ শরীফ সাহেব মনে করেন, কিয়ামত পর্যন্ত পৃথিবীতে যত মানুষের আগমন ঘটবে তাদের হেদায়েতের জন্য আল্লাহ তায়ালা নবি-রাসুলের আগমন ঘটাবেন। এ ধারা বন্ধ হয়ে যায়নি। অন্যদিকে, আশফাক সাহেবের বিশ্বাস মানুষকে ইহকালীন সকল কাজের জন্য জবাবদিহি করতে হবে। সেই জীবনের শুরু আছে কিন্তু শেষ নাই।

ক. শাফাআত কাকে বলে? ১
খ. 'জাহান্নামের উপর সিরাত স্থাপিত হবে'— ব্যাখ্যা কর। ২
গ. শরীফ সাহেব ইমানের কোন বিষয়টি অবিশ্বাস করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আশফাক সাহেবের বিশ্বাস চিহ্নিত করে সৎ কর্মশীল জীবন গঠনে এর প্রতি বিশ্বাসের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪ ▶ ফয়সাল সাহেব ইসলামি নিয়মনীতি, বিধিবিধান যথাযথভাবে মেনে চলার চেষ্টা করেন। তিনি মনে করেন, আল্লাহ ও তাঁর রাসুল (স.) প্রদত্ত বিধিবিধান ও আদেশ-নিষেধ না মানলে মুসলিম থাকা যায় না। অপরদিকে, তার বন্ধু রইস সাহেব নিয়মিত এমন একটি মহান গ্রন্থ পাঠ করেন যাতে কোনো অস্পষ্টতা, বক্রতা বা জটিলতা নেই। অতি সাধারণ মানুষও এর থেকে শিক্ষা গ্রহণ করতে পারে।

ক. সনদ কাকে বলে? ১
খ. ওয়াজিব বলতে কী বোঝায়? ২
গ. ফয়সাল সাহেব কোন বিষয়টি মেনে চলার চেষ্টা করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রইস সাহেবের পঠিত মহান গ্রন্থটির অবতরণ পদ্ধতি বিশ্লেষণ কর। ৪

৫ ▶ আতিক সাহেব মনে করেন, নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তি আছে। তাই যখনই তিনি সময় পান তখনই ইবাদতে মশগুল থাকেন এবং তার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করেন। তিনি তার ছেলেকে উপদেশ দিয়ে বলেন, তুমি এমন লোকদের সাথে চলাফেরা করবে যাদের দেখলে আল্লাহর কথা স্মরণ হয়।

ক. হাদিস কাকে বলে? ১
খ. হারাম বর্জনীয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. আতিক সাহেবের কর্মটি কোন সূরার বিষয়বস্তুর সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছেলের প্রতি আতিক সাহেবের উপদেশটি সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ রহমান সাহেব একজন বিত্তশালী ব্যক্তি। তিনি নিয়মিত নামাজ পড়েন ও রোজা রাখেন। কিন্তু তিনি নিজ আত্মীয়স্বজন ও প্রতিবেশীর খোঁজখবরও রাখেন না, আর্থিকভাবে কাউকে সাহায্য-সহযোগিতা করেন না। অন্যদিকে, তার বন্ধু রহিম সাহেব বছর শেষে তার অতিরিক্ত সম্পদের ৪০ ভাগের এক ভাগ গরিব আত্মীয় ও দরিদ্রদের মাঝে সুষ্ঠুভাবে বণ্টন করে দেন।

ক. ইবাদত কাকে বলে? ১
খ. হজের ওয়াজিব কাজগুলো লেখ। ২
গ. রহমান সাহেবের কর্মকাণ্ডে কোন প্রকার ইবাদত লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রহিম সাহেবের কাজটি চিহ্নিত করে এর অর্থনৈতিক ও ধর্মীয় গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▶ ইসলাম শিক্ষার শিক্ষক রায়হান সাহেব শ্রেণিতে শিক্ষা ও নৈতিকতার গুরুত্ব সম্পর্কে বলেন, নৈতিকতাহীন শিক্ষা অর্থহীন। শিক্ষার সঙ্গে নৈতিকতার সমন্বয় আবশ্যক। এটি ছাড়া মনুষ্যত্বের বিকাশ সাধিত হয় না।

ক. ইলম কাকে বলে? ১
খ. 'সাওম ঢালস্বরূপ।'— ব্যাখ্যা কর। ২
গ. শিক্ষার্থীরা কীভাবে নৈতিকতা অর্জন করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিক্ষক রায়হান সাহেবের বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৮ ▶ নিয়াজ সাহেব সর্বদা আল্লাহ ও তাঁর রাসুলের নির্দেশিত পথে চলেন এবং সকল প্রকার অন্যায় ও পাপাচার থেকে বিরত থাকার চেষ্টা করেন। অন্যদিকে, তার বন্ধু রিয়াজ সাহেবের কাজ কোনো ঘটনা বা বিষয়কে বিকৃতভাবে অন্যের কাছে উপস্থাপন করা মহাপাপ।

ক. মিতব্যয়িতা কাকে বলে? ১
খ. গিবতের স্বরূপ ব্যাখ্যা কর। ২
গ. নিয়াজ সাহেবের চরিত্রে আখলাকে হামিদার কোন বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. রিয়াজ সাহেবের কর্মকাণ্ডটি চিহ্নিত করে এর প্রভাব ও পরিণতি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ আব্দুর রউফ সাহেব একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি জনসাধারণের কাজ করে অতিরিক্ত অর্থ নিয়ে আরাম-আয়েশে জীবনযাপন করেন। তার ছোট ভাই আদনান আজেবাজে বন্ধুদের সাথে নিয়ে ছিনতাই, রাহাজানি, অপহরণ ইত্যাদি কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। ফলে সমাজের মানুষ নিরাপত্তাহীনতায় ভুগতে থাকে।

ক. আমানত কাকে বলে? ১
খ. 'লজ্জাশীলতার পুরোটাই কল্যাণময়।'— ব্যাখ্যা কর। ২
গ. আব্দুর রউফ সাহেবের এ ধরনের জীবনযাপনে আখলাকে যামিমার কোন দিকটি প্রকাশ পায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. আদনানের কর্মকাণ্ডটি চিহ্নিত করে পাঠ্যবইয়ের আলোকে এর কুফল ও পরিণতি বিশ্লেষণ কর। ৪

১০ ▶ প্রেক্ষাপট-১ : নির্জনপুর গ্রামের অধিকাংশ মানুষ নিরক্ষর। তারা কারণে-অকারণে ঝগড়া-বিবাদে লিপ্ত থাকে। সেখানে নারীদের ভোগ্য পণ্য হিসেবে ব্যবহার করা হতো। গ্রামবাসী বিনোদনের জন্য রাতের বেলা মদ্যপান, জুয়া খেলায় মত্ত থাকত।

প্রেক্ষাপট-২ : আসিফ সাহেব নিজ উদ্যোগে বেশকিছু ভালো কাজ করতে চাইলে কিছু স্বার্থান্বেষী মহল তার বিরোধিতা করে এবং তাকে এলাকা ছেড়ে যেতে বাধ্য করে। তিনি অন্য এলাকায় গিয়ে বসবাস করেন এবং জনগণের প্রতিনিধি হিসেবে নির্বাচিত হন। সেখানে তিনি সকল বর্ণ ও গোত্রের মানুষদের নিয়ে একটি লিখিত সনদ প্রণয়ন করেন।

ক. 'হারবুল ফিজার' কাকে বলে? ১
খ. হযরত আলীকে 'জ্ঞানের শহরের দরজা' বলা হয় কেন? ২
গ. প্রেক্ষাপট-১-এর চিত্রটি কোন সমাজ ব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রেক্ষাপট-২-এ উল্লিখিত সনদের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সনদের সাদৃশ্য আছে? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ জনাব আনিস সাহেব জনপ্রতিনিধি হিসেবে নির্বাচিত হয়ে এলাকার সকলের উদ্দেশ্যে বলেন, যতদিন আমি আল্লাহ ও রাসুল (স.)-এর অনুসরণ করব, ততদিন তোমরা আমার অনুসরণ করবে এবং আমার ভুলগুলো সুধরে দিবে। অন্যদিকে, তার বন্ধু বেলাল আহমাদ একজন বিত্তবান ও আল্লাহভীরু। তিনি এলাকার মানুষের পানির অভাব দূর করেন। স্থানীয় মসজিদে মুসল্লিদের স্থান সংকুলান না হওয়ায় ব্যক্তিগত খরচে মসজিদ সম্প্রসারণ করেন।

ক. হুদায়বিয়ার সন্ধি কাকে বলে? ১
খ. জাবির ইবনে হাইয়ানকে রসায়ন শাস্ত্রের জনক বলা হয় কেন? ২
গ. আনিস সাহেবের বক্তব্যে কোন খলিফার বক্তব্যের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব বেলাল আহমাদ-এর কর্মে কোন খলিফার কর্মের প্রতিফলন ঘটেছে তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

## বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

wel q ^KW: | 1 | 1 | 1 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ আদিল ও আফিল দুই বন্ধু। আদিল ভাগ্যে বিশ্বাস করেন না। তার মতে, পরকাল নেই। হালাল-হারামের পার্থক্য তিনি বোঝেন না। তিনি অনেক হারাম কাজকে হালাল মনে করেন। অন্যদিকে, আফিল নামাজ পড়েন না। আল্লাহ তায়ালা ছাড়াও তিনি প্রায়ই পীরের মাজারে যান এবং পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য তাঁর কাছে সাহায্য চাইতে সিজদা দেন।

ক. বায়তুল ইজ্জা কোথায় অবস্থিত? ১
খ. শিরক কত প্রকার ও কী কী? লেখ। ২
গ. ইসলামের দৃষ্টিকোণ থেকে আদিলের কাজ ব্যাখ্যা কর ৩
ঘ. কুফর ও শিরকের পরিণতি বিশ্লেষণ কর। ৪

২ ▸ নাবিল তার দাদাকে জিজ্ঞেস করল, পৃথিবীতে এত অশান্তি কেন? নাবিলের দাদা বলেন, মানুষ ইসলামের নিয়ম মানছে না। তাই অশান্তি ও তোলপাড় সৃষ্টি হয়েছে। একমাত্র আল্লাহ প্রদত্ত বিধান ও ইসলামই মানুষকে শান্তির পথ দেখাতে পারে। কারণ ইসলামই একমাত্র পরিপূর্ণ জীবন বিধান।

ক. তাওহিদ কী? ১
খ. ইমান ও ইসলামের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. মানুষের জীবনে বিশৃঙ্খলা সৃষ্টির প্রধান কারণ কী? ব্যাখ্যা করা, ৩
ঘ. উপরে উল্লিখিত নাবিলের দাদার বক্তব্যের সমর্থনে কুরআন ও হাদিসের আলোকে তোমার মতামত পেশ কর। ৪

৩ ▸ সামাজিক প্রভাব বিস্তারের জন্য জনাব শিহাব চৌধুরী জনাব লোকমানকে মানসিক ও শারীরিকভাবে অত্যাচার করেন। কিছু দিন পর জনাব লোকমান প্রতিশোধ নেওয়ার সুবর্ণ সুযোগ পেলেন, কিন্তু তিনি তা থেকে বিরত ছিলেন। শিহাব সাহেবের এই অনুগ্রহ পরিলক্ষিত হয়ে অনেকটাই বদলে গেল। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আর কারও সাথে এমন অন্যায় আচরণ করবেন না। ধর্ম-বর্ণের ভেদাভেদ ভুলে সবার সঙ্গে ভ্রাতৃত্বের বন্ধন গড়ে তুলবেন। সকল কাজে কুরআন ও হাদিস অনুসরণ করবেন।

ক. মদিনা সনদের কয়টি ধারা আছে? ১
খ. কেন আমাদের রাসুল (স.)-এর জীবনধারা অনুসরণ করা উচিত? ২
গ. জনাব লোকমান সাহেবের আচরণে রাসুল (স.)-এর কোন গুরুত্বপূর্ণ ঘটনাটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিদায় হজের ভাষণের আলোকে জনাব শিহাবের পরিবর্তন বিশ্লেষণ কর। ৪

৪ ▸ সুন্নাহ বা হাদিস আল-কুরআনের পরিপূরক। এটি ইসলামের প্রমাণ হিসাবে চালু করা হয়েছে। আল্লাহ বলেন, 'রাসুল (স.) যা দেন তা তোমরা গ্রহণ কর এবং যা নিষেধ করেন তা থেকে বিরত থাক। সুতরাং প্রমাণিত হয় যে, সুন্নাহ বা হাদিসই ইসলামের প্রমাণ ও উৎস। এর অবস্থান হচ্ছে পবিত্র কুরআনের পরেই।

ক. 'জামিউল কুরআন' কাকে বলা হয়? ১
খ. "আসলে সকল কাজই নিয়তের (ইচ্ছার) ওপর নির্ভরশীল।" ধারণাটি পরিষ্কার কর। ২
গ. ইসলামি শরিয়তের বিভিন্ন উৎস বর্ণনা কর। ৩
ঘ. "রাসুল (স.) তোমাদের যা দেন তা তোমরা গ্রহণ কর এবং তিনি যা নিষেধ করেন তা থেকে বিরত থাক।"– এই আয়াতের আলোকে হাদিসের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫ ▸ চিকিৎসা বিজ্ঞানে মুসলমানদের অবদান অবিস্মরণীয়। আধুনিক চিকিৎসা বিজ্ঞানের পটভূমিতে চিকিৎসায় মুসলমানদের অবদান রয়েছে। মুসলমানদের মধ্যে যারা চিকিৎসাকে উন্নতির শিখরে নিয়ে ছিলেন, তাদের মধ্যে কেউ কেউ হলেন– আবু বকর আল রাযি, আল-বিরুনি, ইবনে সিনা প্রমুখ। ড. ওসলার ইবনে সিনার আল কানুন ফিত তিব্ব বইটিকে মেডিসিনের বাইবেল বলে উল্লেখ করেছেন। অন্যদিকে, অস্ত্রোপচারের ক্ষেত্রে আল রাযি তার সময়ের সর্বশ্রেষ্ঠ ব্যক্তি ছিলেন।

ক. 'আল-মানসুরী' গ্রন্থটি কত খণ্ডে রচিত? ১
খ. আল-বিরুনির আসল নাম কী ছিল এবং কেন তাকে মহামান্য শিক্ষক বলা হয়? ২
গ. চিকিৎসা বিজ্ঞানে আবু বকর মুহাম্মদ ইবন যাকারিয়া আল-রাযির অবদান বর্ণনা কর। ৩
ঘ. "ড. ওসলার ইবনে সিনার বইটিকে চিকিৎসা বিজ্ঞানের বাইবেল হিসেবে উল্লেখ করেছেন।" বিশ্লেষণ কর। ৪

৬ ▸ কোনো মুসলমান যদি কোনো গাছ লাগায় বা কোনো ফসল চাষ করে, অতঃপর তা থেকে কোনো পাখি, মানুষ বা চতুষ্পদ প্রাণী কিছু খায়,

ক. গিবত কী? ১
খ. ফিতনা ও ফাসাদ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত হাদিসের সারাংশ ব্যাখ্যা কর। ৩
ঘ. হাদিস থেকে তুমি কী শিক্ষা নিতে পার, তা লেখ। ৪

৭ ▸ সূরা আত তীন আল-কুরআনের ৯৫তম সূরা। এই সূরাটি মক্কায় অবতীর্ণ হয়েছে এবং এতে ৮টি আয়াত রয়েছে। প্রথম আয়াতের প্রথম শব্দ 'ত্বীন' থেকে এই সূরাটির নাম এসেছে। এই সূরায় মহান আল্লাহ কিছু বিষয়ের শপথ করে মানুষের আকৃতি ও প্রকৃতি বর্ণনা করেছেন। পরকাল সম্পর্কে সতর্ক করে তিনি (আল্লাহ) বললেন, আল্লাহ কি বিচারকগণের মধ্যে শ্রেষ্ঠতম বিচারক নন?

ক. সূরা আত-তীনে কয়টি জিনিসের শপথ করা হয়েছে? ১
খ. হযরত আবু বকর (রা.)-কে কেন 'সিদ্দিক' উপাধি দেওয়া হয়েছিল? ২
গ. সূরা আত-তীনের ব্যাখ্যামূলক অনুবাদ লেখ। ৩
ঘ. তোমার পাঠ্যবইয়ের আলোকে সূরা আত-তীনের শিক্ষা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ রমজান মাস ধৈর্যের মাস। এক মাস সাওম পালনের মাধ্যমে আল্লাহর বান্দার ধৈর্যের পরীক্ষা হয়। সন্তুষ্ট হয়ে আল্লাহ রোজাদার বান্দাকে বেহেশতে স্থান দেবেন। রাসুলুল্লাহ (স.) বলেছেন, "সাওম হলো ঢালস্বরূপ।"

ক. কোন ইবাদতকে ইসলামের সেতুর সাথে তুলনা করা হয়? ১
খ. হজের প্রধান কার্যাবলি লেখ। ২
গ. সাওমের ধর্মীয় গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ. কুরআন ও হাদিস অনুসারে রাসুল (স.)-এর উপরিউক্ত বাণী ব্যাখ্যা কর। ৪

৯ ▸ মানব জীবনে তাকওয়ার গুরুত্ব অপরিসীম। তাকওয়া মানে আল্লাহর ভয়। মহান আল্লাহকে ভয় করার অর্থ অত্যন্ত ব্যাপক। নৈতিক জীবন গঠনে এবং নীতি ও নৈতিকতা রক্ষায় তাকওয়ার প্রভাব অনস্বীকার্য। মহান আল্লাহ কুরআনে ঘোষণা করেন, "নিশ্চয়ই মুত্তাকিদের জন্য রয়েছে সফলতা।"

ক. আরবিতে প্রতিশ্রুতি কাকে বলে? ১
খ. আখলাক-ই-হামিদাহ সম্পর্কে তুমি কী জানো তা লেখ। ২
গ. নৈতিক জীবনে তাকওয়ার প্রভাব বর্ণনা কর। ৩
ঘ. "নিশ্চয়ই মুত্তাকিদের জন্য রয়েছে সফলতা।" এই আয়াতের বিশ্লেষণ কর। ৪

১০ ▸ ডেঙ্গু জ্বর ডেঙ্গু ভাইরাস দ্বারা সৃষ্ট একটি মশাবাহিত সংক্রমণ। এটি এডিস মশার সংক্রমণে হয়ে থাকে। এই ডেঙ্গু জ্বর থেকে মুক্তি পাওয়ার অন্যতম উপায় হলো পরিবেশকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা। যদিও ইসলাম সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্নতার ওপর জোর দেওয়া হয়েছে; যা ইমানের অঙ্গ। যেকোনো ধর্মীয় কাজের প্রথম এবং প্রধান কাজ পরিচ্ছন্নতা।

ক. পরিচ্ছন্নতার আরবি কী? ১
খ. আখলাক-ই-হাসানাহ বলতে তুমি কী বোঝ? ২
গ. "পরিচ্ছন্নতা ইমানের অর্ধেক।" এই হাদিসের ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবহারিক জীবনে পরিচ্ছন্নতার উপকারিতা ও ডেঙ্গু থেকে বাঁচার উপায় ব্যাখ্যা কর। ৪

১১ ▸ মক্কা বিজয়ের পর মহানবি হযরত মুহাম্মদ (স.) সাধারণ ক্ষমা ঘোষণা করেন। তিনি বললেন, "আজ তোমাদের বিরুদ্ধে আমার কোনো অভিযোগ নেই; যাও তোমরা মুক্ত ও স্বাধীন। তিনি প্রমাণ করেছেন যে, ক্ষমা একটি মহৎ গুণ। মক্কা বিজয়ের পর জনগণ তাৎক্ষণিকভাবে ব্যাপক হারে ইসলাম গ্রহণ করে। তিনি ১০ম হিজরি সনে পবিত্র হজ করার ইচ্ছা পোষণ করেন। এই উদ্দেশ্য নিয়ে তিনি মক্কার দিকে রওয়ানা হন। রাসুলুল্লাহ (স.) আরাফাত ময়দানে বিশাল জামায়াতে একটি যুগ সৃষ্টিকারী ভাষণ দেন। তাঁর বক্তৃতার শেষে তিনি বললেন, "তোমরা যারা আজ উপস্থিত আছ, যারা এখানে অনুপস্থিত, তাদের কাছে আমার বার্তা পৌঁছে দিবে।"

ক. আল-কুরআনের সূরাগুলোর মধ্যে সূরা আল-মাউনের অবস্থান কী? ১
খ. "নিশ্চয়ই কষ্টের পরে স্বস্তি ও শান্তি পাওয়া যায়।" এই আয়াতটি ব্যাখ্যা কর। ২
গ. মক্কা বিজয়ের পটভূমি বর্ণনা কর। ৩
ঘ. "তোমরা যারা আজ উপস্থিত আছ, যারা এখানে অনুপস্থিত, তাদের কাছে আমার বার্তা পৌঁছে দেবে।" রাসুল (স.)-এর শেষ

# মাইলস্টোন কলেজ, ঢাকা

wel q ^KWW: | 1 | 1 | 1 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব কালাম একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি অফিসের কাজকর্ম করতে গিয়ে লোকজনের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করেন। তার স্ত্রী সুমাইয়া তাকে এসব অর্থ নিতে নিষেধ করলে তিনি বলেন, এ টাকা বৈধ। কারণ আমি এর বিনিময়ে দ্রুত তাদের কাজ করে দিই। এদিকে সুমাইয়ার একমাত্র সন্তান ডেঙ্গু জ্বরে আক্রান্ত হলে তিনি মাজারে গিয়ে তার পীরের নামে একটি ছাগল জবাই করেন এবং সন্তানের সুস্থতার জন্য ঐ পীরের কাছে প্রার্থনা করেন।

ক. রিসালাত কী? ১
খ. তকদির বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব কালামের ধারণাটি কিসের শামিল? ব্যাখ্যা কর্ ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সুমাইয়ার কর্মকাণ্ডের কুফল পবিত্র কুরআন ও সুন্নাহর আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব মনোয়ার মনে করেন, কিয়ামত পর্যন্ত যেহেতু পৃথিবীতে মানুষের আগমন চলতে থাকবে, সেজন্য তাদের হিদায়েতের জন্য আল্লাহ তাআলা যখন চাইবেন নবি-রাসুল প্রেরণ করবেন। নতুন নতুন নবি-রাসুল প্রেরণের মাধ্যমেই আল্লাহ তাআলা মানবজাতিকে সঠিক পথ প্রদর্শন করবেন। অন্যদিকে, তার ভাই জনাব সানোয়ারের বিশ্বাস, মানুষকে ইহকালীন সকল কাজের জন্য একদিন জবাবদিহি করতে হবে। সেই জীবনের শুরু আছে; কিন্তু শেষ নেই্

ক. শাফায়াত কী? ১
খ. হাশর বলতে কী বোঝায়? ২
গ. জনাব মনোয়ার ইমানের কোন বিষয়টি অবিশ্বাস করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সানোয়ারের বিশ্বাস চিহ্নিত করে সৎকর্মশীল জীবন গঠনে এর প্রতি বিশ্বাসের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মিসেস সাদিকা ফজরের নামাজ পড়ে পবিত্র কুরআন মাজিদের একটি সূরা তিলাওয়াত করলেন। এই সূরায় কাফির ও মুনাফিকদের কতিপয় বৈশিষ্ট্য ও আচরণের বর্ণনা দেওয়া হয়েছে। তিনি কুরআন তিলাওয়াতের পর কয়েকটি হাদিস পড়লেন। তন্মধ্যে একটি হাদিস ছিল ব্যবসায়ে সততা সম্পর্কিত। এই হাদিসটি তিনি ব্যাখ্যা-বিশ্লেষণসহ পড়লেন।

ক. শরিয়ত কী? ১
খ. 'মুমিনের সকল কাজ বিস্ময়কর' —ব্যাখ্যা কর। ২
গ. মিসেস সাদিকার পঠিত হাদিসের আলোকে ব্যবসায়ীগণ কীভাবে সফলতা পেতে পারেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিসেস সাদিকা কর্তৃক তিলাওয়াতকৃত সূরা ব্যাখ্যাপূর্বক কাফির ও মুনাফিকদের বৈশিষ্ট্যগুলো বুঝিয়ে লেখ। ৪

৪ ▸ সানাউল্লাহ ও কালিমুল্লাহ শরিয়াহ অনুষদের দুজন মেধাবী শিক্ষার্থী। বর্তমান সময়ে সৃষ্টি হওয়া কিছু নতুন বিষয়ের শরিয়তের সমাধান সম্পর্কে তাদের মাঝে আলোচনা হচ্ছিল। সানাউল্লাহ বলল, যেসব বিষয়ের সমাধান সরাসরি কুরআন ও সুন্নাহতে পাওয়া যাবে না, সেসব বিষয়ে বিশেষজ্ঞ আলেমগণ একত্রিত হয়ে পরামর্শ করে ঐকমত্যের ভিত্তিতে সমাধান বের করবেন। তার কথা শুনে কালিমুল্লাহ বলল, যদি সেটিও সম্ভব না হয়, তাহলে তাৎক্ষণিকভাবে চিন্তা-গবেষণা করে কুরআন ও হাদিসের আলোকে সিদ্ধান্ত নিতে হবে। কেননা ইসলাম একটি বিজ্ঞানসম্মত ও গতিশীল জীবনব্যবস্থা।

ক. হারাম কী? ১
খ. মানবজীবনে হালালের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. সানাউল্লাহ তার আলোচনার মাধ্যমে শরিয়তের কোন উৎসের প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. কালিমুল্লাহর বক্তব্যে আলোচিত শরিয়তের উৎসটি চিহ্নিত করে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মাওলানা আজিজুল বান্না সাহেব উত্তরা ১১নং সেক্টর জামে মসজিদের খতিব। তিনি একদিন জুমার খুতবাপূর্বক আলোচনায় বললেন, ইসলামে এমন একটি ইবাদত রয়েছে যার প্রতিদান আল্লাহ রাব্বুল আলামিন নিজে দান করবেন এবং তার অতীত জীবনের পাপ ক্ষমা করে দেবেন। জুমার নামাজ শেষে একজন মুসল্লির এক প্রশ্নের উত্তরে তিনি বরেন, ইসলামে এমন আরও একটি ইবাদত রয়েছে, যা নিসাব পরিমাণ মালের মালিকগণের ওপর ফরজ করা হয়েছে। এ ইবাদতটি যথাযথ আদায় করা হলে সমাজের সুবিধাবঞ্চিত অসহায়-গরিব মানুষদের ভাগ্যের পরিবর্তন ঘটানো সম্ভব।

ক. হাক্কুল্লাহ কী? ১
খ. 'ইবাদত বলতে শুধু উপাসনাকেই বোঝায় না'—ব্যাখ্যা কর। ২
গ. মাওলানা আজিজুল বান্না সাহেবের জুমার খুতবাপূর্ব আলোচনায় কোন ইবাদতের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুসল্লির প্রশ্নের উত্তরে মাওলানা আজিজুল বান্না সাহেব যে ইবাদতের কথা বলেছেন তা চিহ্নিত করে এর অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬ ▸ হালিমুজ্জামান একটি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র। সে একটি বিশেস গ্রুপের সাথে যুক্ত হয়ে ইসলাম প্রতিষ্ঠার কথা বলে বিভিন্ন স্থানে বোমা হামলা করে। সে এ কাজকে জিহাদ বলে মনে করে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. তাজাম্মুল হককে জিজ্ঞাসা করলে তিনি বলেন, ওদের মধ্যে ইসলামের সঠিক জ্ঞান না থাকায় ওরা এরূপ কাজ করছে। বস্তুত জিহাদ ও সন্ত্রাসবাদের মধ্যে বিস্তর পার্থক্য বিদ্যমান।

ক. শিক্ষার্থী কারা? ১
খ. 'হজ মুসলমানদের আদর্শিক ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ করে'— ব্যাখ্যা কর। ২
গ. হালিমুজ্জামানের কর্মকাণ্ড কিসের অন্তর্ভুক্ত? তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিষয়টি মূল্যায়ন কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ড. তাজাম্মুল হকের সর্বশেষ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব ফয়সাল সাহেবের একামাত্র মেয়ে সামিয়া। পরিবারের সকলের নিকট অত্যন্ত আদরের সামিয়া। অতিরিক্ত স্নেহ-মমতার কারণে সামিয়া মানুষকে মানুষ মনে করে না। এমনকি সে কুরুচিপূর্ণ পোশাক পরিধান করে রাস্তাঘাটে অবাধে বিচরণ করে। অথব তার বাবা জনাব ফয়সাল সমাজের একজন সম্মানিত মানুষ। তিনি কখনো কোনো প্রতিশ্রুতি ভঙ্গ করেন না।

ক. সুদ কী? ১
খ. আখলাকে হামিদাহ বলতে কী বোঝায়? ২
গ. সামিয়ার আচরণ তোমার পঠিত কোন চারিত্রিক বৈশিষ্ট্যের বিপরীত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব ফয়সাল সাহেবের চারিত্রিক বৈশিষ্ট্যের গুরুত্ব অপরিসীম— বিশ্লেষণ কর। ৪

৮ ▸ রাদিয়া মাইলস্টোন কলেজের দশম শ্রেণির শিক্ষার্থী। তার দাদা বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে শহিদ হন। ১৯৭১ সালে দেশে মুক্তিযুদ্ধ শুরু হয়। দেশের এই দুর্দিনে ঘরের মধ্যে বসে থাকতে পারলেন না তিনি। যোগ দিলেন মুক্তিযুদ্ধে। ১৯৭১ সালের ৮ এপ্রিল তার এলাকায় পাকিস্তানি হানাদার বাহিনী আক্রমণ চালায়। নিজ জীবন বাজি রেখে তাদের প্রতিরোধের চেষ্টা চালান তিনি। কিন্তু তাদের রাইফেলের গুলিতে শহিদ হতে হয় রাদিয়ার দাদাকে। দাদার এ বীরত্বের কথা চিন্তা করে রাদিয়া আবেগপ্রবণ হয়ে পড়ে। মনে মনে সিদ্ধান্ত নেয়, ভালোভাবে পড়াশোনা করে দেশের মানুষের সেবায় আত্মনিয়োগ করবে।

ক. তাকওয়া কী? ১
খ. 'মানবজীবনে সত্যবাদিতার গুরুত্ব অপরিসীম'— ব্যাখ্যা কর। ২
গ. রাদিয়ার দাদার মধ্যে আখলাকে হামিদাহর কোন বৈশিষ্ট্যের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাদিয়া যে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে, তার গুরুত্ব পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ সম্প্রতি দেশের কিছু ব্যবসায়ী মিথ্যা তথ্য দিয়ে বিভিন্ন ব্যাংক থেকে ঋণ নিয়েছে। যার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে দেশের অর্থনীতি। শুধু ব্যাংক থেকে ঋণ নয়, বরং বিভিন্ন ব্যবসায়ী গ্রুপ তাদের পণ্যের মিথ্যা বিজ্ঞাপন প্রচার করে ক্রেতাদের অধিকার নষ্ট করছে। কিছু ব্যাংক কর্মকর্তা অতিরিক্ত সুবিধা গ্রহণ করে অসদুপায়ে ব্যবসায়ীদের এই অবৈধ ঋণ লাভে সহযোগিতা করে থাকেন।

ক. গিবত কী? ১
খ. 'হিংসা জাতীয় সংহতি ও উন্নতির পথে অন্তরায়।' — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ব্যবসায়ীদের কর্মকাণ্ডে কোন বৈশিষ্ট্যের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্মকর্তাদের কর্মকাণ্ডের কুফলগুলো বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব মইনুল একজন প্রভাবশালী ব্যক্তি। তিনি জনাব ইউসুফের ওপর অনেক অত্যাচার করেন। এমনকি তার অত্যাচারের কারণে জনাব ইউসুফ নিজ এলাকা ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হন। পরবর্তীতে জনাব ইউসুফ সুযোগ পাওয়ার পরও জনাব মাইনুলের ওপর প্রতিশোধ গ্রহণ করেননি। অপরদিকে, জনাব ইউসুফের ছোট ভাই জনাব মানিক পৌর মেয়র হিসেবে নির্বাচিত হওয়ার পর এলাকায় একটি ঘটনাকে কেন্দ্র করে বিশৃঙ্খলা দেখা দিলে তিনি তা কঠোর হস্তে দমন করেন।

ক. 'বাইতুল হিকমা' কে প্রতিষ্ঠা করেন? ১
খ. মহানবি (স.) কেন 'হিলফুল ফুযুল' গঠন করেছিলেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ইউসুফের চরিত্রের সাথে কোন মহামানবের চারিত্রিক সাদৃশ্য খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব মানিকের জীবনযাপন পদ্ধতি খুলাফায়ে রাশেদিনের সংশ্লিষ্ট খলিফার জীবনাদর্শের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ তারেক ও সালমান দুই বন্ধু। তারা একদিন বিকেলে জ্ঞান-বিজ্ঞানে মুসলমানদের অবদান নিয়ে আলোচনা করছিল। তারেক বলল, মুসলিমদের মধ্যে এমন একজন তীক্ষ্ণ মেধার অধিকারী মনীষী ছিলেন, যিনি মাত্র ছয় বছর বয়সে পবিত্র কুরআন মুখস্থ করেন। তখন সালমান বলল, আরেকজন মুসলিম মনীষী ছিলেন, যিনি সতেরো বছর বয়স থেকে জ্ঞানসাধনা আরম্ভ করলেও অতি অল্প দিনের মধ্যে হাদিস, তাফসির, ফিকহ ইত্যাদি বিষয়ে গভীর পাণ্ডিত্য অর্জন করেন।

ক. এরিস্টটলের ধর্মতত্ত্ব আরবিতে অনুবাদ করেন কে? ১
খ. 'কবিতা হলো আরবদের জীবনালেখ্য'— ব্যাখ্যা কর। ২
গ. তারেকের উক্তিতে কোন মনীষীর বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে? তার জ্ঞানার্জন সম্পর্কে বর্ণনা কর। ৩
ঘ. সালমান যে মনীষীর কথা বোঝাতে চেয়েছে, ফিকহশাস্ত্রে তার অবদান বিশ্লেষণ কর। ৪

# মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

wbl q^KW: 1 1 1

## ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট                                                                                    পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ মানুষ আশরাফুল মাখলুকাত হিসেবে মর্যাদা লাভ করার কারণ হলো এক আল্লাহকে সৃষ্টিকর্তা হিসেবে মেনে নেওয়া। কেননা আল্লাহ তায়ালা হলেন স্বয়ংসম্পূর্ণ সত্তা।

ক. 'আল্লাহ' শব্দের আরবি লেখ। ১
খ. সূরা আল-ইখলাসের সরল অনুবাদ কর। ২
গ. আল্লাহ তায়ালা স্বয়ংসম্পূর্ণ সত্তা। – ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব জীবনে তাওহিদের প্রভাব অপরিসীম– বিশ্লেষণ কর। ৪

২ ▶ শরিয়ত হলো জীবন পরিচালনার দিকনির্দেশনা। শরিয়তের দ্বিতীয় উৎস হলো আল-হাদিস। ইসলামি শরিয়তের বিষয়বস্তু ও পরিধি অত্যন্ত ব্যাপক।

ক. অন্তরের পরিশোধক কী? ১
খ. শরিয়ত বলতে কী বোঝায়? ২
গ. শরিয়তের উৎস হিসেবে হাদিসের গুরুত্ব বর্ণনা কর। ৩
ঘ. ইসলামি শরিয়তের বিষয়বস্তু ও পরিধি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ জনাব মনির মিয়া এ বছর রমজানের সকল রোজা পালনসহ জামাতে তারাবিহ সালাত আদায় করতে পেরে ভীষণ খুশি। তিনি বলেন, জামাতে সালাত আদায় করার মজাই আলাদা। তিনি আরও বলেন, রমজানের রোজা সকলের জন্য ফরয।

ক. তোমরা রুকুকারীদের সাথে রুকু কর– কোন সূরার অংশ? ১
খ. সাওমের পরিচয় দাও। ২
গ. সাওমের সামাজিক শিক্ষা আলোচনা কর। ৩
ঘ. জামাতে সালাত আদায়ের গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব আব্দুর রহীম কোনো এক অফিসের কর্মকর্তা। মানব জীবনে তাকওয়ার গুরুত্ব অপরিসীম মনে করে অফিসে সততার সাথে দায়িত্ব পালনসহ সকলের সাথে নম্রতার সাথে কথা বলেন। তিনি বলেন, নিশ্চয়ই মুত্তাকিগণের জন্য রয়েছে সফলতা।

ক. মহান আল্লাহ কাকে বেশি ভালোবাসেন? ১
খ. যে ব্যক্তি ওয়াদা পালন করে না, তার দীন নেই। –ব্যাখ্যা কর। ২
গ. সততার সাথে দায়িত্ব পালন করলে ব্যক্তি ও সামাজিক জীবনে কী সুফল বয়ে আনতে পারে? আলোচনা কর। ৩
ঘ. মানব জীবনে তাকওয়ার গুরুত্ব অপরিসীম– বিশ্লেষণ কর। ৪

৫ ▶ মহানবি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজের ভাষণে বলেছিলেন, "তোমরা সর্বদা অন্যের জান, মাল, ইজ্জতের আমানত রক্ষা করবে।" কেননা ইসলাম আবির্ভাবের পূর্বে এগুলোর কোনো নিরাপত্তা ছিল না।

ক. আদর্শকে আরবিতে কী বলে? ১
খ. আইয়ামে জাহিলিয়া বলতে কী বোঝায়? ২
গ. আইয়ামে জাহিলিয়ার সামাজিক অবস্থা আলোচনা কর। ৩
ঘ. শান্তি প্রতিষ্ঠায় মহানবি (স.)-এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬ ▶ দুনিয়ার জীবন হলো আখিরাতের প্রস্তুতি গ্রহণের ক্ষেত্র। আখিরাতে বিশ্বাস মানুষকে জীবন পরিচালনায় নীতি ও আদর্শের অনুসরণ করতে বাধ্য করে। তাই মানব জীবন গঠনের জন্য আখিরাতে বিশ্বাস অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ক. দুনিয়া হলো আখিরাতের শস্যক্ষেত্র– বাণীটি কার? ১
খ. আলমে বারযাখ বলতে কী বোঝায়? বর্ণনা কর। ২
গ. দুনিয়া হলো আখিরাতের শস্যক্ষেত্র– বাক্যটি ব্যাখ্যা কর। ৩
ঘ. জীবন গঠনের জন্য আখিরাতে বিশ্বাস অত্যন্ত গুরুত্বপূর্ণ– বিশ্লেষণ কর। ৪

৭ ▶ আল-কুরআন আরব দেশে মহানবি সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের ওপর নাজিল হয়। এ সময় তিনি সাথে সাথে নাজিলকৃত আয়াত মুখস্থ করে নিতেন। আজ পবিত্র কুরআন বিভিন্ন ধাপ অতিক্রম করে সংরক্ষণ ও সংকলনের পর গ্রন্থাকারে আমাদের নিকট পৌঁছে।

ক. মানুষের মধ্যে সর্বোত্তম কারা? ১
খ. শরিয়তের বিষয়বস্তুকে প্রধানত তিনটি ভাগে ভাগ করেছেন– সেগুলো বর্ণনা কর। ২
গ. পবিত্র কুরআন কীভাবে সংরক্ষণ হয়েছে তা বর্ণনা কর। ৩
ঘ. পবিত্র কুরআন সংকলনের ক্ষেত্রে হযরত উসমান (রা.)-এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮ ▶ জনাব হারুন অর রশীদ এক বড় ব্যবসায়ী। তিনি কারও সাথে ওয়াদা ভঙ্গ করেন না। তিনি জানেন যে, "মহান আল্লাহ নিশ্চয়ই প্রতিশ্রুত সম্পর্কে জিজ্ঞাসাবাদ করবেন।" তিনি এ কথাও জানেন যে, মানবজীবনে সত্যবাদিতার প্রভাব সীমাহীন।

ক. মিথ্যাচার কাকে বলে? ১
খ. সত্যবাদিতার পরিচয় দাও। ২
গ. উদ্দীপকে বর্ণিত মহান আল্লাহর বাণী– নিশ্চয়ই প্রতিশ্রুতি সম্পর্কে জিজ্ঞাসাবাদ করবেন।– এর ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব জীবন সত্যবাদিতার প্রভাব সীমাহীন– তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▶ জনাব আরমান আলী নিয়মিত সালাত আদায় করেন ও রমজান মাসের সাওম পালন করেন। কিন্তু প্রচুর সম্পদের মালিক হওয়া সত্ত্বেও যাকাত আদায় করেন না।

ক. যাকাত ব্যয়ের খাতকে আরবিতে কী বলে? ১
খ. কাদের প্রতি যাকাত আদায় করা ফরয? ২
গ. নিসাব পরিমাণ সম্পদের মারিকের প্রতি কীভাবে যাকাত আদায় করতে হবে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ইসলামের মৌলিক ইবাদত হিসেবে যাকাত আদায়ের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১০ ▶ 'ক' তার বন্ধুদের সাথে গল্প করছিল। এর মধ্যে 'খ' বলল 'ঘ' কে তো দেখছি না। তখন 'গ' বলল, আরে ও তো দুশ্চরিত্রবান লোক। তাদের আরেকজন বলল, ও তো ৫০ কোজ চালের দাম নিয়ে আমাকে ৪৫ কেজি চাল দিয়েছে।

ক. আখলাকে যামিমাহ অর্থ কী? ১
খ. ঘুষ গ্রহণকারীর সাথে ঘুষদাতা শাস্তিপ্রাপ্ত হবে কেন? ২
গ. 'গ' -এর কাজটি কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ঘ' -এর কাজের জন্য তাকে অবশ্যই শাস্তি পেতে হবে– বিশ্লেষণ কর। ৪

১১ ▶ তাহসিন তার বাবাকে বলল, আমি বিশ্ববিখ্যাত মুসলিম বিজ্ঞানীদের মধ্যে যিনি শল্য চিকিৎসার জন্য আজও আমাদের মাঝে স্মরণীয় হয়ে আছেন এবং ইউনানি শাস্ত্রে যার অবদান অসাধারণ তাঁর অনুসরণে একজন চিকিৎসাবিদ হতে চাই।

ক. কিতাবুল মানসুরি-এর রচয়িতা কে? ১
খ. ইসলাম জ্ঞান-বিজ্ঞান ও মানবকল্যাণের ধর্ম– বুঝিয়ে লেখ। ২
গ. তাহসিন কাকে অনুসরণ করে চিকিৎসাবিদ হতে চায়? তার অবদান উল্লেখ কর। ৩
ঘ. তাহসিনের চিকিৎসাবিদ হওয়ার উদ্দেশ্যটি সত্যিই প্রশংসনীয়– [illegible]

# বগুড়া জিলা স্কুল

wl q ^KW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ ধর্মীয় শিক্ষক জনাব আহমেদ কবির তার ক্লাসে প্রিয় শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, মহান আল্লাহ তায়ালা মানবজাতিকে সঠিক পথ প্রদর্শনের জন্য যুগে যুগে অসংখ্য নবি-রাসুল প্রেরণ করেছেন। হযরত মুহাম্মদ (স.)-এর পর আর কোনো নবি-রাসুল আসবেন না।

ক. রাসুল শব্দের অর্থ কী? ১
খ. রিসালাতে বিশ্বাস করা জরুরি কেন? ২
গ. 'রাসুলুল্লাহ (স.) সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি'– উক্তিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. খতমে নবুয়তের প্রতি তোমার দৃষ্টিভঙ্গি কী? বিশ্লেষণ কর। ৪

২ ▸ দুই বাল্যবন্ধু নেছার ও লিখন চাকরিজীবী। নেছার তার দায়িত্ব যথাযথভাবে পালন করেন এবং কোনো রকম অনিয়ম ও দুর্নীতির আশ্রয় নেয় না। অপরপক্ষে লিখন বিভিন্ন অপকৌশল অবলম্বন করে অনৈতিক পন্থায় অর্থ উপার্জন করে থাকেন।

ক. সর্বশ্রেষ্ঠ জান্নাতের নাম কী? ১
খ. আখিরাতে বিশ্বাস গুরুত্বপূর্ণ কেন? ২
গ. জনাব নেছারের নিষ্ঠাবান ও দায়িত্বশীল হওয়ার পেছনে কোন বিশ্বাস কাজ করেছে? বর্ণনা কর। ৩
ঘ. আমাদের প্রত্যেককে আল্লাহ তায়ালার কাছে হাজির হতে হবে এবং আমাদের কর্মফল ভোগ করতে হবে– উক্তিটির বিশ্লেষণ কর। ৪

৩ ▸ শামীম ও শামীমা দুই ভাইবোন। কুরআন মাজিদ সম্পর্কে জানতে গিয়ে শামীমা জানতে পারল, কুরআন মাজিদ একসঙ্গে নাজিল হয়নি। বরং এটি খণ্ডে খণ্ডে নাজিল হয়েছে। গ্রন্থটির ইতিহাস পর্যালোচনা করলে দেখা যাবে এর সংরক্ষণের দায়িত্ব মহান আল্লাহ তায়ালারই।

ক. শানে নুযুল কী? ১
খ. কুরআন মাজিদের আলোচ্য বিষয় সংক্ষেপে লেখ। ২
গ. কুরআন মাজিদ খণ্ডে খণ্ডে নাজিল হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. কুরআন মাজিদ সংরক্ষণের ইতিহাস বিশ্লেষণ কর। ৪

৪ ▸ সূর্যাস্তের অপূর্ব দৃশ্য দেখতে দেখতে আনিছ বললেন, পৃথিবীর সবকিছুই মহান আল্লাহ তায়ালা মানুষের জন্য সৃষ্টি করেছেন। আজিজ তার কথায় সায় দিয়ে বললেন, তার সৃষ্টির মধ্যে কিছু রয়েছে হালাল এবং হারাম। তিনি বলেন, রাসুলুল্লাহ (স.) বলেছেন, হালাল পথে জীবিকা অর্জন করা ফরজের পর আরেক ফরজ।

ক. 'হালাল' শব্দের অর্থ কী? ১
খ. হারামের পরিচয় দাও। ২
গ. উদ্দীপকে বর্ণিত হাদিসটির আলোকে হালালের সুফল বর্ণনা কর। ৩
ঘ. মানবজীবনে হালাল-হারামের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫ ▸ সালেহ আহমেদ একটি বিস্কুট কারখানার মালিক। কারখানার শ্রমিকরা সবাই সাওম পালন করেন। এতে তিনি খুশি হন এবং তিনি শ্রমিকদের ডিউটি কমিয়ে ইবাদত করার সুযোগ দেন এবং অতিরিক্ত কিছু পারিশ্রমিকও প্রদান করেন।

ক. 'সাওম'-এর ফার্সি প্রতিশব্দ কী? ১
খ. সাওম-এর বর্ণনা দাও। ২
গ. সাওম ঢালস্বরূপ– হাদিসটির ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রমযান সহানুভূতির মাস' হাদিসটির আলোকে সালেহ সাহেবের কাজগুলো বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব জুনাইদ একজন সরকারি চাকরিজীবী। 'মাকবুল হজের প্রতিদান জান্নাত ছাড়া কিছুই নয়'– হাদিসটি শুনে জান্নাত প্রাপ্তির প্রত্যাশায় অবসর নেওয়ার পর হজ করেন। তার স্বভাব চরিত্রে ব্যাপক পরিবর্তন হয়।

ক. হজের ফরজ কয়টি? ১
খ. কাদের ওপর হজ ফরজ– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত হাদিসটির ব্যাখ্যা কর। ৩
ঘ. সংশ্লিষ্ট বিষয়ের আলোকে জুনাইদ সাহেবের কর্মের বিষয়টি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ফারজানা ও ফারিয়া সামাজিক অবক্ষয় নিয়ে আলাপ করছিল। ফারজানা বললেন, তাকওয়ার অভাবে সমাজে কিছু প্রতারক ফিতনা-ফাসাদ সৃষ্টি করছে।

ক. আখলাকে যামিমা কী? ১
খ. তাকওয়া বলতে কী বোঝায়? ২
গ. দুশ্চরিত্র ও রূঢ় স্বভাবের মানুষ জান্নাতে প্রবেশ করবে না– হাদিসটির ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর'– আয়াতের আলোকে সামাজিক অবক্ষয়ের বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সামাজিক উন্নয়নে বৃক্ষরোপণ ও তা পরিচর্যা করার কাজটিকে জসিম সাহেব খুব পছন্দ করেন। কারণ মানুষের উপকারী বন্ধু বৃক্ষ যেমন ছায়া ও অক্সিজেন দেয়, তেমনি ফল, কাঠ ও ওষুধ দেয়। তিনি মনে করেন, এ ধরনের কাজে উৎসাহী হওয়া প্রত্যেকের নৈতিক দায়িত্ব।

ক. বৃক্ষরোপণ কী? ১
খ. বৃক্ষরোপণ সম্পর্কিত হাদিসটির মর্মার্থ লেখ। ২
গ. সামাজিক উন্নয়নে বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৩
ঘ. জসিম সাহেবের পছন্দের কাজটি সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ আইয়ুব সাহেব একজন নবনির্বাচিত চেয়ারম্যান। নৈতিক ও আর্থিক উভয় দিক দিয়ে তিনি একজন সৎ শাসক। ইউনিয়নকে দুর্নীতিমুক্ত ও আদর্শ ইউনিয়ন হিসেবে গড়ে তোলার জন্য কাজ করে যাচ্ছেন। বিচার-সালিশের ক্ষেত্রেও তিনি কোনো পক্ষপাতিত্ব করেন না।

ক. হযরত উমর (রা.) কোন বংশে জন্মান? ১
খ. নৈতিক মান উন্নয়নে আল-কুরআনের শিক্ষা বর্ণনা কর। ২
গ. দুর্নীতিমুক্ত সমাজ গঠনে চেয়ারম্যানের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. আইয়ুব সাহেবের কর্মে যে খলিফার কর্মের প্রতিফলন ঘটেছে পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ প্রাচুর্য আর ধনসম্পদ জাহিদ সাহেবকে অহংকারী করেননি, বরং তাকে আরও বিনয়ী করেছে। পরোপকারী এ ব্যক্তি গ্রামে দুর্ভিক্ষ দেখা দিলে তাদের মাঝে খাদ্য বিতরণ করেন। একবার তার গ্রামে একটি বিষয়কে কেন্দ্র করে অনৈক্য দেখা দিলে তিনি সবাইকে ঐক্যবদ্ধ করার চেষ্টা করেন।

ক. ইসলামের তৃতীয় খলিফার নাম কী? ১
খ. ইসলামের তৃতীয় খলিফাকে গণি বলা হয় কেন? ২
গ. জাহিদ সাহেবের আচরণে কোন খলিফার চরিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. গ্রামবাসীকে ঐক্যবদ্ধ রাখতে জাহিদ সাহেবের প্রচেষ্টা তৃতীয় খলিফার কোন ঘটনার সাথে সাদৃশ্য রয়েছে তা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ রুস্তম আলী একেবারে সাদাসিধে জীবনযাপন করেন। পানির কষ্ট দূরীকরণে নলকূপের ব্যবস্থা করেন, মসজিদ-মাদ্রাসা প্রতিষ্ঠা করেন। সর্বোপরি জনগণের উন্নয়নের জন্য উদারহস্তে দান করেন।

ক. ইসলামের ইতিহাসে সর্বপ্রথম লিখিত সনদ কোনটি? ১
খ. হযরত আবু বকর (রা.)-কে ইসলামের ত্রাণকর্তা বলা হয় কেন? ২
গ. রুস্তম আলীর কাজগুলো কোন খলিফাকে অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. একজন আদর্শ মানুষ হিসেবে রুস্তম আলীকে আর কোন কোন গুণ অর্জন করতে হবে? বিশ্লেষণ কর। ৪

# পাবনা জিলা স্কুল

wel q ^KWW: 1 1 1

## ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ মি. 'X' ও মি. 'Y' দুই বন্ধু। তারা নিয়মিত সালাত আদায় করে। কিন্তু মি. 'Y' প্রায়ই মিথ্যা কথা বলে, ওয়াদা ভঙ্গ করে ও আমানতের খেয়ানত করে। মি. 'X' তাকে অনেক বুঝাতে চেষ্টা করে, কিন্তু তাতে কোনো লাভ হচ্ছে না। তিনি বললেন, এসব দোষে দোষী ব্যক্তি মুসলমানদের চরম শত্রু। পরকালে এদের জন্য ভয়ঙ্কর শাস্তি রয়েছে।

ক. আকাইদ শব্দের অর্থ কী? ১
খ. ইমানের কয়টি মূল বিষয় রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. Y-এর আচরণে যা প্রতিফলিত হয়েছে তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সর্বশেষ বক্তব্যটি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▶ রফিক সাহেব মনে করেন, যেহেতু মানুষ কিয়ামত পর্যন্ত আসতে থাকবে, তাই তাদের সৎ পথ দেখানোর জন্য নবি-রাসুলগণও কিয়ামত পর্যন্ত আসবেন। অপরদিকে, শফিক সাহেব বিশ্বাস করেন, কিয়ামত পর্যন্ত আর কোনো নবি-রাসুল আসবেন না, আসার প্রয়োজনও নাই।

ক. 'ইসলাম'-এর দুটি আভিধানিক অর্থ লেখ। ১
খ. ইসলাম শিক্ষার গুরুত্ব বিশ্লেষণ কর। ২
গ. রফিক সাহেবের মনোভাব ইসলামের কোন বিধানের পরিপন্থি? ব্যাখ্যা কর। ৩
ঘ. শফিক সাহেবের বিশ্বাসের ওপর যৌক্তিক প্রমাণ উপস্থাপন কর। ৪

৩ ▶

Bgvb
↓
mvjvZ | mvIg | hvKvZ | nR

ক. তাওহিদ শব্দের অর্থ কী? ১
খ. সুরা আল-ইখলাসের আলোকে আল্লাহ তায়ালার পরিচয় ব্যাখ্যা কর। ২
গ. প্রদত্ত ছকের কোন আমলটি ধনী-গরিবদের মধ্যকার বিরাজমান বৈষম্য দূর করে? বিশ্লেষণ কর। ৩
ঘ. ছকের কোন আমলটি বিশ্ব মুসলিমের মহাসম্মেলন– ব্যাখ্যা কর। ৪

৪ ▶ পাবনার চাপা মসজিদের ইমাম জুমার খুতবায় ইবাদত ও ইবাদতের প্রকারভেদ সম্পর্কে বিস্তারিত আলোচনা করলেন। ইমাম সাহেব 'হাক্কুল ইবাদ'-এর ওপর বিস্তারিত ব্যাখ্যা দেন। তিনি বলেন, মানুষ সৃষ্টির একমাত্র উদ্দেশ্য হলো আল্লাহ তায়ালার ইবাদত করা। এ প্রসঙ্গে তিনি আল্লাহর বাণী "জিন ও মানবজাতিকে আমি আমার ইবাদতের জন্য সৃষ্টি করেছি" উল্লেখ করেন। প্রসঙ্গক্রমে সালাতের ধর্মীয় গুরুত্ব সম্পর্কে মুসল্লিদের সচেতন করেন।

ক. ইবাদত শব্দের অর্থ কী? ১
খ. ইবাদতের প্রকারভেদ উল্লেখপূর্বক ১ম প্রকার ইবাদতের ব্যাখ্যা কর। ২
গ. ইমাম সাহেবের বক্তব্য মানুষ সৃষ্টির একমাত্র উদ্দেশ্য কী? কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. ইমাম সাহেব মুসল্লিদের কিসের ধর্মীয় গুরুত্ব সম্পর্কে সচেতন করেন? ব্যাখ্যা কর। ৪

৫ ▶ জনৈক মাতব্বর সাহেব ২০২৩ সালে পূর্ণ এক বছর যাবত পঞ্চাশ লক্ষ টাকার মালিক ছিলেন। গত রমজানে তিনি হিসাব করে গ্রামের মসজিদে যাকাতের টাকা দিয়ে দুটি এসি কিনে দিলেন। ইমাম সাহেব এটা বুঝতে পেরে তাকে বললেন, মাতব্বর চাচা, আপনার যাকাত আদায় হয়নি। কারণ পবিত্র কুরআনে যাকাত প্রদানের খাতসমূহ নির্ধারিত।

ক. 'সাওম'-এর আভিধানিক অর্থ কী? ১
খ. "যাকাত হলো ইসলামের সেতুবন্ধ।" হাদিসটি ব্যাখ্যা কর। ২
গ. মাতব্বর সাহেবকে কত টাকা যাকাত দিতে হবে? বুঝিয়ে লেখ। ৩
ঘ. মাতব্বর সাহেবের যাকাত আদায় হয়েছে কি? কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ জনাব হাবিবুর রহমান স্যার ১০ম শ্রেণিতে শরিয়তের উৎস সম্পর্কে আলোচনা করলেন। তিনি আলোচনায় বললেন, শরিয়তের প্রথম ও সর্বপ্রধান উৎস হলো আল-কুরআন। ইহা লাওহে মাহফুজে লিপিবদ্ধ। আল্লাহ তায়ালা কুরআন সংরক্ষণের ব্যাপারে রাসুল (স.) কে সম্বোধন

ক. শরিয়ত শব্দের অর্থ কী? ১
খ. শরিয়তের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা কর। ২
গ. আল-কুরআন অবতরণ পদ্ধতি পাঠ্যপুস্তকের আলোকে লিপিবদ্ধ কর। ৩
ঘ. আল-কুরআনের সংরক্ষণের ব্যাপারে উদ্দীপকে বর্ণিত 'আল্লাহ তায়ালার বাণী' বিশ্লেষণ কর। ৪

৭ ▶ জারিফ সাহেব এক আলোচনা সভায় এক বক্তাকে বলতে শুনলেন যে, মানুষের দুনিয়া ও আখিরাতে কল্যাণের জন্য শুধুমাত্র কুরআন মাজিদ মানাই আবশ্যক। হাদিসের প্রয়োজন নাই। এ কথা শুনে তিনি স্থানীয় মসজিদের ইমাম সাহেবকে বললে তিনি বললেন, সম্পূর্ণ মিথ্যা কথা, কুরআন বুঝার জন্য হাদিসের বিকল্প নেই। আল্লাহ তায়ালা বলেন, "রাসুল তোমাদের যা দেন তা তোমরা গ্রহণ কর আর তোমাদের যা নিষেধ করেন তা থেকে বিরত থাক।" (সূরা হাশর)

ক. 'সূরা আল-মাউন'-এর আয়াত সংখ্যা কতটি? ১
খ. "ইসলাম পাঁচটি ভিত্তির ওপর প্রতিষ্ঠিত" হাদিসটির ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত আলোচনাসভার বক্তব্য কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ জনাব 'ক' সরকারি চাকরি করেন। তিনি তার কর্মস্থলে জনসাধারণের কাজ করে দিয়ে অতিরিক্ত অর্থ নেন।
অপরদিকে, জনাব 'খ' অঙ্গীকার ও প্রতিশ্রুতি রক্ষা করে চলেন। মাঝে মাঝে তিনি পবিত্র কুরআনের সূরা আল-মায়িদার ১নং আয়াত "হে ইমানদারগণ! তোমরা অঙ্গীকারসমূহ পূর্ণ কর" তিলাওয়াত করেন।

ক. আখলাক শব্দের অর্থ কী? ১
খ. 'নিশ্চয়ই আপনি মহান চরিত্রের ধারক।' আয়াতটির ব্যাখ্যা কর। ২
গ. "জনাব 'ক'-এর কাজের পরিণতি অত্যন্ত ভয়াবহ"– পাঠ্যপুস্তকের আলোকে লিপিবদ্ধ কর। ৩
ঘ. জনাব 'খ'-এর কাজটি ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৪

৯ ▶ জনাব 'ক' মায়ের ব্যাপারে বেখবর। সে তার মাকে বৃদ্ধাশ্রমে রেখে এসেছে। অপরদিকে, জনাব 'খ' অন্যের অনুপস্থিতিতে মানুষের সমালোচনা করে। আত্মীয়স্বজন ও বন্ধু-বান্ধবদের দোষ খুঁজে বেড়ায়।

ক. আমানত শব্দের অর্থ কী? ১
খ. 'আমানতের ক্ষেত্র ব্যাপক।'– ব্যাখ্যা কর। ২
গ. 'ক'-এর আচরণ পাঠ্যপুস্তকের আলোকে লিপিবদ্ধ কর। ৩
ঘ. 'খ'-এর কার্যকলাপ কুরআন-হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৪

১০ ▶ প্রেক্ষাপট-১ : সাইদুলের বাসায় এক এতিম মেয়ে কাজ করে। তারা তাকে খুব ভালোবাসে। নিজেরা যা খায় তাকেও তাই খেতে দেয় এবং নিজেরা যা পরে তাকেও তাই পরতে দেয়।
প্রেক্ষাপট-২ : ৩নং ধুবিল ইউনিয়নের চেয়ারম্যান জনাব রজব আলী মোল্লা খুব সৎ মানুষ। তিনি গ্রামে গ্রামে ঘুরে নিজ চোখে জনগণের অবস্থা দেখেন। তার এক ছেলে মদ পান করার কারণে তিনি প্রকাশ্যে ছেলেকে বেত্রাঘাত করে শাস্তি দেন।

ক. মহানবি (স.)-এর নানার নাম কী? ১
খ. মহানবি (স.)-এর নবুয়ত প্রাপ্তির ঘটনাটি লিপিবদ্ধ কর। ২
গ. প্রেক্ষাপট-১-এর সাথে মহানবি (স.)-এর কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রেক্ষাপট-২-এ কোন খলিফার আদর্শ ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| |
|---|
| (ক) নাম: মুহাম্মদ, জন্ম : ১৯৪ হিজরি, জন্মস্থান : বুখারা। |
| (খ) জন্ম : ৮০ হিজরি, মৃত্যু : ১৫০ হিজরি, উপাধি : ইমামে আযম। |

ক. ইসলামের ৪র্থ খলিফার নাম কী? ১
খ. কাকে 'যুননুরাইন' বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'ক' গ্রুপে নির্দেশিত মনীষীর হাদিস শাস্ত্রে অবদান বিশ্লেষণ কর। ৩
ঘ. 'খ' গ্রুপে বর্ণিত মনীষীর ফিকহ শাস্ত্রে তাঁর অবদান ও তাঁর

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (শাপলা)

wel q ^KvW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সাফিন বলল, "রাসুল (স.) বলেছেন, উত্তম গুণাবলিকে পরিপূর্ণতা দানের জন্যই আমি প্রেরিত হয়েছি।" আর আল্লাহ তায়ালা বলেছেন, "তোমাদের জন্য আল্লাহর রাসুলের মধ্যে রয়েছে উত্তম আদর্শ।"
নাজিম বলে, এ পৃথিবী চিরদিন একই রকম থাকবে না। একদিন গোটা পৃথিবী ধ্বংস হয়ে যাবে। তার কথা শুনে সিফাত বলল, সেদিন সকল কাজের হিসাব নেওয়া হবে। তবে নবি-রাসুল ও নেক বান্দাদের বদৌলতে অনেক পাপীদের মাফ করা হবে।

ক. নবুয়তের ধারা কাকে বলে? ১
খ. মৃত্যুর পর পুনরুত্থানে বিশ্বাস বলতে কী বোঝায়? ২
গ. শাফিনের উল্লিখিত বক্তব্যে ফুটে ওঠা রিসালাত নৈতিক মূল্যবোধ সৃষ্টিতে কোন ধরনের ভূমিকা রাখবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাজিমের উল্লিখিত বিষয়টি চিহ্নিত করে সিফাতের মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ আফিয়া আল্লাহ তায়ালাকে এক ও অদ্বিতীয় সত্তা হিসেবে স্বীকার করে আর বলে, ইবাদতের একমাত্র মালিক আল্লাহ। নাফিস চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় খুশি হয়ে পিরের নামে গরু জবাই করে সবাইকে খাওয়ায়। তার প্রতিবেশী আসিফ বলে, নাফিসের কাজে চরম জুলুম প্রকাশ পেয়েছে।

ক. নিফাক কী? ১
খ. "আমিই শেষ নবি। আমার পরে কোনো নবি নেই।"– ব্যাখ্যা কর। ২
গ. আফিয়ার মধ্যে ফুটে ওঠা বিশ্বাসটি চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. নাফিসের মনোভাবে যে বিষয়টি ফুটে উঠেছে তা চিহ্নিত করে আসিফের মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ রিমি গৃহস্থালি কোনো জিনিস চাইলে তার প্রতিবেশীদের দেয় না। দুস্থ, ইয়াতিমদের সাহায্য করে না। সে মাঝে মাঝে সালাত আদায় করে। নাহিদ একজন ক্ষুদ্র ব্যবসায়ী। সে সততা ও বিশ্বস্ততার সাথে ব্যবসায় করে। সে তার প্রতিবেশীসহ অন্যদের সাধ্যমতো সাহায্য করে। অর্থ দিয়ে না পারলেও দৈহিক পরিশ্রম ও বুদ্ধি-পরামর্শ দিয়ে সাহায্য করে।

ক. হাদিস কাকে বলে? ১
খ. হাদিসকে কুরআনের ব্যাখ্যা বলা হয় কেন? ২
গ. রিমির কাজে তোমার পাঠ্যপুস্তকে উল্লিখিত কোন সূরার শিক্ষা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাহিদের কাজটিতে যে হাদিসের বক্তব্য ফুটে উঠেছে তা চিহ্নিত করে কাজটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৪ ▸ আনিস গ্রামের রাস্তায় গাছ লাগিয়েছিল। আজ গাছগুলো অনেক বড় হয়েছে। এতে গ্রামের রাস্তার সৌন্দর্য যেমন বেড়েছে, তেমনি রাস্তায় চলা মানুষের জন্য ছায়া ও পশুপাখির আশ্রয়স্থল হয়েছে।
সাবিনা প্রতিদিন ফজর সালাতের পরে পবিত্র কুরআন তেলাওয়াত করে। তার মা তাকে দেখে দেখে, ধীরে ধীরে কুরআন তেলাওয়াতের প্রতি উৎসাহ প্রদান করেন।

ক. শরিয়ত কাকে বলে? ১
খ. কুরআন সংকলন কেন করা হয়েছিল? ২
গ. আনিসের কাজটির গুরুত্ব সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সাবিনার মা তাকে যে ধরনের তেলাওয়াতের প্রতি উৎসাহিত করেন তা উল্লেখপূর্বক উহার গুরুত্ব ও মাহাত্ম্য আলোচনা কর। ৪

৫ ▸ শাকিল বলল, ইসলামে এমন একটি ইবাদত আছে যা জান্নাতের চাবিকাঠিস্বরূপ। উক্ত ইবাদত পালন না করলে ব্যক্তি মুসলমান থাকতে পারে না। সাজিদ বলল, আমি আরও একটি ইবাদতের কথা জানি, যা বছরান্তে একবার ধনী মুসলমানদের জন্য আদায় করা ফরজ। উক্ত ইবাদত পালনের মাধ্যমে মানুষের মনে খোদাভীতি সৃষ্টি হয়। সমাজ থেকে অস্থিতিশীলতা ও বেকারত্ব দূর হয়। ধনী ও গরিবের মাঝে সেতুবন্ধ তৈরি হয়।

ক. হাক্কুল্লাহ কাকে বলে? ১
খ. 'জিহাদ ও সন্ত্রাস এক নয়।'– ব্যাখ্যা কর। ২
গ. শাকিলের বক্তব্যে ইসলামের কোন ইবাদতের কথা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাজিদের বক্তব্যে যে ইবাদতের প্রতি আলোকপাত করা হয়েছে তা চিহ্নিত করে উহার নৈতিক শিক্ষা ব্যাখ্যা কর। ৪

৬ ▸ মাসুম বছরের নির্দিষ্ট সময়ে মাসব্যাপী এমন একটি ইবাদত পালন করে যেটি গুনাহ মাফের সাথে সাথে লোভ-লালসা, হিংসা-বিদ্বেষ ও ক্রোধ থেকে মুক্ত থাকতে শেখায়। সিফাত এমন একটি ইবাদত পালন করে, যা নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট স্থানে, নির্ধারিত নিয়মে আদায় করতে হয়। এ ইবাদতটি ধনী মুসলমানদের ওপর ফরজ।

ক. নৈতিকতা কী? ১
খ. 'আমাকে শিক্ষক হিসেবেই প্রেরণ করা হয়েছে।'– বুঝিয়ে লেখ। ২
গ. মাসুমের পালনকৃত ইবাদতটি চিহ্নিত করে তার ব্যাখ্যা কর। ৩
ঘ. সিফাতের পালনকৃত ইবাদতের মাধ্যমে বিশ্বভ্রাতৃত্ব প্রতিষ্ঠিত হয়। তুমি কি একমত? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ 'চ' ও 'জ' যৌথভাবে একটি ব্যবসায় শুরু করে। ব্যবসার শুরুতে তারা উভয়ে এই শর্তে একমত হয় যে, মিথ্যা বলবে না, আত্মসাৎ করবে না, কেউ কাউকে ঠকাবে না, মালে ভেজাল দিবে না। 'চ' শর্ত মোতাবেক ব্যবসায় পরিচালনা করে। 'জ' গোপনে অন্যত্র আলাদাভাবে ব্যবসায় শুরু করে। ব্যবসার হিসাব চাইলে মিথ্যা বিভিন্ন খরচ দেখিয়ে 'চ'-এর সাথে সম্পর্ক ছেদ করতে চেষ্টা করে। এখন সে পণ্যের দোষ গোপন করে, ভালো দ্রব্যের সাথে খারাপ দ্রব্য মিশিয়ে বিক্রি করে।

ক. আমর বিল মারুফ কী? ১
খ. আত্মশুদ্ধির উপায় ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'চ'-এর কাজে আখলাকে হামিদাহ-এর কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জ'-এর কাজটি চিহ্নিত করে তা বর্জনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জিসান বিজ্ঞান নিয়ে লেখাপড়া করেছে। ভালো একটি চাকরির অফার পেলেও সে তা পরিত্যাগ করে। তার বাবা তাকে একটি ওষুধের দোকান করে দিলেও একঘেয়েমি ভালো লাগে না বলে তা বন্ধ করে এখন অলস জীবনযাপন করছে। অন্যদিকে, তার বোন মিতা কথায় ও কাজে যেমন সংযমী, তেমনি ব্যয়ের ক্ষেত্রেও সে হিসাবি। তার পরিমিতিবোধ দেখে তার বাবা বলেন, আমার মেয়ে বুদ্ধিমতী।

ক. শালীনতা কাকে বলে? ১
খ. সাম্প্রদায়িক সম্প্রীতি বলতে কী বোঝায়? ২
গ. জিসানের কাজে তোমার পঠিত কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিতার কাজটি চিহ্নিত করে তার বাবার মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ নাজিম সবসময় সুন্দর ও পরিপাটি থাকতে পছন্দ করে। সে তার দেহ, মন, পোশাক, খাদ্য পরিষ্কার রাখে। তার কাজকর্ম ভেজাল ও ঝামেলামুক্ত। অপরদিকে, 'আ' চাকরির পরীক্ষায় ভালো করতে না পারলেও নিয়োগ কমিটির সভাপতির স্ত্রীকে সোনার গহনা উপহার দিয়ে ফলাফল তার পক্ষে নিয়ে চাকরিতে যোগ দেয়।

ক. কর্তব্যপরায়ণতা কী? ১
খ. 'গিবত ব্যভিচারের চাইতেও মারাত্মক'– কেন? ২
গ. নাজিমের আচরণে আখলাকে হামিদাহ-এর ফুটে ওঠা দিকটি চিহ্নিত করে এর গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আ'-এর কাজটি চিহ্নিত করে এর কুফল ও ইসলামের আলোকে এর বিধান আলোচনা কর। ৪

১০ ▸

| ব্যক্তি | |
|---|---|
| 'ক' | তীক্ষ্ণ মেধার অধিকারী, 'আমিরুল মুমিনিন ফিল হাদিস' উপাধি লাভ, দীর্ঘ ১৬ বছর সাধনা করে একটি বিশুদ্ধতম গ্রন্থ সংকলন। |
| 'খ' | নম্র, ভদ্র, লজ্জাশীল। ইসলাম ও মানবতার সেবায় অকাতরে সম্পদ ব্যয়, মুসলমানদের মধ্যে বিভ্রান্তি দূর করতে পদক্ষেপ গ্রহণ। |

ক. 'আস সাবউল মুয়াল্লাকাত' কী? ১
খ. কাকে রসায়নের জনক বলা হয়? কেন? ২
গ. ছকচিত্রের 'ক' ব্যক্তিকে চিহ্নিত করে তাঁর অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকচিত্রের 'গ' ব্যক্তিকে চিহ্নিত করে ইসলাম ও মানবতার সেবায় তাঁর অবদান বিশ্লেষণ কর। ৪

১১ ▸ বিদ্যালয়ে ৭ম শ্রেণি কর্তৃক আয়োজিত ইসলামিক অনুষ্ঠানে প্রধান শিক্ষক বলেন, তোমাদের মতো বয়সেই মহানবি হযরত মুহাম্মদ (স.) উত্তম আদর্শের নজির স্থাপন করেছিলেন। সমাজে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে একটি সংগঠন গড়ে তুলেছিলেন। শ্রেণিশিক্ষক বলেন, তোমরা জ্ঞান- বিজ্ঞান ও প্রযুক্তি চর্চা করে আল রাজি-এর মতো আধুনিক চিকিৎসা বিজ্ঞানের উন্নতিতে অবদান রাখতে চেষ্টা করবে।

ক. বায়তুল হিকমা কী? ১
খ. হযরত আবু বকর (রা.)-কে ইসলামের ত্রাণকর্তা বলা হয় কেন? ২
গ. শ্রেণিশিক্ষকের উল্লিখিত ব্যক্তির পূর্ণাঙ্গ পরিচয় দিয়ে তাঁর অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রধান শিক্ষকের উল্লিখিত আদর্শ ছাড়াও আরও চারিত্রিক গুণাবলির কারণে আরববাসী মহানবি (স.)-কে 'আল-আমিন' উপাধি দিয়েছিল।– [illegible]

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (বকুল)

wel q ^KvW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলাম ও নৈতিক শিক্ষা ◆ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জনাব সালেহ দুই কেজি ওজনের একটি ইলিশ মাছ ক্রয় করেন। রান্না করে খাওয়ার সময়ে মহান আল্লাহর প্রশংসা করে বলেন, আল্লাহ তায়ালা মানুষের জন্য এসব নেয়ামত দান করেছেন! মানুষের উপকারে তিনি এরকম কত বস্তু সৃষ্টি করেছেন। তার ভাই জনাব শহিদ একথা শুনে বলেন, এতে আল্লাহর কোনো হাত নেই। সবকিছু প্রকৃতির দান। এসব এমনি এমনিই হয়।

ক. আকাইদ কাকে বলে? ১
খ. 'ইমান ও ইসলাম একটি অপরটির ওপর নির্ভরশীল'– ব্যাখ্যা কর। ২
গ. জনাব সালেহ-এর উক্তিতে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শহিদের উক্তিটি চিহ্নিত করে মানবজীবনে তার পরিণতি ও কুফল বিশ্লেষণ কর। ৪

২ ▸ সাকিব রাকিবের কাছে ১০০০ টাকা রেখে তা খরচ না করার জন্য বলে। কিন্তু রাকিব তার এক প্রয়োজনে টাকাগুলো খরচ করে ফেলে। সাকিব তার কাছে টাকা চাইলে সে তা দেওয়ার ব্যাপারে টালবাহানা করতে থাকে এবং একপর্যায়ে উভয়ের মধ্যে সংঘাত সৃষ্টি হয়। তাদের এ অবস্থা দেখে স্থানীয় মসজিদের ইমাম সাহেব বলেন, এমন একদিন আসবে যেদিন আমাদের প্রত্যেককে ইহকালীন কাজের হিসাব দিতে হবে। আর মুত্তাকিগণ তাতে দৃঢ় বিশ্বাস রাখেন।

ক. আসমানি কিতাব কাকে বলে? ১
খ. 'আমিই শেষ নবি আমার পরে কোনো নবি নেই।'– ব্যাখ্যা কর। ২
গ. রাকিবের কর্মে আকাইদের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের বক্তব্য চিহ্নিত করে মানবিক মূল্যবোধ বিকাশে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩ ▸ রাফি ও শাফি আল-কুরআনের বিভিন্ন সূরা নিয়ে আলোচনা করছিল। রাফি বলল, আল-কুরআনে এমন একটি সূরা রয়েছে, যে সূরার মাধ্যমে মহানবি (স.)-কে সান্ত্বনা দেওয়া হয়েছে। শাফি বলল, তাতে এমন সূরাও আছে যেখানে মানুষকে সুন্দর অবয়ব দিয়ে তৈরির কথা বলা হয়েছে, আবার তাকে সবচেয়ে নিকৃষ্টতম স্থানে নামিয়ে দেওয়ার কথাও বলা হয়েছে।

ক. শানে নুযুল কাকে বলে? ১
খ. 'সেই সফলকাম হবে যে নিজেকে পবিত্র করবে'– ব্যাখ্যা কর। ২
গ. রাফির বক্তব্যে ফুটে ওঠা সূরাটি চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. শাফির বক্তব্যে যে সূরার প্রতি ইঙ্গিত করা হয়েছে তা চিহ্নিত করে উক্ত সূরার ব্যাখ্যা ও শিক্ষা লেখ। ৪

৪ ▸ জনাব লিখন এ বছর চেয়ারম্যান নির্বাচন করতে চায়। এজন্য তিনি অনেক গরিব মানুষকে পানির কষ্ট লাঘবের জন্য টিউবওয়েল দান করে। তিনি তার বন্ধু শিখনকে বলে, এ দানের ফলে জান্নাতে যাওয়ার পথ সুগম হবে। তার বন্ধু শিখন তাকে বলে, বন্ধু, জান্নাতে যেতে হলে তোমাকে আগে লক্ষ্য স্থির করতে হবে। জনাব শিখন তার বন্ধুকে আরও একটি হাদিসের প্রতি ইঙ্গিত করে বলল, মানুষের মধ্যে কোন ব্যক্তি উত্তম সে সম্পর্কে আমাদের প্রিয় নবি (স.) উল্লেখ করেছেন।

ক. ইজমা কাকে বলে? ১
খ. কিয়াসের একটি নীতি ব্যাখ্যা কর। ২
গ. জনাব লিখন-এর চেতনা কোন হাদিসের পরিপন্থি তা চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শিখনের শেষোক্ত বক্তব্যের সাথে যে হাদিসের মিল রয়েছে তা চিহ্নিত করে তার বাংলা অর্থ ও ব্যাখ্যা লেখ। ৪

৫ ▸ অরিন ও জেরিন দুই বোন। অরিন বলল, ইসলামে এমন একটি ইবাদত আছে, যা জান্নাতের চাবিকাঠিস্বরূপ। উক্ত ইবাদত পালন না করলে ব্যক্তি মুসলমান থাকতে পারে না। জেরিন বলল, আমি আরও একটি ইবাদতের কথা জানি, যা বছরে এক মাসের জন্য ফরজ হয়। উক্ত ইবাদত মানুষকে খোদাভীতির চরম শিখরে আরওহণ করাতে পারে।

ক. হাক্কুল্লাহ কাকে বলে? ১
খ. হাক্কুল ইবাদ-এর একটি প্রকার ব্যাখ্যা কর। ২
গ. অরিনের বক্তব্যে ইসলামের যে ইবাদতের কথা ফুটে উঠেছে তা চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. জেরিনের ইঙ্গিত করা ইবাদতটি চিহ্নিত করে তার সামাজিক ও ধর্মীয় গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব খালিদ একজন বিত্তশালী মানুষ। তিনি বছরান্তে হিসাব করে দেখেন তার কাছে ১৫,০০,০০০ (পনেরো লক্ষ) টাকা রয়েছে। তিনি ইসলামি বিধান মতে, অত্র টাকার একটি নির্দিষ্ট অংশ দিয়ে শীতবস্ত্র কিনে দুস্থদের মাঝে বণ্টন করে দেন। স্থানীয় মসজিদের ইমাম সাহেব জুমার খুতবায় বলেন, আরও একটি ইবাদত রয়েছে, যা কেবল বিত্তশালীদের ওপর ফরজ। জীবনে একবার আদায় করলেই উক্ত ফরজ আদায় হয়ে যায়।

ক. ইলম কাকে বলে? ১
খ. 'মালিক শ্রমিকের উজ্জ্বল দৃষ্টান্ত হযরত আনাস (রা.)'– ব্যাখ্যা কর। ২
গ. জনাব খালিদের কাজটি চিহ্নিত করে তিনি যে পরিমাণ টাকার বস্ত্র বিতরণ করেন তা উল্লেখ কর। ৩
ঘ. ইমাম সাহেব যে ইবাদতের কথা বলেন তা চিহ্নিত করে তার ধর্মীয় গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৭ ▸ মুনিম ও সানিম দুই ভাই। মুনিম সানিমকে বলল, ইসলামে এমন একটি ব্যবস্থা রয়েছে যার মাধ্যমে সমাজ থেকে যাবতীয় অন্যায় ও অত্যাচার দূরীভূত করে ন্যায় ও সত্য প্রতিষ্ঠা করা যায়। সানিম বলল, পার্থিব কোনো স্বার্থ লাভের আশায় বিশৃঙ্খলার মাধ্যমে আতঙ্ক সৃষ্টি করা যাবে না। জ্ঞানের স্বল্পতার কারণে এক শ্রেণির মানুষ অন্যায় খুন-খারাবি ও লুটতরাজ করে, যা সমাজ ও রাষ্ট্রে ফিতনা সৃষ্টি করে।

ক. শিক্ষার্থী কাকে বলে? ১
খ. 'শিশুরা অনুকরণপ্রিয়'– ব্যাখ্যা কর। ২
গ. মুনিমের বক্তব্যে ইসলামের যে বিষয়টি ফুটে উঠেছে তা চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. সানিমের বক্তব্যটি চিহ্নিত কর। তার বক্তব্যের সাথে কি তুমি একমত? পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জনাব নজরুল ইসলাম মহান আল্লাহর ভয়ে যাবতীয় অন্যায় কাজ থেকে নিজেকে বিরত রাখেন। তিনি মনে করেন মহান আল্লাহ সবসময় আমাদের দেখছেন। তার ভাই জনাব আব্দুল লতিফ কাউকে কোনো কথা দিলে সে কথা রক্ষা করে চলেন। তিনি মনে করেন, কাউকে কথা দিয়ে সে কথা রক্ষা করে চলার বিশেষ গুরুত্ব রয়েছে। এটি একটি ঋণের মতো, যা পালন করা মুমিনের জন্য অপরিহার্য।

ক. আখলাকে হামিদা কাকে বলে? ১
খ. 'সত্যবাদিতা একটি মহৎ গুণ'– ব্যাখ্যা কর। ২
গ. জনাব নজরুল ইসলামের মধ্যে আখলাকের কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আব্দুল লতিফের চরিত্রে ইসলামের যে বিষয়টি ফুটে উঠেছে তা চিহ্নিত করে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব ইউনুস আলি রাস্তায় একজন অসুস্থ ব্যক্তিকে পড়ে থাকতে দেখে তাকে পার্শ্ববর্তী হাসপাতালে নিয়ে যান এবং প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করেন। জনাব শফিউল্লাহ সমাজের সকল নারীকে অত্যন্ত মর্যাদা দিয়ে থাকেন। তিনি কখনো কোনো নারীকে কোনোরূপ ঠাট্টা মস্করা করেন না। তার স্ত্রী কয়েকটি কন্যাসন্তান প্রসব করলে তিনি বেজার না হয়ে অত্যন্ত খুশি হন।

ক. শালীনতা কাকে বলে? ১
খ. 'সন্তানের নিকট মাতা-পিতা আমানত'– ব্যাখ্যা কর। ২
গ. জনাব ইউনুস আলির কাজে আখলাকের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শফিউল্লাহর আচরণে আখলাকের যে বিষয়টি ফুটে উঠেছে তা চিহ্নিত করে তার গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব মহিদুল ইসলাম তার এলাকার চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর জনগণের উদ্দেশ্যে দেওয়া ভাষণে বলেন, যতদিন আমি আল্লাহ ও তার রাসুল (স.)-এর অনুসরণ করি ততদিন তোমরা আমার অনুসরণ করবে ও আমাকে সাহায্য করবে। জনাব রকি বলল, তাদের এলাকার সংসদ সদস্য ন্যায় ও ইনসাফ কায়েমে আপন-পর ভেদাভেদ করেন না। তার নিজের পুত্রকে তিনি মদ পানের অপরাধে শাস্তি দিতে কুণ্ঠাবোধ করেননি।

ক. খুলাফায়ে রাশেদিন কাকে বলে? ১
খ. হযরত উমর (রা.)-কে কেন 'ফারুক' বলা হয়? ২
গ. জনাব মহিদুল ইসলাম প্রদত্ত ভাষণে ইসলামের কোন খলিফার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রকির এলাকার সংসদ সদস্যের কাজের সাথে যে খলিফার কাজের মিল রয়েছে তা চিহ্নিত করে তার চরিত্র বিশ্লেষণ কর। ৪

১১ ▸ মাহবুবা ম্যাডাম দশম শ্রেণিতে পাঠদানকালে দুজন মহান ব্যক্তি সম্পর্কে আলোচনা করেন। প্রথম ব্যক্তি ছিলেন 'আমিরুল মুমিনিন ফিল হাদিস'। তিনি লক্ষাধিক হাদিস সনদসহ মুখস্থ করেছিলেন। আর দ্বিতীয় ব্যক্তি ছিলেন ফিকহ শাস্ত্রের উদ্ভাবক এবং একটি মাযহাবের প্রতিষ্ঠাতা। আমরা হাদিস ও ফিকহ শাস্ত্রে চিরদিন তাদের কাছে ঋণী।

ক. জাবির ইবনে হাইয়ান কে ছিলেন? ১
খ. ইমাম গাযালি (র.)-কে হুজ্জাতুল ইসলাম বলা হয় কেন? ২
গ. মাহবুবা ম্যাডামের আলোচনায় প্রথম ব্যক্তি কে ছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাহবুবা ম্যাডামের আলোচনায় দ্বিতীয় ব্যক্তিকে চিহ্নিত করে তার অবদান বিশ্লেষণ কর। ৪

# কুমিল্লা জিলা স্কুল

wel q ^KvW: 1 1 1

## ইসলাম ও নৈতিক শিক্ষা ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সিহাব ও মাহিন ১০ম শ্রেণিতে অধ্যয়ন করে। শিহাব মনে করে মানুষের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, জাতীয়, শিক্ষা ও সাংস্কৃতিক নীতিমালা ইসলামে রয়েছে। এমনকি বিচারব্যবস্থা, দণ্ডবিধি, জিহাদ, পররাষ্ট্রনীতিমালা ইসলামেই রয়েছে। অন্যদিকে, মাহিন মনে করে, সৃষ্টি জগত পরিচালনার জন্য আল্লাহর পাশাপাশি ফেরেশতাদের অংশগ্রহণ জরুরি।

ক. ইমান শব্দের ক্রিয়ামূল কী? ১

খ. ইমান ও ইসলামের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ ও অবিচ্ছেদ্য সম্পর্ক বিদ্যমান— ব্যাখ্যা কর। ২

গ. শিহাবের ধারণা কী রূপ? — ব্যাখ্যা কর। ৩

ঘ. মাহিনের মনোভাব চিহ্নিত করে এটি কেন জঘন্যতম অপরাধ হবে? তা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ মুরাদ পাশের দোকান থেকে ১ কেজি পিঁয়াজ ক্রয় করে এনে বাসায় এসে মেপে দেখে পিঁয়াজের ওজন ৮৭৫ গ্রাম। অন্যদিকে, মাহতাব মনে করে মদ, জুয়া, সুদ, ঘুষ বৈধ। তার মন্তব্য শুনে স্থানীয় মসজিদের ইমাম সাহেব বলেন, 'এর ফলে দুনিয়াতে অনৈতিকতার প্রসার ঘটবে এবং তাকে অনন্তকালে শাস্তি ভোগ করতে হবে।'

ক. শিরক কী? ১

খ. রিসালাত কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. দোকানদারের আচরণ কী ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাহতাবের বিষয়টি চিহ্নিত করে ইমাম সাহেবের উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব মাহমুদ একজন আল্লাহভীরু মানুষ। তিনি প্রকাশ্যে ও অপ্রকাশ্যে সকল প্রকার পাপ কাজ থেকে বিরত থাকেন। সকল কাজ করার পূর্বে আল্লাহর উপস্থিতি কল্পনা করেন। অন্যদিকে, শিবলী সাহেব একটি কারাগারের প্রধান কর্মকর্তা। তিনি দেখলেন, বিভিন্ন অপরাধে অনেক আসামী ভিন্ন ভিন্ন শাস্তি ভোগ করছে।

ক. কুফর কী? ১

খ. ইসলাম কাকে বলে? ২

গ. শিবলী সাহেবের দেখা স্থানটি তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের সদৃশ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মাহমুদের কাজটি চিহ্নিত করে আদর্শ মানুষ গঠনের বলিষ্ঠ ভূমিকা মূল্যায়ন কর। ৪

৪ ▸ সাদিয়া একাদশ শ্রেণিতে অধ্যয়নরত। ইসলাম বিষয়ক এক সেমিনারে সে বলে, আল্লাহ মানুষ জাতিকে সুন্দর অবয়ব দিয়ে সৃষ্টি করেছেন। তাই তার সম্মান ও মর্যাদা ইমান আনার ওপর নির্ভর করে। অপরদিকে, সাবিহা নামাযের প্রতি অবহেলা করে। তার পাশের বাসার সামিয়া থালা বাসন ধার চাইলে সেগুলো দিতে অস্বীকার করে।

ক. সূরা আশ-শামস কোথায় অবতীর্ণ হয়? ১

খ. খতমে নবুয়ত কী? ব্যাখ্যা কর। ২

গ. সাবিহা কোন সূরার শিক্ষা বুঝতে ব্যর্থ হয়েছে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. সাদিয়ার বক্তব্যে কোন সূরার প্রতি ইঙ্গিত করে? তোমার পাঠ্যবয়ের আলোকে বিশ্লেষণ কর ৪

৫ ▸ জনাব মামুন সাহেব একজন প্রকৌশলী। প্রকৌশলী হলেও কৃষিকাজের প্রতি তার যথেষ্ট আগ্রহ। এ বছরের জুন-জুলাই মাসে তিনি বেশকিছু ফলজ গাছ রোপণ করেন। অন্যদিকে, জনাব 'ক' আসন্ন ইউপি নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী। তার নির্বাচনি এলাকার শুভপুর জামে মসজিদে ১টায় যোহরের সালাত আদায় করেন। পরক্ষণে ১টা ৪০ মিনিটে অপর মসজিদে আবারও যোহরের সালাত আদায় করেন। তিনি মনে করেন, এ জন্য তাকে ধার্মিক ভেবে সবাই তাকে ভোট দেবে।

ক. মাউন কী? ১

খ. কুরআন সংকলন কী? বুঝিয়ে লেখ। ২

গ. জনাব 'ক'-এর আচরণ সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখা কর। ৩

ঘ. জনাব মামুন সাহেবের কাজটি চিহ্নিত করে সংশ্লিষ্ট হাদিসটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬ ▸ হাসান ইসলামি বিশ্ববিদ্যালয়ের হাদিস বিভাগের একজন নিয়মিত ছাত্র। উক্ত বিশ্ববিদ্যালয়ের হাদিস বিভাগের এক সেমিনারে ড. হেলাল সাহেব বলেন, কোনো সমস্যা দেখা দিলে সাহাবিগণ পবিত্র কুরআনে এর সমাধান খুঁজতেন। তাতে না পাওয়া গেলে হাদিসে তার সমাধান খুঁজতেন। তাতেও না পাওয়া গেলে প্রধান প্রধান সাহাবিগণ মিলে ঐক্যমতের ভিত্তিতে তার সমাধান করতেন। অন্যদিকে, মাওলানা জামাল বলেন, ইসলামে এমন একটি বিধান আছে, যা কুরআন ও সুন্নাহের আইন বা নীতির সদৃশ্যের ভিত্তিতে বিচার-বুদ্ধি প্রয়োগ করে পরবর্তীতে উদ্ভূত সমস্যার সমাধান দেওয়া হয়।

ক. ফরজ কী? ১

খ. ফরজে কিফায়া কী? বুঝিয়ে লেখ। ২

গ. মাওলানা জামান সাহেবের বর্ণিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩

ঘ. ড. হেলাল সাহেবের বর্ণিত বিষয়টি চিহ্নিত করে তোমার পাঠ্যবইয়ের [illegible]

৭ ▸ মারুফ একটি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি ২০১৮ সালে অর্জন করেন। তিনি তার ডাক্তার ভাইয়ের বাসায় অবস্থান করে আসছেন। তার ভাইয়ের বাসায় অবস্থানের সুযোগ থাকায় চাকরি-বাকরির কোনো প্রয়োজন আছে বলে তিনি মনে করেন না। অন্যদিকে, মোরশেদ চৌধুরী সাহেব মাওলা গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজের সাথে কৃত চুক্তি কৌশলে ভঙ্গ করেন।

ক. তাকওয়া কী? ১

খ. ছাত্র-শিক্ষক সম্পর্ক কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ২

গ. মারুফের মাঝে আখলাকে যামিমার কোন বিষয়ের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইসলামের দৃষ্টিতে মোরশেদ চৌধুরী সাহেবের চুক্তি ভঙ্গ কী জাতীয় অপরাধ তা চিহ্নিত করে এর অপকারিতা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সামিয়া এমন একটি ইবাদত পালন করে, যার গুরুত্বের কথা পবিত্র কুরআন মাজিদে বার বার উল্লেখ করা হয়েছে। ইবাদতটি মুসলিম ও অমুসলিমদের মধ্যে পার্থক্যকারী। অপরদিকে, মালিহা প্রতিবছর দিনের বেলায় এমন এক ইবাদত পালন করে, যার ফল আল্লাহ তায়ালা নিজ হাতে দেবেন বলে ঘোষণা করেছেন। উক্ত ইবাদত পালন করে তিনি অসহায় মানুষের ক্ষুধার জ্বালাও উপলব্ধি করতে পেয়েছেন।

ক. যাকাত কী? ১

খ. যাকাত কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. সামিয়ার পালনকৃত ইবাদতটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. মালিহার পালনকৃত ইবাদতটি চিহ্নিত করে এর সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব মিজান সাহেব ও তার পরিবারের সদস্যদের নিয়ে একটি দেশের কতিপয় স্থান বিশেষ ইবাদতের উদ্দেশ্যে ভ্রমণ করেন। তার এ যাত্রার কথা জানতে পেরে তার বড় ভাই মাওলানা নোমান বলেন, এ ইবাদতের বিনিময়ে আল্লাহ তায়ালা তোমাদেরকে নবজাত শিশুর মতো নিষ্পাপ করে দেবেন। অপরদিকে, হেলাল সাহেব তার আয়ের একটি অংশ বছর শেষে হিসাব করে দরিদ্র অসহায় মানুষের মাঝে বিতরণ করেন।

ক. সাওম কী? ১

খ. সালাত বলতে কী বোঝায় লেখ। ২

গ. হেলাল সাহেবের ইবাদতটি কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের জনাব মিজান সাহেবের ইবাদতটি চিহ্নিত করে মাওলানা নোমান সাহেবের উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব হাবিবুর রহমান 'ক' রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান নির্বাচিত হন। তিনি রাষ্ট্রে প্রজাদের খোঁজখবর নেওয়ার জন্য পুলিশ ও গোয়েন্দা বিভাগ প্রতিষ্ঠা করেন। এমন কি স্বীয় স্ত্রী লায়লাকে প্রসব বেদনায় কাতর এক প্রজার স্ত্রীকে সাহায্য করার জন্য তার গৃহে নিয়ে যান। অন্যদিকে, জনাব রশিদ আহমদ 'খ' নামক এলাকার মেয়র নির্বাচিত হন। মেয়র নির্বাচিত হওয়ার পর ইসলাম ও মানবতার সেবায় অকাতরে তার সম্পদ দান করেন। সিটি এলাকার মানুষের পানির অভাব দূর করার জন্য তিনি সিটি কর্পোরেশন-এর বিভিন্ন স্থানে গভীর নলকূপ স্থাপন করেন। এ এলাকায় দুর্ভিক্ষ দেখা দিলে তিনি জনগণের মাঝে ভিজিএফ কার্ড দিয়ে ত্রাণ বিতরণ করেন।

ক. বিদায় হজ কী? ১

খ. কাকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়? বুঝিয়ে লেখ। ২

গ. কোন খলিফার আদর্শের সাথে জনাব রশিদ আহমদ সাহেবের মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব হাবিবুর রহমানের আদর্শ ইসলামের কোন মহান ব্যক্তির আদর্শের অনুরূপ? তোমার পাঠ্যবইয়ের আলোকে উক্ত মহান ব্যক্তির দেশপ্রেম বিশ্লেষণ কর। ৪

১১ ▸ দৃশ্যকল্প-১ : আধুনিক রসায়ন শাস্ত্রে মুসলমানদের অনেক অবদান রয়েছে। এমন একজন মুসলিম বিজ্ঞানী রয়েছেন, যিনি রসায়ন ও বিজ্ঞানের কতিপয় গুরুত্বপূর্ণ ক্ষেত্র তথা পরিস্রবণ, দ্রবণ, ভস্মীকরণ, বাষ্পীকরণ গলানো প্রভৃতি বিষয় আবিষ্কার করেন।

দৃশ্যকল্প-২ : জনাব হামিদ একজন মহান নেতা। তিনি নিজে যা আহার করেন, তা তার অধীনস্থদেরকেও খাওয়ান। তাদের সাথে তিনি সদ্ব্যবহার করেন। তিনি সবসময় বলেন, ধর্ম নিয়ে বাড়াবাড়ি কর না। কেননা, এ জন্য পূর্বে বহু জাতি ধ্বংস হয়েছে।

ক. ইবনে সিনার পূর্ণ নাম কী? ১

খ. ইবনে জারির আত-তাবারির তাফসির গ্রন্থটি কেন বিখ্যাত? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১-এ বর্ণিত বিজ্ঞানীর অবদান ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২-এ জনাব হামিদের কাজে মহানবি (স.)-এর কোন ভাষণের তাৎপর্য প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

# আওয়ার লেডী অব ফাতিমা গার্লস উচ্চ বিদ্যালয়, কুমিল্লা

vwl q ^KW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম ও নৈতিক শিক্ষা ⊙ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জামাল ও কামাল দুই বন্ধু। তারা উভয়ই একটি দর্শনীয় স্থানে বেড়াতে গেল। জামাল সেখানে মাটির তৈরি মূর্তি ও পাথরের কারুকার্যের সৌন্দর্যে মুগ্ধ হয়ে সিজদার মতো মাথা অবনত করে সম্মান প্রদর্শন করে। এরপর উভয়েই ক্যান্টিনে বসে নাশতা করার পর্যায়ে ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করে। কামাল মতামত প্রকাশ করতে গিয়ে বলেন, নবি-রাসুলগণের আগমনের ধারাবাহিকতা অব্যাহত থাকাই যুক্তিযুক্ত।

ক. ইসলাম-এর ব্যবহারিক অর্থ কী? ১
খ. আখিরাতে বিশ্বাস করা অপরিহার্য কেন ব্যাখ্যা কর। ২
গ. জামালের আচরণে যে বিষয়টি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. নবি-রাসুলগণের আগমন বিষয়ে কামালের বক্তব্যের যথার্থতা নিরূপণ কর ৪

২ ▸ সুলতান সাহেব সরকারি অফিসের একজন বড় কর্মকর্তা। তিনি শরিয়তের চারটি উৎস তথা কুরআন, হাদিস, ইজমা, কিয়াসের বিধিবিধান মেনে চলেন। তিনি কোনো সমস্যায় পড়লে সর্বপ্রথম কুরআনের আলোকে সমাধানের চেষ্টা করেন।

ক. শরিয়ত কাকে বলে? ১
খ. শরিয়তের বিধিবিধান অভিভাজ্য কেন? ব্যাখ্যা কর। ২
গ. সুলতান সাহেবের জীবন পরিচালনায় শরিয়তের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত শরিয়তের উৎসগুলো মূল্যায়ন কর। ৪

৩ ▸ আসলাম সাহেব তার গ্রামের বাড়িতে গিয়ে ফকির মিসকিনদের মধ্যে দান-সদকা করেন। আত্মীয় ও প্রতিবেশীদের সাথে সদ্ভাব বজায় রাখেন। তিনি নিয়মিত জামাআতের সাথে এমন একটি ইবাদাত পালন করেন যা ইমান ও কুফরের মধ্যে পার্থক্যকারী।

ক. সাওম কোন ভাষার শব্দ? ১
খ. "সাওম ঢালস্বরূপ।" কথাটি ব্যাখ্যা কর। ২
গ. আসলাম সাহেবের কর্মকাণ্ডে কোন প্রকারের ইবাদাত পালন হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আসলাম সাহেবের পালনকৃত ইবাদাতটি চিহ্নিত করে এর সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪ ▸ হাসান নবম শ্রেণিতে পড়ে। একজন ছাত্র হিসেবে সে তার সকল দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করে। সে সর্বদা পিতা-মাতার আনুগত্য করে। বিদ্যালয়ের কোনো আসবাবপত্র সে নষ্ট করে না। তার সহপাঠী রুবেল বিদ্যালয়ের আসবাবপত্র নষ্ট করে এবং চেয়ার-টেবিল ও দেওয়াল ময়লা করে। সবাই হাসানকে পছন্দ করে আর রুবেলকে এড়িয়ে চলে।

ক. তাকওয়া কী? ১
খ. মানবসেবা বলতে কী বোঝায়? ২
গ. রুবেলের আচরণকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইসলামের আলোকে হাসানের আচরণের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫ ▸

| আল্লাহর হক : | বান্দার হক : |
|---|---|
| সালাত | শ্রমিকের অধিকার |
| সাওম | শিক্ষার্থীকে জ্ঞান দান |
| যাকাত | পিতা-মাতার সেবা করা |

ক. কোন সূরায় হাজ্জ ফরজের ঘোষণা দেওয়া হয়েছে? ১
খ. হাক্কুল্লাহ্ ও হাক্কুল ইবাদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত যে হকটি মানুষকে সকল প্রকার অশ্লীল ও খারাপ কাজ থেকে বিরত রাখে সেটি বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকের কোন হকটিকে ইসলামি অর্থনীতির মূল চালিকা শক্তি হিসেবে বিবেচনা করা হয়। তার গুরুত্ব বর্ণনা কর। ৪

৬ ▸ ওসমান মিয়া এলাকার সবচেয়ে ধনী ব্যক্তি। নিয়মিত যাকাত দানের মধ্য দিয়ে আত্মতৃপ্তি বোধ করেন। তিনি মনে করেন, যাকাত দেওয়ার ফলে তার সম্পদ পবিত্র হয় এবং আত্মার পরিশুদ্ধি ঘটে। অন্যদিকে, হানিফ মিয়া ধনী হওয়া সত্ত্বেও যাকাত আদায় করেন না। এমনকি দরিদ্রের দান খয়রাতও করেন না। ফলে এলাকার লোক তাকে পছন্দ করে না।

ক. নিসাব অর্থ কী? ১
খ. যাকাতের মাসারিফ বলতে কী বোঝায়? ২
গ. ওসমান মিয়া উদ্দীপকে আলোচিত ইবাদাত পালন করলে এলাকার লোক কীভাবে উপকৃত হতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কুরআন ও হাদিসের আলোকে উদ্দীপকের হানিফ মিয়ার পরিণতি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া শিক্ষার্থী ফারুকের ধারণা, পৃথিবী হলো কর্মসম্পাদন ও ফলাফলের স্থান। যে যেমন কর্ম করবে, সে তেমন ফল পাবে। ভালো করলে প্রশংসিত হয়। মন্দ করলে তিরস্কৃত হয়। অপরাধ করলে আদালত ও জেল-জুলুমের ব্যবস্থা আছে। ফারুকের এক সহপাঠী মীম একদিন তার মামার বাড়ি বেড়াতে গিয়ে এক বক্তাকে বলতে শুনল, কিয়ামত পর্যন্ত যেহেতু পৃথিবীতে মানুষের আগমন হবে, সেহেতু তাদের সৎ পথ প্রদর্শনের জন্য কিয়ামত পর্যন্ত নবি-রাসুলের আগমনও ঘটবে।

ক. শিরক কাকে বলে? ১
খ. তাওহিদে বিশ্বাস করতে হবে কেন? ২
গ. ফারুকের ধারণা ইসলামের কোন বিশ্বাসের পরিপন্থি? ব্যাখ্যা কর। ৩
ঘ. মীমের শোনা বক্তার বক্তব্যটি চিহ্নিত করে এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮ ▸ মশি এক শর্তে নাফিশকে পঁচিশ হাজার টাকা ধার দেন যে, এক বছর পর ত্রিশ হাজার টাকা ফেরত নিবেন। অপরদিকে, মফিজ সরকারি চাকরি করেন। অফিসের কাজ করে অতিরিক্ত অর্থ আদায় ছাড়া ফাইল ছাড়েন না।

ক. 'নাজাফাত' শব্দের অর্থ কী? ১
খ. পবিত্রতা ইমানের অর্ধেক– বুঝিয়ে লেখ। ২
গ. মফিজ সাহেবের কাজটি কিসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মশির' কাজের অপকারিতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব 'খ' একজন বিচারক। বীথি নামের এক মেয়ে তার বাসায় কাজ করে। জনাব 'খ' কাজের মেয়েটিকে সামান্য ভুলের জন্য শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করেন। প্রায়ই তাকে কম খেতে দিয়ে শাস্তি দেন। অসুস্থ হলেও উপযুক্ত চিকিৎসা করান না। প্রতিবেশীরা বিচারকের কর্মকাণ্ডে ক্ষিপ্ত হয়ে পুলিশকে খবর দেয় এবং শেষ পর্যন্ত পুলিশ বীথিকে উদ্ধার করে।

ক. মক্কা বিজয় কত সালে হয়? ১
খ. আবু বকর (রা.) রাষ্ট্রীয় সম্পদ ব্যয়ে সতর্ক ছিলেন কেন? ২
গ. ইসলামের দৃষ্টিতে জনাব 'খ' এর আচরণ ব্যাখ্যা কর। ৩
ঘ. "ইসলাম হচ্ছে অসহায় ও নিপীড়িত মানুষের অধিকার রক্ষার ঢাল"– বিদায় হজের ভাষণের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸

| ক | খ |
|---|---|
| হিলফুল ফুযুল প্রতিষ্ঠা | ধর্ম নিয়ে বাড়াবাড়ি কর না। |
| মদিনা সনদ প্রণয়ন | একে অপরকে হত্যা করবে না। |

ক. মহানবি (স.) শৈশবে কোথায় ব্যবসায়িক সফরে যান? ১
খ. জাহেলি যুগে আরবের সমাজ ব্যবস্থা কেমন ছিল? ২
গ. 'ক' তে উল্লিখিত ঘটনাদ্বয় কোন ক্ষেত্রে ভূমিকা পালনে মিল রয়েছে? ৩
ঘ. 'খ' তে উল্লিখিত বিষয় সংশ্লিষ্ট ভাষণ মানবাধিকার প্রতিষ্ঠায় মাইলফলক– বিশ্লেষণ কর। ৪

১১ ▸

| চিত্র-১ | চিত্র-২ |
|---|---|
| ১. অন্তরে বিশ্বাস | ১. সালাত |
| ২. মৌখিক স্বীকৃতি | ২. সাওম |
| ৩. আমল বা কার্যক্রম | ৩. যাকাত |

ক. কিয়ামতের মাঠে নবিজি (স.) কী পরিমাণ লোকের জন্য সুপারিশ করবেন? ১
খ. তকদিরে বিশ্বাস বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. চিত্র-১ এর বিষয়গুলোর প্রয়োজনীয়তা সংশ্লিষ্ট বিষয়ের আলোকে আলোকপাত কর। ৩
ঘ. চিত্র-১ এর কোন বিষয়টির সাথে চিত্র ২-এর কর্মগুলোর সম্পর্ক আছে? যে কোনো একটি বিষয়ের বিস্তারিত বিবরণ দাও। ৪

# চট্টগ্রাম কলেজিয়েট স্কুল

wel q ^KwW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **ইসলাম ও নৈতিক শিক্ষা ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ মুনযির মনে করে, আল্লাহ তায়ালাই এ মহাবিশ্বের একমাত্র সৃষ্টিকর্তা ও পালনকর্তা। তিনি এক ও অদ্বিতীয়। সকল প্রশংসা এবং ইবাদতের মালিকও তিনি। তার তুলনীয় কেউ নেই। তার বন্ধু জারিফ ইসলামের মৌলিক বিষয়গুলোর প্রতি বিশ্বাস করে না। এমনকি সে মহানবি (স.)-এর জীবনের বিভিন্ন বিষয় নিয়ে বন্ধুদের সাথে উপহাসমূলক মন্তব্য করে।

ক. ইমান কী? ১
খ. ইসলাম ও মুসলমানদের জন্য মুনাফিকরা ক্ষতিকর কেন? ২
গ. মুনযির-এর ধারণায় কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জারিফের কাজটি চিহ্নিতপূর্বক তার পরিণতি বিশ্লেষণ কর। ৪

২ ▸ আহিল বলল, আল্লাহ তায়ালা মানুষকে হিদায়তের জন্য তার মনোনীত বান্দাদেরকে পৃথিবীতে পাঠিয়েছেন। তারা মানুষকে আল্লাহর ইবাদতের বিধিবিধান শিক্ষা দিয়েছেন। তারা যে দায়িত্ব নিয়ে পৃথিবীতে এসেছেন, সেটির ওপর প্রত্যেক মুমিন-মুসলিমকে বিশ্বাস করতে হয়। তার এক বন্ধু সোহাগ মৃত্যুর পরবর্তী জীবনে বিশ্বাসী নয়। সোহাগের এ মনোভাব দেখে শ্রেণিশিক্ষক হামেদ সাহেব বললেন, মৃত্যুর পরবর্তী একটি জীবন আছে। সেটি চিরস্থায়ী ও অনন্ত। সেখানে প্রত্যেক মানুষকে হাশর ও সিরাত অতিক্রম করতে হবে।

ক. আসমানি কিতাব কী? ১
খ. খতমে নবুয়ত বলতে কী বোঝায়? ২
গ. আহিলের বক্তব্যে কোন বিশ্বাসের গুরুত্ব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সোহাগের মনোভাব চিহ্নিত করে শিক্ষক হামেদ সাহেবের বক্তব্যগুলো বিশ্লেষণ কর। ৪

৩ ▸ সিয়াম ও আসলাম দশম শ্রেণির ছাত্র। সিয়াম প্রতিদিন কুরআন তিলাওয়াত করে। গতকাল সে যে সূরাটি তিলাওয়াত করেছে তার আয়াতগুলো অনেক দীর্ঘ। সূরাটিতে মুনাফিকদের ষড়যন্ত্র, উত্তরাধিকার আইন, বিচার ব্যবস্থা ও দণ্ডবিধি আলোচিত হয়েছে। সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে বন্যা দেখা দিলে আসলাম তার কয়েকজন বন্ধুদেরকে নিয়ে বন্যার্তদের সাহায্যে এগিয়ে আসে। সে শুকনো খাবার ও প্রয়োজনীয় ওষুধসামগ্রী তাদের হাতে তুলে দেয়। বন্যাদুর্গত এলাকার পশুপাখি ও জীবজন্তু রক্ষায়ও তারা বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে।

ক. শরিয়ত কী? ১
খ. রাসুল (স.)-এর জীবদ্দশায় হাদিস লেখা নিষিদ্ধ ছিল কেন? ২
গ. সিয়াম কোন ধরনের সূরা তিলাওয়াত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আসলামের কাজটি সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ হাসনাত সাহেব একজন ধার্মিক ও সচ্ছল ব্যক্তি। তার এক আত্মীয় সড়ক দুর্ঘটনায় নিহত হলে তার দুই সন্তান ইয়াতিম হয়ে পড়ে। হাসনাত সাহেব ইয়াতিম সন্তানদেরকে লেখাপড়া করানোসহ লালন-পালনের দায়িত্ব নেন। হাসনাত সাহেব আল্লাহর নিয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ করতে অবহেলা করেন না। তার এক সহকর্মী দিনার সাহেব চাকরি থেকে অবসর নিয়ে নিজ গ্রামে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করেন। তিনি তার বাড়ির চারপাশে প্রচুর ফলদ ও বনজ গাছ রোপণ করেন।

ক. তাকরিরি হাদিস কাকে বলে? ১
খ. পবিত্র কুরআনে হরকত সংযোজন করা হয়েছে কেন? ব্যাখ্যা কর। ২
গ. হাসনাত সাহেবের কাজে পবিত্র কুরআনের কোন সূরার শিক্ষা পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দিনার সাহেবের কর্মকাণ্ডে কোন হাদিসের শিক্ষার প্রতিফলন ঘটেছে? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ শিক্ষক মুকিত সাহেব একদিন শ্রেণিতে বলেন, ইসলাম একটি গতিশীল জীবন ব্যবস্থা। মানবজীবনে পরিবর্তন ও বিবর্তনের ধারায় নতুন নতুন সমস্যা সৃষ্টি হলে তা সমাধানের জন্য ইসলামে একটি পথ উন্মুক্ত রয়েছে। হযরত মুআয ইবনে জাবাল (রা.)-এর বক্তব্যে সেটির উদাহরণ পাওয়া যায়। শরিয়তের উৎসগুলোর মধ্যে এটি বিজ্ঞানসম্মত ও যৌক্তিক উৎস। তালহা বলল, যেসব বিষয় কুরআন-হাদিস দ্বারা পরিষ্কারভাবে প্রমাণিত সেগুলো আমাদের জন্য বৈধ ও পবিত্র। এগুলোকে আমাদের সর্বক্ষেত্রে গ্রহণ করা উচিত। এগুলো কথা, কাজ বা বস্তু সবই হতে পারে।

ক. ফরজে আইন কাকে বলে? ১
খ. 'হাদিসে কুদসি' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. শিক্ষক মুকিত সাহেবের বক্তব্যে শরিয়তের কোন উৎসের প্রতি ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তালহার বক্তব্যে শরিয়তে আহকামের কোন বিষয়টি ফুটে উঠেছে তা চিহ্নিত করে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ দশম শ্রেণির ছাত্র ইবরাজ চন্দ্র বছরের একটি নির্দিষ্ট মাসে মাসব্যাপী একটি ফরজ ইবাদত পালন করেছেন। উক্ত ইবাদতটি পূর্বের সকল নবি-রাসুলের উম্মতের ওপর ফরজ ছিল। তার পিতা শিল্পপতি করম আলী বছরান্তে সম্পদের নির্দিষ্ট একটি অংশ শরিয়তের নির্দিষ্ট খাতে ব্যয় করেন। কারণ তিনি ইমাম সাহেবকে বলতে শুনেছেন যে, আল-কুরআনে আল্লাহ তায়ালা যেখানে সালাতের কথা বলেছেন পাশাপাশি উক্ত ইবাদতের কথাও বলেছেন।

ক. সালাত কাকে বলে? ১
খ. ইবাদতের মূল উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ২
গ. ইবরাজ কোন ইবাদত পালন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. করম আলী সাহেবের কাজটি চিহ্নিত করে ইসলামে তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বিত্তশালী কালিম সাহেব নিয়মিত সালাত ও সাওম পালন করলেও আত্মীয়স্বজন ও পাড়া-প্রতিবেশী কারও খবর নেন না। এমনকি কোনো মুসলমানের জানাযায়ও অংশগ্রহণ করেন না। অপরদিকে, শিক্ষক মাহফুজ সাহেব তার ছেলে নাফিসকে হাফেজে কুরআন বানিয়েছেন। তার মনের আশা হলো নাফিস কুরআন, হাদিস ও ফিকহ নিয়ে উচ্চতর গবেষণা করুক। কেননা আল্লাহ তায়ালা বলেছেন, "তোমাদের মধ্যে যারা ইমান এনেছে এবং যাদের জ্ঞান দান করা হয়েছে আল্লাহ তাদের মর্যাদায় সমুন্নত করবেন।"

ক. নৈতিকতা কী? ১
খ. কুপ্রবৃত্তির বিরুদ্ধে জিহাদকে বড় জিহাদ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. কালিম সাহেবের কাজে কোন ধরনের ইবাদত লজ্যিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাহফুজ সাহেব ছেলেকে কোন প্রকারের ইলম শেখাতে চান তা চিহ্নিতপূর্বক উদ্দীপকে বর্ণিত আল্লাহ তায়ালার বাণীর আলোকে সেটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮ ▸ ইউপি চেয়ারম্যান শাকিল সাহেব আল্লাহর ভয়ে যাবতীয় অন্যায় ও পাপকাজ থেকে বিরত থাকেন। তিনি দৃঢ় বিশ্বাস করেন যে, আল্লাহ তায়ালা সবকিছু দেখেন ও জানেন। হাশরের দিন সব কাজের হিসাব তিনি নেবেন। তার এলাকার করমপুর উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা মাতাপিতার প্রতি অনুগত থাকেন, শিক্ষকদের সম্মান করেন এবং বিদ্যালয়ের আসবাবপত্র রক্ষণাবেক্ষণ করেন। বিদ্যালয়ের এক ছাত্র মাঠে কিছু টাকা পেলে অনেক খোঁজখবর নিয়ে তা প্রকৃত মালিকের কাছে ফেরত দেন।

ক. ওয়াদা কাকে বলে? ১
খ. 'লজ্জাশীলতা ইমানের একটি শাখা'– বুঝিয়ে লেখ। ২
গ. শাকিল সাহেবের চরিত্রে আখলাকে হামিদার কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. করমপুর বিদ্যালয়ের ছাত্রদের কর্মকাণ্ডে আখলাকে হামিদার যে গুণটি প্রস্ফুটিত হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ সামিন ও রিফাত বিকে টাওয়ারের পাশাপাশি দোকানদার। সামিনের দোকানে তুলনামূলকভাবে বেশি বেচাকেনা হয়। সামিনের উন্নতিতে রিফাত বিরূপ মনোভাব পোষণ করে এবং একে ঘৃণার চোখে দেখে। গ্রামের মুরব্বি আবদুল্লাহ সাহেব অন্তরকে পরিশুদ্ধ করতে চান। এ লক্ষ্যে তিনি দীর্ঘ সময় আল্লাহর যিকির, কুরআন তিলাওয়াত, ইস্তিগফার ও সালাতে নিয়োজিত থাকেন। একদিন মসজিদের ইমাম আনাস সাহেব তাকে বলেন, মানুষের অন্তর স্বচ্ছ কাচের মতো। খারাপ কাজের কারণে মানুষের অন্তর কলুষিত হয়ে যায়। সুতরাং খারাপ কাজ ত্যাগ করতে পারলে অন্তর পরিশুদ্ধ হয় এবং সফলতা লাভ করা যায়।

ক. শালীনতা কাকে বলে? ১
খ. 'ফিতনা হত্যার চেয়েও জঘন্য'– ব্যাখ্যা কর। ২
গ. রিফাতের কাজটি কেমন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবদুল্লাহ সাহেবের কাজটি চিহ্নিত করে ইমাম আনাস সাহেবের বক্তব্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব রহম আলী চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর পরিবারের কাজকর্ম নিজ হাতেই সম্পাদন করেন। বাসায় কোনো কাজের মানুষ রাখেননি। তিনি অত্যন্ত অনাড়ম্বর ও সহজ-সরল জীবনযাপন করেন। তার ছেলে শারাফত বলল, একজন মুসলিম মনীষী খুবই স্বাধীনচেতা ও আত্মসম্মানবোধসম্পন্ন ছিলেন বলে কোনো রাজা-বাদশাহর দরবারে যাতায়াত করতেন না। আল-কুরআনের পর সবচেয়ে বিশুদ্ধ গ্রন্থটি তিনিই সংকলন করেছেন।

ক. মদিনা সনদ কী? ১
খ. 'হিলফুল ফুযুল' গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. রহম আলীর চরিত্রে ইসলামের কোন খলিফার জীবনাদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শারাফতের আলোচিত মনীষীকে চিহ্নিত করে হাদিস শাস্ত্রে তার অবদান মূল্যায়ন কর। ৪

১১ ▸ সদ্য উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ হওয়া জালালকে তার বাবা জিজ্ঞেস করল যে, তুমি ভবিষ্যতে কী হতে চাও? জালাল বলল, আমি একজন রসায়ন বিজ্ঞানী হতে চাই। কারণ মুসলিম বিজ্ঞানীগণ উক্ত বিষয়ে যথেষ্ট অবদান রেখেছেন। একজন বিজ্ঞানী পরিস্রবণ, দ্রবণ, ভস্মীকরণ ও বাষ্পীকরণ ইত্যাদি আবিষ্কার করেছেন। তার ছোট ভাই বেলাল বলল, আমাদের শিক্ষক শ্রেণিকক্ষে মুহাম্মদ ইবনে মুসা আল-খাওয়ারেযমি ও হাসান ইবনে হায়সাম নামক দুজন গণিত শাস্ত্রবিদদের জীবনী তুলে ধরেছেন। শিক্ষক উভয়ের উদ্ভাবিত বিভিন্ন বিষয় ও তাদের লিখিত বই নিয়েও আলোচনা করেছেন।

ক. খুলাফায়ে রাশেদিন কাকে বলে? ১
খ. ইমাম আবু হানিফা (র.) কে ফিকহ্শাস্ত্রের উদ্ভাবক বলা হয় কেন? ২
গ. জালালের মনোভাব কেমন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বেলালের শিক্ষক কর্তৃক আলোচিত গণিত শাস্ত্রবিদদের জীবনের বিভিন্ন দিক পর্যালোচনা কর। ৪

## ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

wl q ^KW: 1 1 1

**ইসলাম ও নৈতিক শিক্ষা ◉ সৃজনশীল প্রশ্ন**

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ আমাদের জীবনের পথচলার জন্য প্রয়োজন দিকনির্দেশনা। মনগড়া জীবন করে কেউ জীবনে বেশিদূর আগাতে পারে না। যে অঙ্গ-প্রত্যঙ্গ, শরীর এবং এ হায়াতের মালিক যেহেতু আমি নই, সুতরাং মালিকের দিকনির্দেশনা মেনে চলতে পারলেই জীবনে ভোগান্তি পোহাতে হবে না। আর তাই মানবজাতির হেদায়েতের জন্য আল্লাহ আল- কুরআন নাজিল করলেন।

ক. নাযিরা তিলাওয়াত কী? ১

খ. বুঝেশুনে ও চিন্তা-গবেষণাসহকারে কেন কুরআন পড়া উচিত? ২

গ. কুরআন সমগ্র মানবজাতির দিকনির্দেশনার জন্য নাজিল হলেও এ কুরআন থেকেই বর্তমানের অধিকাংশ মানুষই গাফেল। উদ্দীপকের আলোকে বর্তমান সমাজের প্রেক্ষাপটে আলোচনা কর। ৩

ঘ. ব্যক্তিজীবনে কুরআন যেভাবে মানুষের দিকনির্দেশনা হিসেবে কাজ করে উদ্দীপক ও পাঠ্যবইয়ের আলোকে আলোচনা কর। ৪

২ ▸ আল্লাহ তায়ালা বলেন, এবং তোমরা তাদের বিরুদ্ধে সংগ্রাম করতে থাক যতক্ষণ না ফিতনা দূরীভূত হয় এবং আল্লাহ দ্বীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়। (সূরা আনফাল: আয়াত ৯৩), উক্ত আয়াত শোনার পর একদল যুবক প্রাণিত হলো এবং সমাজে "আমর বিল মারুফ; নাহি আনিল মুনকার" প্রতিষ্ঠায় আল্লাহর জন্য কাজ করতে লাগল।

ক. 'আমর বিল মারুফ'– শব্দের অর্থ কী? ১

খ. লেখনী ও বক্তৃতার মাধ্যমে কীভাবে জিহাদ করা সম্ভব? ব্যাখ্যা কর। ২

গ. বর্তমান সমাজে "আমর বিল মারুফ, নাহি আনিল মুনকার" ত্যাগের কারণে তুমি যেসব পরিস্থিতির স্বীকার হচ্ছো কুরআন ও হাদিসে পাকের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. তাযকিয়াতুন নাফস অর্জনের লক্ষ্যে উদ্দীপকের যুবকদের এক হওয়ার গুরুত্ব আলোচনা কর। ৪

৩ ▸ বিশিষ্ট সমাজসেবক জনাব শফি মনে করেন, শুধু রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগেই কুরআনের আইন প্রতিষ্ঠিত এবং কার্যকর; কিন্তু বর্তমানে প্রযুক্তির যুগে কুরআনের বিধিবিধানকে তিনি অকার্যকর বলে মনে করেন। তার বন্ধু জনাব হারুন মনে করেন, আল্লাহর আইন সর্বদা প্রযোজ্য এবং সেই সিদ্ধান্তের পরিমার্জনের প্রয়োজন নাই।

ক. সূরা আত-তীনে আল্লাহ কোন পর্বতের শপথ করেছেন? ১

খ. শরিয়তের দ্বিতীয় উৎস কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. জনাব শফির বক্তব্যের কারণে তার পরিণতি কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. হারুন সাহেবের মন্তব্য পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

৪ ▸ কেবল মানুষের আস্থা ও বিশ্বাস লাভের আশায় জনাব ইকরাম মুখে দাঁড়ি রেখেছেন এবং লম্বা পাঞ্জাবি ও টুপি পরিধান করেন। তার প্রবল ইচ্ছা তিনি আগামী বছর চেয়ারম্যান পদে নির্বাচন করবেন; অথচ বাড়ি থাকাকালীন তিনি ঠিকমতো সালাত আদায় করেন না এবং গৃহস্থালির প্রয়োজনীয় ছোটখাটো বস্তু অন্যকে দেয় না; সবসময় তিনি কার্পণ্য করেন।

ক. 'আল-মাউন' শব্দের অর্থ কী? ১

খ. সূরা মাউনের শিক্ষাগুলোর মধ্য থেকে দুটি শিক্ষা তুলে ধর। ২

গ. জনাব ইকরাম সাহেবের কর্মকাণ্ড এবং এর পরিণতি তোমার পাঠ্যবইয়ের যে সূরার আলোকে বিশ্লেষণ করা সম্ভব তা তুলে ধর। ৩

ঘ. জনাব ইকরাম সাহেবের বিপরীত চরিত্রটি কেবল আল্লাহর নিকট গ্রহণযোগ্য– আলোচনা কর। ৪

৫ ▸ আরব সমাজে এমন এক প্রথা প্রচলিত ছিল, যার ফলে ধনী আরও ধনী হয়; আর গরিব ক্রমান্বয়ে নিঃস্ব হয়ে যেত। এইটা ছিল শোষণের নামান্তর। তাই ইসলাম এটাকে হারাম ঘোষণা করে।

ক. সত্যবাদিতার আরবি প্রতিশব্দ কী? ১

খ. সুদ কী? হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সংঘটিত অপরাধটি কুরআন ও হাদিসের আলোকে আলোচনা কর। ৩

ঘ. হাদিস শরিফে আযদ গোত্রের লোকের সাথে উদ্দীপকের ঘটনা সামঞ্জস্যপূর্ণ কিনা আলোচনা কর। ৪

৬ ▸ আল্লাহর কিছু বিধান রয়েছে, যা সকলের পালন করা অত্যাবশক। আবার এমন কিছু বিধান রয়েছে যা সমাজের কতিপয় মুসলামান আদায় করলে ব্যক্তির পক্ষ হতে আদায় হয়ে যায়।

ক. 'হাক্কুল ইবাদ' শব্দের অর্থ কী? ১

খ. 'হাক্কুলাহ' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আলোচিত আল্লাহর বিধান দুটির মধ্যে মূল পার্থক্য নিয়ে আলোচনা কর। ৩

ঘ. আল্লাহর বিধান পালনের মাধ্যমেই মানবজাতির মুক্তি অর্জন করা সম্ভব–

৭ ▸ রাজনৈতিক প্রভাব বিস্তারকে কেন্দ্র করে জনাব শিহাব লোকমান সাহেবকে মারাত্মকভাবে শারীরিক ও মানসিক নির্যাতন করেন। কিছুদিন পর লোকমান সাহেব প্রতিশোধ নেওয়ার সুবর্ণ সুযোগ পেয়েও এ থেকে বিরত থাকেন। এ ধরনের উদারতা দেখে জনাব শিহাব চৌধুরীর মধ্যে বেশ পরিবর্তন আসে। তিনি প্রতিজ্ঞা করেন যে, কোনো মানুষের সাথে আর অন্যায় আচরণ করবেন না। সকল কাজকর্মে কুরআন ও হাদিসকে অনুকরণ করে চলবেন।

ক. মদিনার সনদের ধারা কয়টি? ১

খ. রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনাদর্শ অনুকরণীয় কেন? ২

গ. লোকমান সাহেবের আচরণে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কোন গুরুত্বপূর্ণ ঘটনার আদর্শ ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৩

ঘ. শিহাব সাহেবের পরিবর্তন বিদায় হজের ভাষণের আলোকে পর্যালোচনা কর। ৪

৮ ▸ জামিল সাহেব পুরান ঢাকার একজন শিল্পপতি। তিনি এলাকার মানুষের পানির তীব্র সংকট দূর করার উদ্দেশ্যে দশ লক্ষ টাকা ব্যয় করে একটি পানির পাম্প স্থাপন করেন। এছাড়া এলাকায় মুসল্লিদের তুলনায় মসজিদ ছোট হওয়ায় তা সম্প্রসারণের ব্যবস্থা করেন। তার সহধর্মিণী মিসেস নাবিলা নিয়মিত সালাত আদায়ের পাশাপাশি ইসলামের মৌলিক বিষয়গুলো মেনে চলার আপ্রাণ চেষ্টা করেন। ব্যক্তিগত জীবনে তিনি সংসারের সকল কাজ নিজ হাতে সম্পাদন করেন।

ক. কোন সাহাবি তাবুক যুদ্ধে সকল সম্পদ ব্যয় করেছিলেন? ১

খ. হযরত উমর (রা.) ছিলেন ন্যায় ও ইনসাফের এক মূর্ত প্রতীক– বুঝিয়ে লেখ। ২

গ. মিসেস নাবিলার কাজের মাধ্যমে কোন মহীয়সী নারীর আদর্শের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জামিল সাহেবের কার্যক্রম হযরত উসমান (রা.)-এর জীবনাদর্শের আলোকে মূল্যায়ন কর। ৪

৯ ▸ মাহিন তার বন্ধু নাহিদকে বলল, "আর আবশ্যই আমি মানুষের জন্য এ কুরআনে বিভিন্ন উপমা বিশদভাবে বর্ণনা করেছি।" (সূরা বনি ইসরাইল, আয়াত-৮৯) কুরআনের আয়াতটি শুনে নাহিদ বলল, যেখানে আল্লাহ বলতে কিছু নাই সেখানে এই কিতাব তো কেবল মানুষের বানানো। সুতরাং এখান থেকে দলিল দিয়ে কোনো লাভ নেই।

ক. 'কুফর' শব্দের অর্থ কী? ১

খ. মাদানি সূরার দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. শরিয়তের প্রথম উৎসের আলোকে আল্লাহ তায়ালার পরিচয় তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকের নাহিদ সাহেব আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করায় তিনি যে অপরাধ করেছেন, তার শাস্তির ব্যাপারে কুরআন থেকে আলোচনা কর। ৪

১০ ▸ আল্লাহর নির্ধারিত সীমার মধ্যে অবস্থানকারী ও সীমালঙ্ঘনকারীদের উদাহরণ হলো একদল লোকদের ন্যায় যারা জাহাজের যাত্রী। লটারির মাধ্যমে একদল উপর তলায় ও একদল নিচতলায় স্থান পেল। নিচতলার লোকজন পানির প্রয়োজন হলে উপর তলায় পানি আনতে যায়। এমতাবস্থায় তারা বলল, আমরা যদি নিচে একটা ছিদ্র করে দিই, তবে উপরতলার লোকদের কষ্ট দেওয়া থেকে বাঁচা যেত। এমন যদি তারা (উপরতলার লোকজন) বাধা দেয় তবে নিজেরাও বাঁচবে এবং সবাইকে বাঁচাতে পারবে। (বুখারি)

ক. আখলাকে হামিদাহ কাকে বলে? ১

খ. কুরআন তিলাওয়াত-এর গুরুত্ব সম্পর্কে একটি হাদিস উল্লেখ কর। ২

গ. উদ্দীপকের হাদিসের আলোকে বিষয়টির তাৎপর্য বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকের হাদিসে উল্লিখিত বিষয়টি সমাজ ও দেশ গঠনে কেমন ভূমিকা রাখবে বলে তুমি মনে কর। কুরআন ও হাদিসের আলোকে আলোচনা কর। ৪

১১ ▸ জুমার খুতবায় ইমাম সাহেব মসজিদে আল-কুরআন থেকে একটি আয়াত মুসল্লিদের পড়ে শোনালেন। উক্ত আয়াতটি ছিল, "অতঃপর সালাত শেষ হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড় এবং আল্লাহর অনুগ্রহ অনুসন্ধান কর।" (সূরা আল জুমুআ, আয়াত : ১০)

ক. 'সাওম' শব্দের অর্থ কী? ১

খ. আমি শিক্ষকরূপে প্রেরিত হয়েছি– হাদিসটি ব্যাখ্যা কর। ২

গ. কর্মবিমুখতা পরিহারের গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. যুবসাজের বর্তমান শিক্ষা কার্যক্রম শেষ করার পর বেকারত্বকে গ্রহণ করা

# জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

**wel q ^KwW:** | 1 | 1 | 1 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ইসলাম ও নৈতিক শিক্ষা ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ মুনির পতেঙ্গা সমুদ্রসৈকতে গিয়ে প্রাকৃতিক দৃশ্য দেখছিলেন। সৃষ্টির এ চমৎকারিত্ব দেখে তিনি মহান আল্লাহর আনুগত্যে সিজদায় অবনত হয়ে যান। তার বন্ধু জুহান চাকরি করেন। তিনি তার অফিসের প্রধান নির্বাহীকে রুটি-রুজির একমাত্র মালিক মনে করেন। এজন্য তিনি জীবন দিয়ে হলেও সবসময় তার সন্তুষ্টি বিধানের চেষ্টা করেন।

ক. আসমানি কিতাব কাকে বলে? ১
খ. ইমান ও ইসলামের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. মুনিরের কর্মকাণ্ড পাঠ্যবইয়ের কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জুহানের কাজটি চিহ্নিত করে পাঠ্যবইয়ের আলোকে এর কুফল বিশ্লেষণ কর। ৪

২ ▸ কয়েক বছর পূর্বে জাপানে ভয়াবহ ভূমিকম্প ও সুনামি আঘাত হানে। ফলে জাপানের ফুকুশিয়া নগরটি মুহূর্তের মধ্যে ধ্বংসস্তূপে পরিণত হয়। সাগরের পানি ওপরে এসে কিছু সময়ের মধ্যেই বাড়ি, গাড়ি ও রাস্তাঘাট সবকিছু ধূলিসাৎ হয়ে যায়। খবরটি নিউজ পেপারে পড়ে নাইম পবিত্র কুরআনের একটি সূরার কথা মনে পড়ে যায়। যে সূরায় মানবজীবন পরিসমাপ্তির পর হিসাব- নিকাশের কথাও জোরালোভাবে বলা হয়েছে। অন্যদিকে, মুরাদ একটি সূরার শিক্ষা থেকে বুঝতে পেরেছে, জীবনের প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান।

ক. তাকরিরি হাদিস কাকে বলে? ১
খ. কুরআন তিলাওয়াতের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নাইম কোন সূরার কথা মনে করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুরাদের শিক্ষণীয় সূরাটি চিহ্নিত করে জীবনের প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান উক্তিটি এই সূরার আলোকে মূল্যায়ন কর। ৪

৩ ▸ সাজ্জাদ ও সাকিব সাহেব দুই বন্ধু। সাজ্জাদ সাহেব একটি পোশাকশিল্পের মালিক। গত রমযানের ঈদে শ্রমিকদের বোনাস দিতে গড়িমসি করায় কারখানায় শ্রমিক অসন্তোষ দেখা দেয়। শ্রমিকরা তাদের প্রাপ্য পেতে একদিন কর্মবিরতি পালন করে। অপরদিকে, সাকিব ছাত্রজীবন থেকে পরোপকারী ছিলেন। বর্তমানে তিনি মেডিক্যাল কলেজ থেকে পাস করে হাসপাতালে কর্মরত আছেন। তিনি হাসপাতালে নিয়মিত উপস্থিত থেকে রোগীদের চিকিৎসা সেবা দেন। একদিন তার স্কুলজীবনের শিক্ষক চিকিৎসার উদ্দেশ্যে হাসপাতালে এলে তাকে দাঁড়িয়ে সম্মান জানিয়ে যথাযথ চিকিৎসার ব্যবস্থা করে দেন।

ক. কে আদর্শ জাতি গঠনের কারিগর? ১
খ. "শ্রমিকের গায়ের ঘাম শুকানোর পূর্বেই তার পারিশ্রমিক দিয়ে দাও।"— হাদিসটি বুঝিয়ে লেখ। ২
গ. সাজ্জাদের আচরণে কার অধিকার লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সাকিব তার শিক্ষকের যোগ্য উত্তরসূরি'— পাঠ্যপুস্তকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪ ▸ প্রেক্ষাপট ১ : "তোমাদের মধ্যে উত্তম ওই সকল ব্যক্তি, যারা তোমাদের মধ্যে চরিত্র বিচারে সুন্দরতম।" (আল-হাদিস)
প্রেক্ষাপট ২ : "নিশ্চয়ই আল্লাহর নিকট সবচেয়ে সম্মানিত সেই ব্যক্তি যে তোমাদের মধ্যে সবচেয়ে বেশি তাকওয়াবান।" (আল- কুরআন)

ক. শাফাআত কাকে বলে? ১
খ. 'প্রত্যেক প্রাণীকেই মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে'— বুঝিয়ে লেখ। ২
গ. ১ নম্বর প্রেক্ষাপটে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ২ নম্বর প্রেক্ষাপটে যে বিষয়টি ফুটে উঠেছে তা পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ শিহাব ও জাবির দুই বন্ধু। শিহাব তার বাড়ির চারপাশে অনেক ফলের গাছ লাগিয়েছেন। মানুষেরা সেই গাছের ছায়ায় বসে আরাম করে এবং পাখিরা ফল খায়। শিহাব প্রতিবেশীদেরও ফল দেন। আর জাবিরের দোকানে ন্যায্যমূল্যে পণ্য বিক্রয় হয়। কোনো ভেজাল নেই। তাই অনেক মানুষ রমযান মাসে তার দোকানে বাজার করে।

ক. শরিয়তের তৃতীয় উৎসের নাম কী? ১
খ. হারাম বর্জনীয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. শিহাব সাহেবের কাজটি কী হিসেবে গণ্য হবে? সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. জাবিরের কাজের ফলাফল সংশ্লিষ্ট হাদিসের আলোকে মূল্যায়ন কর। ৪


৬ ▸ প্রেক্ষাপট-১: "অতএব হে চক্ষুষ্মানগণ! তোমরা শিক্ষা গ্রহণ কর।" (আল-কুরআন)
প্রেক্ষাপট-২: "মুসলমানগণ যা ভালো বলে মনে করে তা আল্লাহ তায়ালার নিকটও ভালো।" (আল-হাদিস)

ক. ওয়াজিব কাকে বলে? ১
খ. উদাহরণসহ ফরজে কিফায়া ব্যাখ্যা কর। ২
গ. প্রথম প্রেক্ষাপটে কোন বিষয়টি বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দ্বিতীয় প্রেক্ষাপটে যে বিষয়টি ফুটে উঠেছে তা বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব মুহাইমিন একজন শিল্পপতি। তিনি এলাকার মানুষের পানির তীব্র সংকট দূর করার উদ্দেশ্যে একটি গভীর নলকূপ স্থাপন করেন। এছাড়া তিনি একটি মসজিদ সম্প্রসারণের জন্য তহবিলের ব্যবস্থা করেন। তার বড় ভাই জনাব মনির একজন জনপ্রতিনিধি। একটি অপরাধের জন্য তিনি তার পুত্রকে কঠোর শাস্তি দিয়েছেন। তিনি কাজ করার বিষয়ে নিজের ও কাজের লোকের মাঝে সাম্য রক্ষা করেছেন।

ক. ঘুষ কী? ১
খ. আমরা কীভাবে আত্মশুদ্ধি অর্জন করতে পারি? ২
গ. জনাব মুহাইমিন-এর কার্যক্রমে কার আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জনাব মনিরের মধ্যে একজন খলিফার জীবনাদর্শের চমৎকার উদাহরণ রয়েছে'— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮ ▸




ক. 'নাহি আনিল মুনকার' কী? ১
খ. 'জাহিলি যুগে আরবের লোকদের সাহিত্যের প্রতি অনুরাগ ছিল'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের 'ক' চিহ্নিত বক্সে কিসের প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'খ' চিহ্নিত বক্সে প্রদত্ত বিষয়ে মুসলমানদের অবদান মূল্যায়ন কর। ৪

৯ ▸ প্রেক্ষাপট-১ : এটি পথিবীর প্রথম লিখিত সংবিধান। এতে ৪৭টি ধারা ছিল। এর মাধ্যমে ইসলাম ও মহানবি (স.)-এর শ্রেষ্ঠত্ব ফুটে উঠেছে।
প্রেক্ষাপট-২ : এটি ছিল ময়দানে উপস্থিত জনসমুদ্রের উদ্দেশে প্রদত্ত এক যুগান্তকারী ভাষণ। এ ভাষণে বিশ্ব মানবতার সকল কিছুর দিকনির্দেশনা বিদ্যমান ছিল।

ক. তাকওয়া কী? ১
খ. আমরা কীভাবে নারীর প্রতি সম্মান প্রদর্শন করতে পারি? ২
গ. প্রেক্ষাপট-১-এ কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে ২ নম্বর প্রেক্ষাপটে ফুটে ওঠা বিষয়টি বিশ্লেষণ ও মূল্যায়ন কর। ৪

১০ ▸ সিলেটের কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের উদ্যোগে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেখানে একজন গবেষক শরিয়তের উৎসের ওপর প্রবন্ধ উপস্থাপন করছিলেন। তিনি বললেন, 'অবতরণের সময়ের ওপর ভিত্তি করে আল-কুরআনের সূরাসমূহকে দুভাগে বিভক্ত করা হয়েছে।' এ সেমিনারের সভাপতি বললেন, "উপস্থাপন, বর্ণনা, সনদ ইত্যাদির ভিত্তিতে হাদিস কয়েক ভাগে বিভক্ত। মহানবি (স.)-এর জীবদ্দশায় হাদিস লিখে রাখা নিষিদ্ধ ছিল।"

ক. স্বদেশপ্রেম কী? ১
খ. 'জিহাদ ও সন্ত্রাসবাদের মধ্যে পার্থক্য রয়েছে'— বুঝিয়ে লেখ। ২
গ. উক্ত গবেষকের বক্তব্যে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে সভাপতির বক্তব্য বিশ্লেষণ কর। ৪

১১ ▸ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সাদিয়া, ইবনে যাকারিয়া আল রাযি এবং ইবনে সিনার অবদানে অনুপ্রাণিত হয়ে চিকিৎসাবিদ হতে চায়। অপরদিকে, তার ছোট ভাই রুমেল গণিতশাস্ত্রে উচ্চতর ডিগ্রি নিতে চায়। কারণ, গণিত হচ্ছে বিজ্ঞানের মূল। আর এ শাস্ত্রটির আবিষ্কারের অগ্রগতি ও উন্নতির উৎকর্ষ সাধনে মুসলমানদের অবদান অবিস্মরণীয়।

ক. ইমাম গাযালি (র.) কে ছিলেন? ১
খ. "হযরত উমর (রা.) ছিলেন ন্যায় ও ইনসাফের এক মূর্ত প্রতীক।"— বুঝিয়ে লেখ। ২
গ. রুমেলের উচ্চতর ডিগ্রি নিতে চাওয়া বিষয়টির জনক কে? উক্ত বিষয়ে তার অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ. [illegible]

# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

vwl q ^KwW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ ইমাম সাহেব শুক্রবার জুমার খুতবা পাঠের সময় বলেন, একজন মুমিনের অন্যতম পরিচয় হলো তাওহিদে বিশ্বাস করা। সর্বপ্রথম নবি থেকে সর্বশেষ নবি সকলেই তাওহিদের শিক্ষা দিয়েছেন। "তাওহিদে বিশ্বাসী ব্যক্তি কোনো জড় পদার্থ বা প্রকৃতির কাছে মাথা নত করে না। তাওহিদ হলো ইমানের প্রথম কথা"।

ক. তাওহিদ শব্দের অর্থ কী? ১
খ. তাওহিদে বিশ্বাসের একটি গুরুত্ব বর্ণনা কর। ২
গ. জড় পদার্থের কাছে মাথা নত করা কোন ধরনের অপরাধ? ৩
ঘ. 'তাওহিদ হলো ইমানের প্রথম কথা'– বিশ্লেষণ কর। ৪

২ ▸ হাসান সাহেব একজন চাকরিজীবী। তিনি প্রায়ই বিনা কারণে অফিসে দেরি করে আসেন। এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি মনগড়া অজুহাত তুলে ধরেন। সহকর্মীদের কাছ থেকে কিছু ধার নিলে তা যথা সময়ে ফেরৎ দেন না। অথচ পোশাক-পরিচ্ছেদে তাকে ভদ্র বলেই মনে হয়।

ক. আখিরাত শব্দের অর্থ কী? ১
খ. 'আখিরাতে বিশ্বাস মানুষকে সৎকাজে উদ্বুদ্ধ করে'– বুঝিয়ে লেখ। ২
গ. হাসান সাহেবের কর্মকাণ্ড কার আচরণের বহিঃপ্রকাশ? ব্যাখ্যা কর। ৩
ঘ. হাসান সাহেবের কর্মকাণ্ডের পরিণাম ইসলামি শরিয়তের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ আবুল মিয়া মানুষকে ভালো কাজে উৎসাহিত করেন। কিন্তু তিনি এগুলো করে থাকেন লোক দেখানোর জন্য, অন্যদিকে, আজাহার সাহেব সাদা মনের মানুষ। তিনি অকাতরে বৃক্ষরোপণ করেন এবং বিভিন্ন প্রকার ফসল আবাদ করেন।

ক. হাদিস শব্দের অর্থ কী? ১
খ. বৃক্ষরোপণ সাদকাস্বরূপ কেন? ২
গ. আজাহার সাহেবের ফসল আবাদ করা কোন ধরনের ইবাদত? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবুল মিয়ার কর্মের ফলাফল ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ নাহিদ তার বন্ধু গালিবের সাথে গর্ব করে বলে, আমার চাচা খুব জ্ঞানী লোক। এমন কোনো প্রসিদ্ধ বই নেই, যা তিনি পড়েননি। গালিব তখন জিজ্ঞেস করে, তোমার চাচা কি পবিত্র কুরআন পড়েছেন? উত্তরে বলল না, তখন গালিব বলল, তোমার চাচা তাহলে পরিপূর্ণ জ্ঞান লাভ করেননি। কারন, তুমি তো জান, 'পবিত্র কুরআনই হলেন সকল প্রকার জ্ঞান-বিজ্ঞানের ভান্ডার'।

ক. কুরআন শব্দের অর্থ কী? ১
খ. জ্ঞানী হতে কুরআনের জ্ঞান প্রয়োজন হওয়ার একটি কারণ ব্যাখ্যা কর। ২
গ. গালিবের দৃষ্টিতে নাহিদের চাচা প্রকৃত জ্ঞানী নয় কেন? বর্ণনা কর। ৩
ঘ. 'পবিত্র কুরআন সকল প্রকার জ্ঞান-বিজ্ঞানের ভাণ্ডার'। বিশ্লেষণ কর। ৪

৫ ▸ আসমান সাহেব মানুষকে দেখানোর উদ্দেশ্যেই নামাজ আদায় করেন এবং গৃহস্থালির প্রয়োজনীয় ছোট-খাটো বস্তু অন্যকে দেন না। পাড়া প্রতিবেশীর সাহায্য-সহযোগিতায়ও বেশ উদাসীন। পক্ষান্তরে, আদনান মিয়া মনে করে, নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তি আছে। যখনই সে সময় পায় তখনই ইবাদতে লিপ্ত থাকে এবং তার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করে।

ক. সূরা 'আল-ইনশিরাহ' কোথায় অবতীর্ণ হয়? ১
খ. 'জীবনের প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান'– ব্যাখ্যা কর। ২
গ. আসমান সাহেবের কর্মকাণ্ডে কোন হাদিসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আদনান মিয়ার কার্যক্রম তোমার পাঠ্যবইয়ের সংশ্লিষ্ট সূরার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ আব্দুল হান্নান ও আব্দুল মান্নান দুই ভাই। আব্দুল মান্নান সরকারি চাকরি করেন। তিনি নিয়মিত নামাজ পড়েন আর আব্দুল হান্নান চাষাবাদ করেন। তিনি হাক্কুল্লাহর কিছুই পালন করেন না এবং হাক্কুল ইবাদ সম্পর্কেও অসচেতন।

ক. হাক্কুল্লাহ শব্দের অর্থ কী? ১
খ. প্রতিবেশীর হক কী ধরনের হক? বুঝিয়ে লেখ। ২
গ. হাক্কুল ইবাদ তথা মানবাধিকারের প্রতি ইসলামের নির্দেশনা মূল্যায়ন কর। ৩
ঘ. আব্দুল হান্নান সাহেবকে হাক্কুল ইবাদ পালনে অভ্যস্ত করতে হলে কী কী প্রয়োজন বলে তুমি মনে কর বুঝিয়ে লেখ। ৪

৭ ▸ আব্দুল আলীম একজন কলেজ পড়ুয়া ছাত্র। সে রীতিমতো পাঁচ ওয়াক্ত সালাত আদায় করে। রমজান মাসে সাওম পালন করা কষ্টকর ভেবে তা পালনে অবহেলা করে। তার বাবা বিষয়টি আঁচ করতে পেরে ছেলেকে ডেকে বলেন, 'বাবা, সালাতের মতো সাওম পালন করাও ফরজ এবং ইহা অত্যন্ত ফযিলতপূর্ণ ইবাদত।

ক. সাওম কাকে বলে? ১
খ. 'সাওম ঢালস্বরূপ।'– বুঝিয়ে লেখ। ২
গ. আব্দুল আলীমকে কীভাবে সাওম পালনে উদ্বুদ্ধ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তাকওয়া অর্জনে সাওমের ভূমিকা বর্ণনা কর। ৪

৮ ▸ সালাম সাহেব নিয়মিত মসজিদে পাঁচ ওয়াক্ত নামাজ সালাতে আদায় করেন। তার অপরিষ্কার থাকার কারনে মুসল্লিদের নামাজে বিঘ্ন ঘটে। একদিন ইমাম সাহেব তার বক্তৃতায় পরিষ্কার পরিচ্ছন্নতার ওপর গুরুত্ব আরোপ করেন এবং বলেন, 'পরিষ্কার-পরিচ্ছন্নতা ইমানের অঙ্গ'।

ক. পরিষ্কার-পরিচ্ছন্নতা অর্থ কী? ১
খ. অপরিষ্কার-অপরিচ্ছন্নতার একটি কুফল বর্ণনা কর। ২
গ. সালাম সাহেব কীভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'পরিষ্কার-পরিচ্ছন্নতা ইমানের অঙ্গ'– বিশ্লেষণ কর। ৪

৯ ▸ কালাম একজন সৎ ব্যবসায়ী। তার সংসারে অভাব অভিযোগ লেগেই থাকে। কালামের স্ত্রী মাঝে মধ্যে বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য তাকে দু-একটা মিথ্যা বলতে, ওজনে কম দিতে ও দ্রব্যে ভেজাল মেশাতে বলে। কিন্তু কালাম তাকে বুঝিয়ে বলে, 'মানুষকে ফাঁকি দেওয়া গেলেও আল্লাহকে ফাঁকি দেওয়া যাবে না।'

ক. সত্যবাদিতা কী? ১
খ. মিথ্যা বর্জনীয় কেন? ২
গ. কালাম অসৎ পথ অবলম্বন না করে কোন গুণের পরিচয় দিয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কালামের স্ত্রীর মতামতকে তুমি সমর্থন কর কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▸ সেলিম একজন সৎ ও ধনী ব্যক্তি। তিনি তার গ্রামের অভাবী এবং গরিব-দুঃখীদের দান করেন। একদা তিনি জুমার খুৎবা শুনে তার গ্রামের মসজিদটি সম্প্রসারণের ব্যবস্থা করেন এবং তার সম্পদের এক তৃতীয়াংশ দান করেন। পক্ষান্তরে, তার ধনাঢ্য বন্ধু করিম কোনো প্রকার সাহায্যই করলেন না।

ক. হযরত উমর (রা.) কত বছর বয়সে ইসলাম ধর্ম গ্রহণ করেন? ১
খ. হযরত উসমান (রা.) কী কারণে 'জামিউল কুরআন' উপাধি লাভ করেন? বুঝিয়ে লেখ। ২
গ. সেলিমের দানশীলতা হযরত উসমান (রা.)-এর আলোকে তুলনা কর। ৩
ঘ. 'কৃপণতা নিন্দনীয় কাজ' তোমার পাঠ্যবইয়ের আলোকে করিমের অবস্থা মূল্যায়ন কর। ৪

১১ ▸ গফুর সাহেব একজন চিকিৎসক। তিনি ছুটিতে গ্রামে গিয়ে জানতে পারলেন যে, দরিদ্র কৃষক গণি মিয়ার টিউমার ক্যান্সার হয়েছে। তার উন্নত চিকিৎসার জন্য প্রচুর অর্থের প্রয়োজন। বিষয়টি গফুর সাহেব ইবনে সিনা ট্রাস্টের সেক্রেটারীর কাছে তুলে ধরলেন। সেক্রেটারী বললেন 'ইসলাম হচ্ছে মানবতার ধর্ম'। কাজেই আমি তার চিকিৎসার ভার নিলাম।

ক. ইবনে সিনা কে ছিলেন? ১
খ. মানবসেবা বলতে কী বোঝায়? ২
গ. গফুর সাহেবের এ কাজটিকে তুমি কোন ধরনের সেবামূলক কাজ বলে মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ইসলাম হচ্ছে মানবতার ধর্ম'– বিশ্লেষণ কর। ৪

## ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

wel q ^KvW: 1 1 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট — **ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সাদেক সাহেব গত বছর একটি বিশেষ ইবাদত পালন করেন। যে ইবাদত পালনের মাধ্যমে ব্যক্তি নবজাত শিশুর মতো নিষ্পাপ হয়ে যায়। তার বড় ভাই আদেল সাহেব প্রতিবছরই বছরান্তে তার সম্পদের শতকরা ২.৫০ টাকা নির্দিষ্ট খাতে প্রদান করেন।

ক. হাক্কুল ইবাদ কাকে বলে? ১
খ. 'সাওম ঢালস্বরূপ'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. আদেল সাহেবের নির্দিষ্ট খাতে সম্পদ প্রদান করা কোন ইবাদতের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদেক সাহেবের বিশেষভাবে পালনকৃত ইবাদতটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব 'A' ও জনাব 'B' দুই ভাই। মামার বাড়িতে যাওয়ার সময় জনাব 'A' বলেন, সকল কাজকর্ম ও সৃষ্টিতে এক আল্লাহকে বিশ্বাস করার মাধ্যমে মানুষের মুক্তি ও সফলতা আসে। মানুষ বিবাদ ও বিভেদ ভুলে যায়। অপরপক্ষে, জনাব 'B' মদ পান করাকে হালাল মনে করেন। এতে মানুষের কোনো পাপ হয় না বলে তিনি মনে করেন।

ক. ইমানের মূলকথা কী? ১
খ. তাকদির বলতে কী বোঝায়? ২
গ. জনাব 'A'-এর বক্তব্যে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'B'-এর উক্তিটি চিহ্নিত করে এর পরিণতি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ তালেব সাহেব একটি দেশের রাষ্ট্রপ্রধান। তিনি জনসাধারণের অবস্থা স্বচক্ষে দেখার জন্য রাতের অন্ধকারে পাড়া মহল্লায় ঘুরে বেড়ান। অপরপক্ষে, মাতলুব সাহেব অন্য একটি দেশের রাষ্ট্রপ্রধান হয়েও রাষ্ট্রীয় সম্পদ ব্যয় করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করেন এবং রাষ্ট্রীয় কোষাগার থেকে সামান্য ভাতা গ্রহণ করেন, তা সকল রাষ্ট্রপ্রধানের অনুসরণীয় আদর্শ।

ক. 'যুননুরাইন' শব্দের অর্থ কী? ১
খ. ইমাম আবু হানিফা (র.) কে ফিকাহ শাস্ত্রের জনক বলা হয় কেন? ২
গ. তালেব সাহেবের কাজে কোন খলিফার চরিত্র ফুটে উঠেছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. মাতলুব সাহেবের কর্মকাণ্ডের সাথে কোন খলিফার মিল রয়েছে? ইসলামের সেবায় তাঁর অবদান বিশ্লেষণ কর। ৪

৪ ▸ ময়েজ সাহেব আল্লাহর ভয়ে প্রকাশ্যে ও গোপনে সব ধরনের পাপ ও অন্যায় কাজ থেকে দূরে থাকেন। তিনি মনে করেন, আল্লাহ সব কিছু জানেন ও দেখেন। অপরপক্ষে, তমিজ সাহেব কথা দিয়ে কথা রাখেন, কোনো প্রতিজ্ঞা করলে তা পূরণ করেন।

ক. হুসনুল খুলুক কাকে বলে? ১
খ. 'সুন্দর চরিত্রই পূণ্য'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. ময়েজ সাহেবের চরিত্রে আখলাকে হামিদার কোন গুণটি প্রকাশ পেয়েছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তমিজ সাহেবের চরিত্রে যে বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে তার সুফল বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মারুফ সাহেব ব্যবসায় করে প্রচুর অর্থ সম্পদ উপার্জন করেন। তিনি মনে করেন, তার কর্মের দ্বারাই এ সফলতা. তাকদির বলতে কোনো কিছু নাই। অপরদিকে, মফেদ আলী হযরত ঈসা (আ.) কে আল্লাহর পুত্র ও মরিয়ম (আ.) কে আল্লাহর স্ত্রী মনে করেন।

ক. ইসলাম কাকে বলে? ১
খ. ইসলামকে শান্তির ধর্ম বলা হয় কেন? ২
গ. মারুফ সাহেবের ধারণা কিসের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. মফেদ আলীর কর্মকাণ্ডের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব 'A' ইখলাসের সাথে কর্ম সম্পাদন করেন। তার স্ত্রী মিসেস 'B' লোক দেখানোর জন্য সালাত আদায় করেন ও গৃহস্থালির প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী দিয়ে অন্যকে সাহায্য করতে চান না।

ক. নিয়ত কাকে বলে? ১
খ. হাদিসে কুদসি বলতে কী বোঝায়? ২
গ. জনাব 'A' তোমার পাঠ্যবইয়ের কোন হাদিসের শিক্ষায় উদ্বুদ্ধ হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিসেস 'B'-এর মনোভাব পাঠ্যবইয়ের সূরার আলোকে মূল্যায়ন কর। ৪

৭ ▸ আল্লাহর নির্দেশে হযরত মুহাম্মদ (স.) মদিনায় হিজরত করেন। সেখানে বিভিন্ন গোত্রের নেতাদের সাথে বৈঠক করে একটি লিখিত সনদ প্রণয়ন করেন। এরপর জীবনের শেষ হজ পালনের সময় একটি ঐতিহাসিক ভাষণ প্রদান করেন।

ক. উছওয়া কাকে বলে? ১
খ. জাবির ইবনে হাইয়ানকে গণিত শাস্ত্রের জনক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন সনদের কথা বলা হয়েছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ঐতিহাসিক ভাষণের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮ ▸ ইমাম সাহেব শুক্রবারের আলোচনায় বলেন, মহানবি (স.) বলেছেন "আমি তোমাদের মাঝে দুটি বস্তু রেখে যাচ্ছি, যতদিন তোমরা এ দুটোকে আঁকড়ে থাকবে ততদিন পর্যন্ত পথভ্রষ্ট হবে না।"

ক. মাকতু হাদিস কাকে বলে? ১
খ. মহানবি (স.)-এর যুগে হাদিস লিখে রাখা নিষেধ ছিল কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত ১ম বস্তুটি কী? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ২য় বস্তুটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯ ▸ শ্রেণিশিক্ষক পাঠদানের সময় আল-কুরআনের ৯৫তম সূরা তিলাওয়াত করেন, যে সূরায় আল্লাহ তীন ও যায়তুনের শপথ করেছেন।

ক. সনদ কাকে বলে? ১
খ. "এরপর নামিয়ে দিয়েছি তাকে সর্বনিম্ন স্তরে"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. শ্রেণিশিক্ষক আল-কুরআনের কোন ধরনের সূরা তিলাওয়াত করেছেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. শ্রেণিশিক্ষক কর্তৃক তিলাওয়াতকৃত সূরাটির শিক্ষা বিশ্লেষণ কর। ৪

১০ ▸ সাদেকুল সাহেব একজন আলু চাষি। এ বছর আলুর দাম দেখে আফসোস করলেন। কেননা তিনি এ বছর দোকান থেকে না জেনে ভেজাল কীটনাশক ক্রয় করে জমিতে প্রয়োগ করায় তার পাঁচ একর আলু সম্পূর্ণ নষ্ট হয়ে যায়। সাদেকুল সাহেবের এ সর্বনাশ দেখে পার্শ্ববর্তী জনৈক আলু চাষি আনন্দে মেতে ওঠেন।

ক. বেশির ভাগ কবর আযাবের কারণ কী? ১
খ. "গিবত ব্যাভিচারের চাইতেও মারাত্মক"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. দোকানদারের কাজে আখলাকে যামিমাহর কোনটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনৈক আলু চাষির কর্মের পরিণাম ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ ইমন সাহেব এমন একটি ইবাদত পালন করেন যে সম্পর্কে মহানবি (স.) বলেছেন, এটি ইমান ও কুফরের মাঝে পার্থক্যকারী। তার বড় ভাই আবেদ সাহেব প্রতিবছর একটি ইবাদত পালন করেন, যার প্রতিদান মহান আল্লাহ নিজ হাতে প্রদান করবেন।

ক. শিক্ষা কী? ১
খ. নৈতিকতা বলতে কী বোঝায়? ২
গ. ইমন সাহেব কোন ইবাদত পালন করেছেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. আবেদ সাহেবের পালনকৃত ইবাদতটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

# রংপুর জিলা স্কুল

wel q ^KvW: 1 1 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ আনোয়ার একজন ঘুষখোর। তিনি ঘুষের টাকা সুদের কারবারে খাটান। জুয়াও খেলেন। এসব কাজকে তিনি অবৈধ মনে করেন না। তার নিঃসন্তান বড় ছেলে মনোয়ার স্ত্রীসহ আজমীরে খাজা বাবার দরবারে গিয়ে সন্তান ও সংসারের সুখ-সমৃদ্ধি প্রার্থনা করে সিজদায় লুটিয়ে পড়ে।

ক. তাওহিদ কাকে বলে? ১
খ. রিসালাতে বিশ্বাস অপরিহার্য কেন? ২
গ. আনোয়ারের ধারণায় কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মনোয়ারের কাজটির কুফল ও প্রতিকার ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ জামিলা বেগম তার দৈনন্দিন জীবনে ইসলামের বিধিবিধান অনুসরণ করেন। তিনি সৎ, সুন্দর ও পুণ্যের কাজে সদা পরিব্যস্ত। তার কলুষমুক্ত, পবিত্র ও সুন্দর জীবন দেখে সবাই তার প্রশংসা করেন। অপরদিকে, তার সহকর্মী জামিল সাহেব নিজেকে মহানবি (স.)-এর উম্মত হিসেবে দাবি করলেও তিনি তাঁকে সর্বশেষ নবি হিসেবে বিশ্বাস করেন না। তার বক্তব্য—মানুষের হিদায়েতের জন্য কিয়ামত পর্যন্ত নবি-রাসুলের আগমনের প্রয়োজনীয়তা রয়েছে।

ক. 'শাফাআত' কাকে বলে? ১
খ. মুনাফিকরা সমাজে অপমানিত ও লাঞ্ছিত কেন? ২
গ. জামিলা বেগমের জীবনে কিসের প্রভাব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি জামিল সাহেবের বক্তব্যের সাথে একমত পোষণ কর? উত্তরের পক্ষে দলিল দাও। ৪

৩ ▸ সমাজের বিত্তশালী তমাল মল্লিক ভোটে জয়লাভের জন্য মাথায় টুপি পরে মুসল্লি সেজে মসজিদে মসজিদে লোক দেখানো সালাত আদায় করে বেড়ান। তার ইয়াতিম ভাতিজা সম্পত্তির ভাগ চাইলে তিনি তাকে রূঢ়ভাবে তাড়িয়ে দেন। তার বন্ধু আমিন মোল্লা একজন আল্লাহভক্ত মানুষ। চাল-চলন, আচার-ব্যবহার, পোশাক-পরিচ্ছদে তিনি ইসলামের একান্ত অনুসারী। তিনি সদাসর্বদা আল্লাহর যিকির ও প্রশংসায় লিপ্ত থাকেন।

ক. শরিয়ত কাকে বলে? ১
খ. 'সুন্নাহ হলো আল-কুরআনের ব্যাখ্যাস্বরূপ'— বুঝিয়ে লেখ। ২
গ. তমাল মল্লিক কোন ধরনের লোক? সংশ্লিষ্ট সূরার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আমিন মোল্লা একজন ভালো লোক'— সংশ্লিষ্ট হাদিসের আলোকে তাকে মূল্যায়ন কর। ৪

৪ ▸ বাবুল একজন পথভ্রষ্ট যুবক। সে সন্ত্রাস, চাঁদাবাজি ও প্রতারণার মাধ্যমে উপার্জিত অর্থ দিয়ে জীবিকা নির্বাহ করে। এলাকার ইমাম সাহেব মাওলানা আব্দুল্লাহ তাকে একদিন নছিহত করছিলেন। এমন সময় অর্ধশিক্ষিত সাবুল মিয়া ইমাম সাহেবের কাছে এসে তার সাথে শরিয়ত সম্পর্কিত নানা বিষয়ে তর্ক শুরু করে দেন। একপর্যায়ে তিনি বলেন, শরিয়ত অনুসরণের ক্ষেত্রে আল-কুরআন ও সুন্নাহই যথেষ্ট, ইজমা ও কিয়াসের কোনো প্রয়োজন নেই। মাওলানা আব্দুল্লাহ তাতে দ্বিমত পোষণ করে ইজমা ও কিয়াসের প্রয়োজনীয়তা সুন্দরভাবে বুঝিয়ে দিলেও তিনি তা প্রত্যাখ্যান করেন।

ক. 'হালাল' কাকে বলে? ১
খ. 'ফরজ' ও 'সুন্নত'-এর মধ্যকার পার্থক্য নিরূপণ কর। ২
গ. বাবুল মিয়ার উপার্জন কীরূপ? এর ক্ষতিকর প্রভাব ইসলামের আলোকে ব্যাখ্যা কর ৩
ঘ. "সাবুল মিয়ার বক্তব্য ইসলামি শরিয়তের পরিপন্থি"— কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ আজ জুমাবার। মফিজ দেওয়ানি ও তার গৃহকর্মী তফিজ মিয়া মসজিদে যান। ইমাম সাহেব গুরুত্বপূর্ণ বয়ান করছেন। তিনি বলেন, মানুষ লোভ-লালসা, হিংসা-বিদ্বেষ ও ক্রোধ-ক্ষোভের বশবর্তী হয়ে অনেক মন্দ কাজে লিপ্ত হয়। এমন একটি ইবাদত আছে, যা এসব কাজ থেকে মুক্ত থাকতে শেখায়। বয়ানের পর মফিজ দেওয়ানি সালাতের কাতারে তফিজ মিয়াকে তার পাশাপাশি দাঁড়াতে দেখে ধমক দিয়ে তাকে পেছনের কাতারে সরিয়ে দেন। মুসল্লিরা এ কাজটিকে ভালো চোখে দেখেননি।

ক. 'হজ' কাকে বলে? ১
খ. যাকাতের অর্থনৈতিক গুরুত্ব লেখ। ২
গ. মফিজ দেওয়ানির আচরণে সালাতের কোন শিক্ষাটি উপেক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের বয়ানে যে ইবাদতের প্রতি ইঙ্গিত করা হয়েছে তা চিহ্নিতপূর্বক এর সামাজিক গুরুত বিশ্লেষণ কর। ৪

৬ ▸ হাবিব ও লাবিব দুই বন্ধু। হাবিব শ্রমিকদের শ্রমে উৎপাদিত পণ্য বাজারজাত করে লাভবান হলেও তিনি তাদের সময়মতো যথাযথ শ্রমের মূল্য দেন না। বিক্ষুব্ধ শ্রমিকরা একদিন তার শিল্প কারখানায় তালা ঝুলিয়ে দেয়। অপরদিকে, লাবিব নিজ স্বার্থ পূরণে অন্যায়, জুলুম, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের কৌশল রপ্ত করতে সদা পরিব্যস্ত থাকেন।

ক. কোন প্রকারের উপার্জন উত্তম ও পবিত্র? ১
খ. জিহাদ ও সন্ত্রাসবাদের মধ্যকার পার্থক্য লেখ। ২
গ. কী অনুসরণ করলে হাবিবের শিল্প প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষ দেখা দিত না? ব্যাখ্যা কর। ৩
ঘ. "লাবিবের উক্ত কৌশল রপ্ত করা বর্জনীয় জ্ঞানের অন্তর্ভুক্ত"— বিশ্লেষণ কর ৪

৭ ▸ কবির মিয়ার তিন ছেলে তিন মেয়ে। বেঁচে থাকতেই বসতভিটে ছাড়া বাকি সব সম্পত্তি তার তিন ছেলের নামে কবলা দলিল করে দেন। এ কাজটিকে তিনি অনৈসলামিক মনে করেন না। তার বড় ছেলে সগির মিয়া প্রয়োজনের অতিরিক্ত খরচ করে প্রাপ্ত জমির সবটুকু বিক্রি করে এখন নিঃস্ব।

ক. 'আমানত' কাকে বলে? ১
খ. "তাকওয়া সকল সদগুণের মূল"— বুঝিয়ে লেখ। ২
গ. কিসের অভাবে সগির মিয়া এখন নিঃস্ব? ব্যাখ্যা কর। ৩
ঘ. কবির মিয়ার ধারণাকে তুমি কি সমর্থন কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ মাহবুব একজন কলুষিত যুবক। নানাবিধ পাপচিন্তা ও অশ্লীল কাজে সে লিপ্ত থাকে। অন্যায়-অত্যাচার, সন্ত্রাস-নির্যাতনের মতো জঘন্য কাজ করতেও দ্বিধাবোধ করে না। তার বড় বোন মাহবুবা ছোট ভাইকে সঠিক পথে আনার জন্য নানা তৎপরতা শুরু করেন। মোবাইল কল, ম্যাসেজ ও ই-মেইলের মাধ্যমে তাকে নানাভাবে বুঝান। এবার তিনি স্বামীর বাড়ি থেকে এসে আদর-ভালোবাসা দিয়ে তাকে বেশ করে বুঝান। মাহবুবকে সৎসঙ্গ দেওয়ার জন্য এলাকার সচ্চরিত্রবান ক'জন যুবককে তিনি অনুরোধও জানান।

ক. 'গিবত' কাকে বলে? ১
খ. সুদ ও ঘুষ অত্যন্ত জঘন্য অর্থনৈতিক অপরাধ কেন? ২
গ. মাহবুবের চরিত্র সংশোধনে আখলাকে হামিদাহ'র কোন গুণটি অবলম্বন করা প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মাহবুবা একজন কর্তব্যপরায়ণ ব্যক্তি"— মূল্যায়ন কর। ৪

৯ ▸ শরিফ দেওয়ানি মুসলিম ভাইদের রোগে-শোকে ক্ষুধায় যেমন এগিয়ে আসেন, তেমনি প্রতিবেশী অমুসলিম ভাইদের জন্যও এগিয়ে আসেন। প্রভাবশালী এ মানুষটি অমুসলিমদের অত্যাচার করেন না, তাদের সম্পদ দখল করেন না বরং তাদের জানমালের হিফাজতের চেষ্টা করেন। তার ছোট ভাই বন কর্মকর্তা তারিফ সাহেব দেশের বনজ সম্পদকে রক্ষা করতে গিয়ে বনদস্যুদের হাতে গুলিবিদ্ধ হয়ে এক হাসপাতালে নিহত হন।

ক. 'তাহারাত' কাকে বলে? ১
খ. "লজ্জাশীলতার পুরোটাই কল্যাণময়"— সংক্ষেপে ব্যাখ্যা কর। ২
গ. শরিফ দেওয়ানির মাঝে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'তারিফ সাহেব একজন দেশপ্রেমিক' — পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

১০ ▸ তামিম চেয়ারম্যান একজন জনপ্রিয় জনপ্রতিনিধ। তিনি আইনের শাসন প্রতিষ্ঠা করে সমাজে শান্তি ফিরিয়ে আনেন। কৃষির উন্নয়নে তিনি এলাকায় খাল খননের ব্যবস্থা করেন। তার পার্শ্ববর্তী ইউনিয়নের তাজিম চেয়ারম্যানও একজন জনপ্রিয় জনপ্রতিনিধি। তিনি জনসেবার পাশাপাশি জ্ঞান সাধনায় ব্যস্ত থাকেন। একবার তার বাড়িতে ডাকাত দল হানা দেয়। জীবনের ওপর ঝুঁকি নিয়ে তিনি তার কাছে রক্ষিত মানুষের আমানতগুলো নিরাপদ স্থানে হিফাজত করেন।

ক. 'মদিনার সনদ' কী? ১
খ. মহানবি (স.)-এর জীবনাদর্শ অনুকরণীয় কেন? ২
গ. তামিম চেয়ারম্যান তার দায়িত্ব পালনে কোন খলিফাকে অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "তাজিম চেয়ারম্যানের মধ্যে হযরত আলী (রা.)-এর জীবনাদর্শ লক্ষণীয়"— বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জাহিদ স্যার শ্রেণিতে ইমাম আবু হানিফা (রহ.) সম্পর্কে পাঠদান করেন। পাঠ শেষে শিক্ষার্থী জাকির 'আমিরুল মু'মিনিন ফিল হাদিস' উপাধিতে ভূষিত এক মুসলিম মনীষী সম্পর্কে জানতে চায়। জাহিদ স্যার তার জীবন ও অবদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

ক. আধুনিক চিকিৎসাশাস্ত্র ও চিকিৎসা প্রণালির দিশারি কে? ১
খ. ইমাম গাযালি (রহ.) কে 'হুজ্জাতুল ইসলাম' বলা হয় কেন? ২
গ. জাকির যে মনীষী সম্পর্কে জানতে চেয়েছিল হাদিসশাস্ত্রে তার অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ. জাহিদ স্যার যে মনীষী সম্পর্কে পাঠদান করেন তিনি ছিলেন ফিকাহ শাস্ত্রের উদ্ভাবক— বিশ্লেষণ কর। ৪

## ময়মনসিংহ জিলা স্কুল

wel q^KW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### ইসলাম ও নৈতিক শিক্ষা ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ আমিন সাহেব এবং হাবিব সাহেব দুই বন্ধু। একদিন তারা ইসলামের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করছিল। আমিন সাহেব ইসলামের সকল কার্যাবলি বিশ্বাস ও সমর্থন করলেও হজকে অস্বীকার করেন। কেননা, হজ একটি কষ্টসাধ্য ও ব্যয়বহুল ইবাদত। হাবিব সাহেব বলেন, "একজন মুসলিমকে ইসলামের সকল মৌলিক বিষয়ের প্রতি দৃঢ় বিশ্বাস রাখতে হবে।"

ক. তাওহিদ কী? ১
খ. আকাইদ বলতে কী বোঝায়? ২
গ. ইসলামের দৃষ্টিতে আমিন সাহেবের বিশ্বাসটি গ্রহণযোগ্য কিনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. কুরআন ও হাদিসের আলোকে হাবিব সাহেবের বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ এস ইসলাম একজন দিনমজুর। সে একটি ছোট বইয়ের দোকান থেকে এক হাদিসের বাংলা অনুবাদ বই কিনল। বই থেকে সে এ হাদিসটি পড়ল, "শ্রমিকের ঘাম শুকানোর আগে তার মজুরি শোধ করে দাও।" এ থেকে এস ইসলাম কুরআন ও হাদিস পড়ায় আরও উৎসাহ বোধ করল।

ক. হাক্কুল ইবাদ কী? ১
খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝ? ২
গ. এস ইসলামের পড়া হাদিসটি সংক্ষেপে ব্যাখ্যা কর। ৩
ঘ. শ্রমিকের পাওনা পরিশোধ নিয়ে কুরআন ও হাদিসে আরও কী বলা হয়েছে তা জানতে এস ইসলাম আগ্রহী হলো– আলোচনা কর। ৪

৩ ▸ বরকত হারুনের কাছে কুরআনে প্রথম নাজিল হওয়া শব্দটি সম্পর্কে জানতে চাইল। হারুন জবাবে বলল, 'ইকরা' বা পড়। বরকত বলল, ঠিকই বলেছ। এটিই কুরআনের প্রথম নাজিল হওয়া আয়াতাংশ। সর্বপ্রথম রমযান মাসে এ আয়াতটিসহ মোট পাঁচটি আয়াত নাজিল হয়। আর এ রমযান মাসেই সিয়াম সাধনা করা ফরজ করা হয়েছে। সিয়াম সাধনা ইসলামের পাঁচটি স্তম্ভের অন্যতম।

ক. সাওম অর্থ কী? ১
খ. সাওম পালনের উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ২
গ. বরকতের ব্যক্তিগত জীবনে সাওম কী প্রভাব ফেলতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক দৃষ্টিকোণ থেকে উদ্দীপকে উল্লিখিত ইসলামের স্তম্ভটির তাৎপর্য ও গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪ ▸

| | | |
|---|---|---|
| | ? | |
| (i) সিরাত | | (ii) জান্নাত-জাহান্নাম |

ক. কোন শব্দের অর্থ দাঁড়িপাল্লা? ১
খ. কিতাব ও সহিফার দুটি পার্থক্য ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানে কী বসবে? এর প্রথম বিষয়টি বর্ণনা কর। ৩
ঘ. (i) ও (ii) নম্বর বিষয়টির সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৫ ▸ অষ্টম শ্রেণির শিক্ষার্থী জামিল ও করিম মুসলমানদের ধর্মীয় গ্রন্থ আল-কুরআন নিয়ে আলোচনা করছিল। জামিল বলল, এ গ্রন্থে এমন সব সূরা রয়েছে, যা কবিতার মতো ছন্দময় ও ভাবগাম্ভীর্যপূর্ণ। করিম বলল, এটি এমন একটি মহাগ্রন্থ যার সংরক্ষণের দায়িত্ব মহান আল্লাহ নিজেই নিয়েছেন।

ক. 'আল-কুরআন' অর্থ কী? ১
খ. শানে নুযুল কী? ব্যাখ্যা কর। ২
গ. জামিল আল-কুরআনের কোন প্রকারের বৈশিষ্ট্যের কথা উল্লেখ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত করিমের বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৬ ▸ জনাব 'ক' একটি এলাকার চেয়ারম্যান। তিনি নির্বাচন উপলক্ষে একটি গরু জবাই করে ভোটারদের মধ্যে গোশত বিতরণ করেছিলেন। এটা দেখে তার স্ত্রী বলল, 'এ কাজের জন্য তোমাকে পুরস্কৃত করা হবে না।'

ক. নিয়ত কী? ১
খ. বৃক্ষ আমাদের জীবনে গুরুত্বপূর্ণ কেন? ২
গ. জনাব 'ক' তার কাজের জন্য কেন পুরস্কৃত হবেন না? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনার সাথে সংশ্লিষ্ট নিয়ত সম্পর্কিত হাদিসটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৭ ▸ গ্রামের একমাত্র হিন্দু মানুষটির মৃত্যুর পর তার সৎকারের ব্যবস্থা করলেন স্থানীয় মুসলমানরা। শুধু সৎকার নয়, গণেশ নামের ওই হিন্দু লোকটি অসুস্থ হওয়ার পর থেকেই তার সেবাযত্নসহ যাবতীয় চিকিৎসার ব্যবস্থা করেন তারা। পত্রিকায় খবরটি পড়ে মাওলানা সাব্বির বলেন, এ ধরনের সহাবস্থানই দেশের অগ্রগতিকে এগিয়ে নিয়ে যেতে পারে।

ক. আমানত কী? ১
খ. 'সুন্দর চরিত্রই পুণ্য'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত মুসলমানদের আচরণে পাঠ্যবইয়ের কোন বিষয়ের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাওলানা সাব্বির সাহেবের বক্তব্যটি তুমি কি সমর্থন কর? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৮ ▸ রফিক নানা রকম নিন্দনীয় স্বভাবে অভ্যস্ত। একদিন একটি ইসলামি অনুষ্ঠানে এক আলোচকের বক্তব্য শুনে সে বুঝতে পারে, একটি সৎ স্বভাব অর্জন করতে পারলে সে যাবতীয় অন্যায়, অশ্লীলতা ও অন্যান্য পাপাচার থেকে নিজেকে রক্ষা করতে পারবে। পরবর্তীতে সে উক্ত স্বভাব অবলম্বন করে নির্মল ও মার্জিত জীবনযাপনে অভ্যস্ত হয়।

ক. তাকওয়া কী? ১
খ. 'ওয়াদা পালন করা মুমিনের বৈশিষ্ট্য'– ব্যাখ্যা কর। ২
গ. রফিকের স্বভাব পরিবর্তনে আখলাকে হামিদার কোন গুণটি প্রভাব বিস্তার করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নৈতিক জীবনে উক্ত গুণের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৯ ▸ সাইদ একজন ওষুধ ব্যবসায়ী। তিনি তার ফার্মেসিতে ন্যায্যমূল্যের সাইনবোর্ড লাগিয়ে অতিরিক্ত মূল্য গ্রহণ করেন এবং অনেক সময় মেয়াদোত্তীর্ণ ওষুধও বিক্রি করেন। অন্যদিকে, সাইদের এক প্রতিবেশী নিরব অন্য প্রতিবেশী আরিফের ব্যবসায় উন্নতি দেখে তার প্রতি বিরূপ মনোভাব পোষণ করে তার সম্পর্কে নিন্দা করে বেড়ায়। আরিফের মা নিরবকে উদ্দেশ করে বলেন, 'এ ধরনের মনোভাব মারাত্মক সামাজিক অপরাধ।'

ক. ঘুষ কাকে বলে? ১
খ. ইসলামি শরিয়তে গিবত নিষিদ্ধ কেন? ২
গ. সাইদের চরিত্রে আখলাকে যামিমার কোন দিক বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিরবের চরিত্রে যে দিকটি প্রকাশ পেয়েছে তা উল্লেখপূর্বক আরিফের মায়ের উক্তিটি মূল্যায়ন কর। ৪

১০ ▸ প্রেক্ষাপট-১ : "সে যুগকে অজ্ঞতার যুগ বলা হয়। তিনি শান্তিকামী যুবকদের নিয়ে একটি সংগঠন গঠন করেন।"
প্রেক্ষাপট-২ : এ সনদে ৪৭টি ধারা ছিল। এটি ছিল এক যুগান্তকারী ভাষণ।

ক. বুহায়রা কে? ১
খ. হারবুল ফিজারের কারণ কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১ নম্বর প্রেক্ষাপটে কোন বিষয়ের ইঙ্গিত দেওয়া হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের ২ নম্বর প্রেক্ষাপটের সত্যতা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ ডিজিটাল বাংলাদেশ শীর্ষক আলোচনায় প্রধান অতিথি গণিতে মুসলমানদের অবদান প্রসঙ্গে একজন মনীষীর জীবনী তুলে ধরেন। যিনি গ্রিকদের ভুল ধারণা খণ্ডন করেন এবং যিনি চক্ষুবিজ্ঞানী ছিলেন। দ্বিতীয় বক্তা বলেন, জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি চর্চার মাধ্যমে মুসলমানগণ একসময় সারাবিশ্বে নেতৃত্ব দিয়েছিল। বাঙালিরাও জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিতে পারদর্শী হলে ডিজিটাল বাংলাদেশ শুধু গড়বে না বরং সারাবিশ্বে নেতৃত্ব দিতে পারবে।

ক. ইবনে সিনার পুরো নাম কী? ১
খ. ফিকহশাস্ত্রে ইমাম আবু হানিফা (র.)-এর অবদান ব্যাখ্যা কর। ২
গ. প্রধান অতিথি তার বক্তব্যের মাধ্যমে কোন মনীষীর প্রতি ইঙ্গিত করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. দ্বিতীয় বক্তার বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

# বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ

wel q ^KvW: 1 1 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ইসলাম ও নৈতিক শিক্ষা ● সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান–৭০


[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ জাহিন ও কাশেম দুই বন্ধু। জাহিন আল্লাহ ও রাসুল (স.) কে বিশ্বাস করাকে যথেষ্ট মনে করে। আর অন্যান্য নবি-রাসুলকে বিশ্বাসের প্রয়োজন নেই। অন্যদিকে, কাশেম মনে করে, নবি- রাসুলের আগমনের ধারা কিয়ামত পর্যন্ত চলমান থাকবে।

ক. রাসুল শব্দের বহুবচন কী? ১
খ. নবি-রাসুল প্রেরণের উদ্দেশ্য লেখ। ২
গ. জাহিনের বিশ্বাস কিসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. কাশেমের বিশ্বাসের পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸




ক. শিরকের বিপরীত কী? ১
খ. "কোনো কিছুই তার সদৃশ্য নয়" আয়াতটি বুঝিয়ে লেখ। ২
গ. 'ক' চিহ্নিত স্থানে কোন জঘন্য পাপকে নির্দেশ করা হয়েছে? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'খ' চিহ্নিত বিষয়টি কুরআন ও হাদিসের আলোকে বর্ণনা কর। ৪

৩ ▸ আব্দুল হাশিম আখিরাতে বিশ্বাস করেন। তিনি সর্বদা নৈতিক জীবনযাপন করেন। তিনি জান্নাতের আশায় সৎকর্মশীল হওয়ার চেষ্টা করেন।

ক. জান্নাত শব্দের অর্থ কী? ১
খ. জাহান্নামের স্তরগুলোর নাম লেখ। ২
গ. আব্দুল হাশিমের বিশ্বাস ও জীবনযাপনের সুফল বর্ণনা কর। ৩
ঘ. সৎকর্মশীল ও নৈতিক জীবন গঠনে আখিরাতে বিশ্বাসের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৪ ▸

| 'ক' | 'খ' |
|---|---|
| সুন্দর গঠনে মানুষকে সৃষ্টির সেরা জীব করা হয়েছে। অথচ মাঝে মাঝে এদের আচরণ পশুত্বের পর্যায়ে চলে যায়। | মুহিন পাঁচ ওয়াক্ত সালাত আদায় করে না। মাঝে মাঝে করলেও রুকু-সিজদা ঠিকমতো আদায় করে না। কিন্তু সব জানাযায় গুরুত্বের সাথে উপস্থিত হয়। |

ক. কাওলি হাদিস কাকে বলে? ১
খ. সালাতে সঠিকভাবে কুরআন তিলাওয়াত আবশ্যক কেন? ২
গ. 'ক' নম্বর ছকের মধ্যে কোন সূরার বক্তব্য প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুহিনের ইবাদত আদায়ের যথার্থতা শরিয়তের আহকামের গুরুত্বের আলোকে মূল্যায়ন কর। ৪

৫ ▸ সুরুজ মিয়া বর্ষায় রাস্তার দুই পাশে গাছ লাগান। জালাল মিয়া তাকে সরকারি জমিতে গাছ লাগাতে নিষেধ করেন। কিন্তু সুরুজ মিয়া বৃক্ষরোপণ চালিয়ে যান এবং বলেন সকল সৃষ্টিই আল্লাহর পরিবার। সুতরাং আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় ওই ব্যক্তি যে তার পরিজনের প্রতি অনুগ্রহ করে।

ক. সদকাহ কী? ১
খ. সিহাহ সিত্তাহ বলতে কী বোঝায়? ২
গ. পাঠ্যবইয়ে দেওয়া হাদিস অনুযায়ী সুরুজের আমল ব্যাখ্যা কর। ৩
ঘ. সুরুজের শেষ বাক্যটিতে মহানবি (স.)-এর কোন বাণী প্রতিফলিত হয়েছে? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ শহিদুল ইসলাম পেশায় একজন রিকশাচালক। ব্যক্তিগত জীবনে তিনি ইসলামের বিধিবিধান মেনে চলেন। অসুস্থ রোগীকে হাসপাতালে নিয়ে যান। একদিন তার রিকশায় জনৈক যাত্রীর ব্যাগসহ রেখে যাওয়া তিন লক্ষ টাকা স্থানীয় স্কুলের প্রধান শিক্ষকের নিকট জমা দেন। প্রধান শিক্ষক মালিকের ব্যাগে রাখা সংরক্ষিত

ক. কিয়ামতের দিন আল্লাহ সর্বপ্রথম কিসের হিসাব নেবেন? ১
খ. ইবাদতের মূল উদ্দেশ্য বুঝিয়ে লেখ। ২
গ. প্রধান শিক্ষকের কাজে কোন ধরনের ইবাদত প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শহিদুল ইসলামের কর্মকাণ্ডগুলো সংশ্লিষ্ট বিষয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪


৭ ▸ কারখানার শ্রমিকদের বেতন বোনাস না দিয়েই ইরফান সাহেব ঈদ উদযাপনের লক্ষ্যে সপরিবারে কানাডায় চলে গেলেন। ফলে শ্রমিকদের মধ্যে অসন্তোষ দেখা দেয় এবং কারখানা ভাংচুর করে।

ক. হযরত আনাস (রা.) কত বছর রাসুল (স.)-এর খেদমতে ছিলেন? ১
খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝ? ২
গ. ইরফান সাহেবের কাজে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শ্রমিকদের প্রতি ইরফান সাহেবের করণীয় কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ অনুফা বেগম একজন নারী নেত্রী। নারীর অধিকার বলতে তিনি নারীর স্বাধীনতা ও ব্যাপক ক্ষমতায়নকে মনে করেন। ইসলাম নারীর মর্যাদা প্রতিষ্ঠা করেছে এটা মানতে তিনি নারাজ। তার ঘনিষ্ঠ বান্ধবী আসমা তাকে সূরা নিসার বঙ্গানুবাদ ও ব্যাখ্যা পড়ার পরামর্শ দেন।

ক. কে সর্বপ্রথম সম্পত্তিতে নারীদের অধিকার প্রতিষ্ঠা করেছেন? ১
খ. 'মায়ের পদতলে সন্তানের বেহেশত'– বুঝিয়ে বল। ২
গ. অনুফার চিন্তা-চেতনায় কী ফুটে উঠেছে? কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. নারীর অধিকার রক্ষায় অনুফার সত্যিকারের ভূমিকা কী হওয়া উচিত বলে মনে কর? মতামত দাও। ৪

৯ ▸



ক. ব্যবহারিক বিবেচনায় আখলাক কী? ১
খ. আখলাকে হামিদাকে শ্রেষ্ঠ সম্পদ বলা হয় কেন? ২
গ. ছকচিত্রের ফলাফলে যা উল্লেখ করা হয়েছে, আমরা কীভাবে তা অর্জন করতে পারি? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকচিত্রের গ্রহণযোগ্য বিষয়টির গুরুত্ব কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ করোনা অতিমারির পরবর্তী সময়ে বেকারত্ব বৈশ্বিক মন্দা, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণে চুরি, ছিনতাইসহ নানান অনৈতিক কাজের ব্যাপক প্রসার ঘটেছে। এগুলো দমনের লক্ষ্যে দেশের কয়েকজন যুবক ঐক্যবদ্ধ হয়ে একটি সংঘ গঠন করেন এবং বেশকিছু কর্মসূচি গ্রহণ করেন। এসব কর্মসূচি বাস্তবায়নে অল্প সময়ের মধ্যে দেশটিতে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হবেবলে আশা করা হয়।

ক. মাইসারা কে ছিলেন? ১
খ. হযরত মুহাম্মদ (স.) কে 'আল-আমিন' বলা হতো কেন? ২
গ. উদ্দীপকের বর্ণিত সংঘের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মতো উক্ত সংঘের কর্মসূচিগুলোও ছিল শান্তি প্রতিষ্ঠার অনুকরণীয় আদর্শ– পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

১১ ▸ দশম শ্রেণির ক্লাসে ইসলাম শিক্ষার শিক্ষক আব্দুর রহিম মুসলমানদের অতীত ঐতিহ্যের কথা বর্ণনা করতে গিয়ে তিনি এমন দুইজন মনীষীর কথা উল্লেখ করেন যার একজন 'আমিরুল মুমিনুন ফিল হাদিস' হিসেবে খ্যাত। আর অপরজনকে শল্য চিকিৎসার দিশারি মনে করা হয়।

ক. ইমাম বুখারি (র.)-এর মূল নাম কী? ১
খ. ইমাম আবু হানিফা (র.) কে ফিকহ শাস্ত্রের উদ্ভাবক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম মনীষী কে? তার জ্ঞান অর্জন সম্পর্কে লেখ। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় ব্যক্তি চিকিৎসা শাস্ত্রে যে অবদান রেখেছেন তা বিশ্লেষণ কর। ৪